उञ्जितितक - उञ्जम्ब - আज्ञाश्रम्ब

শ্রুতি-পঞ্চরাত্রাদি সনাতন শাস্ত্র-প্রতিপাদিত নিখিল তত্ত্বস্তু সম্বন্ধীয় বিস্তৃত ব্যাখ্যান

শ্রীশ্রীচৈতন্য-পঞ্চশতষঢ়বিংশবার্ষিকী প্রকাশন

গ্রন্থ রচয়িতা শ্রীরূপানুগ আচার্য্য-প্রবর সচিচদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর

> বর্ত্তমান সংস্করণের সম্পাদক শ্রী অমৃতানন্দ ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয় মঠ চেতলা, কলিকাতা-৭০০ ০২৭ প্রকাশকঃ —শ্রী অমৃতানন্দ ব্রন্মচারী শ্রীগৌড়ীয়মঠ, ২৯এ/১, চেতলা সেন্ট্রাল রোড, কলিকাতা-৭০০০২৭।

মুদ্রণ-ব্যবস্থাপকঃ—শ্রী অমৃতানন্দ ব্রহ্মচারী
মুদ্রণালয়ঃ—ক্যালকাটা আর্ট স্টুডিয়ো (প্রাঃ) লিমিটেড
১৮৫/১ বি. বি. গাঙ্গুলি স্ট্রিট
কলিকাতা—১২

প্রথম প্রকাশন-তিথিঃ—শ্রীশ্রীরাস-পূর্ণিমা, ৩০শে দামোদর ৪৯৯ শ্রীগৌরাব্দ, ২৭.১১.১৯৮৫ খৃষ্টাব্দ। দ্বিতীয় প্রকাশন-তিথিঃ—অক্ষয় তৃতীয়া, ২৯শে বৈশাখ ১৪২০। ১৩.০৫.২০১৩ খৃষ্টাব্দ শ্রীগৌরাব্দ - ৫২৬

RENG ROWS COLD TO BE WANTED IN

উপক্রমণিকা

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দ নামিনে। গৌর শক্তি স্বরূপায় রূপানুগ বরায় তে॥

অস্মদীয় পরমারাধ্য শ্রীগুরুদেব শ্রীচৈতন্যমঠ ও তৎশাখা শ্রীগৌড়ীয়মঠ-সমূহের ভূতপূর্ব আচার্য্য ও অধ্যক্ষ—নিত্যলীলা প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রী মদ্যক্তিবিলাস তীর্থ গোস্বামী মহারাজের শ্রীচরণ, তথা বৈষণ্ডবগণের ও শ্রীশ্রীরাধা গোবিন্দের চরণারবিন্দ স্মরণপূর্বক সহাদয় পাঠকগণের নিকটে দু' একটি কথা নিবেদন করি।

বর্ত্তমান সংস্করণে প্রকাশিত এই গ্রন্থত্রয় শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের পরমার্থানুভূতি-সম্পন্ন তাত্ত্বিক গ্রন্থসমূহের মধ্যে অন্যতম। এই তিন গ্রন্থে বিচারিত বিষয়-বস্তুর মধ্যে পরস্পর সামঞ্জস্য এবং তাৎপর্যেক্য থাকায় ইহা একত্রিত করিয়া প্রকাশ করিলাম। ইহার অনুশীলন দ্বারা, মননশীল পাঠকগণ পরমার্থ বিষয়ে— প্রবেশ, পরিচয় এবং পাণ্ডিত্য লাভ করিতে পারেন। তত্ত্বস্তুকে তত্ত্বতঃ না জানিলে পরতত্ত্বানুভূতি লাভ হয় না। শ্রীল কৃষণাস কবিরাজ গোস্বামীর ভাষায়, ''সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস, ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস।'' জড় ও পরমার্থের পরস্পর বৈলক্ষণ্য হেতু, বর্ত্তমান জগতে সাধারণ মানবগণ ধর্মানুশীলন করিতে যাইয়া বহুভাগই অপধর্ম, উপধর্ম, ছলধর্ম ইত্যাদি দ্বারা কবলীকৃত হয়। শ্রীচৈতন্যচন্দ্রের কৃপাপ্রাপ্ত ব্যক্তিই এই সকল বিধর্মের হস্ত হইতে নিস্তার প্রাপ্ত হইয়া আত্মধর্মের আনন্দালোক লাভ করে। সুকৃতি ব্যতিত ভগবদ্ধিশ্বাসের উদয় হয় না। শ্রীভগবান্ গীতায় বলিয়াছেন,— ''হে অর্জুন, দৃদ্ধৃতি ব্যক্তিগণ আমাতে শরণাগত হয় না।'' অতএব সুকৃতিমান ভগবদ্ধিশাসী পুরুষই এই গ্রন্থের অধিকারী। শ্রীলভক্তিবিনোদ ঠাকুরের ভাষায়, 'সারগ্রাহী' না হইলে পরমার্থকথা বোধগম্য হয় না।

'তত্ত্বিবেক' নামক প্রথম গ্রন্থে শ্রীল ঠাকুর, স্বদেশে এবং বিদেশে প্রচলিত বিভিন্ন মত বাদ-সমূহের সংক্ষিপ্ত বিচার-প্রণালী প্রদর্শন করিয়া সেইগুলির দোষগুণ সম্বন্ধে এবং পরমার্থ-বিষয়ে সেই সকলের যথাযথ প্রয়োজনীয়তা সম্বন্ধে আলোচনা করিয়াছেন। ইহাতে আরও প্রদর্শিত হইয়াছে,—মনোধর্মমূলক মতবাদসমূহের নিরর্থকতা, আত্মানাত্ম-বিবেক, আত্মধর্মের অবিচ্ছিন্নতা, আত্মানুভূতির সাধনপ্রণালী, মুক্ত আত্মার অবস্থিতি, স্বতঃসিদ্ধ-জ্ঞান মূলক নিরপেক্ষ বিচার ইত্যাদি। এই গ্রন্থকে বলা যায়, 'পরমার্থ পথ

প্রবেশিকা'। দ্বিতীয় গ্রন্থ 'তত্ত্বসূত্র' পঞ্চ প্রকরণে বিভক্ত পঞ্চাশৎ সূত্র সমন্বিত রচনা। ইহাতে পরতত্ত্ব, চিৎপদার্থ, অচিৎপদার্থ, সম্বন্ধতত্ত্ব এবং শাস্ত্র সিদ্ধান্ত নামক প্রকরণের প্রত্যেক সূত্র শ্রুতি-স্মৃতি পুরাণাদি শাস্ত্র-প্রমাণ দ্বারা স্থাপন করিয়া শ্রীল ঠাকুর মহাশয় পাণ্ডিত্যপূর্ণ সরস ব্যাখ্যাদ্বারা তাহা সকলের সহজ্ববোধ্য করিয়াছেন। ইহার অনুশীলনদ্বারা পাঠকগণ পরমার্থ বিজ্ঞান সম্বন্ধে সুদৃঢ় জ্ঞান লাভ করিবেন। তৃতীয় গ্রন্থ আম্বায়সূত্রে ঠাকুর মহাশয় ষোড়শ প্রকরণ সমন্বিত ১৩০ সূত্র রচনা করিয়া সমগ্র শ্রুতিশাস্ত্র তাৎপর্য্য দ্বারা প্রতিপাদিত্য অচিস্ত্য-ভেদাভেদ বিচার সম্মত সম্বন্ধ, অভিধয়ে ও প্রয়োজনত্ত্ব স্থাপন করিয়া পরমার্থ সাধকগণের বিশেষ উপকার করিয়াছেন। অস্তপ্রকার প্রমাণ, বেদার্থ নির্ণয়ের জন্য প্রযুক্ত ষড়্বিধ লিঙ্গ এবং বেদবাক্যের অভিধাবৃত্তি অবলম্বনে বিরচিত এই গ্রন্থ ভজনরাজ্যের এক অমূল্য সম্পত্তি। গ্রন্থ পরিচয় সম্বন্ধে এখানে আর অধিক কিছু লিখিলাম না। পাঠক মহাশয়গণ সাবহিত চিত্তে গ্রন্থ সাহিত্যের আস্বাদন কর্ত্বন।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর খৃষ্টাব্দ ১৮৩৮ হইতে ১৯১৪ পর্যন্ত ইহজগতে প্রকট ছিলেন। নদীয়া জেলার বীরনগরে উলা গ্রামে তিনি গোবিন্দপুরের আঢ্য জমীদার বংশে জন্মগ্রহণ করেন। সামাজিক জীবনে তিনি ইংরেজ সরকারের উচ্চপদস্ত কর্মী এবং অনেক সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সদস্য ছিলেন। বাস্তববাদী, নিভীক, নিরপেক্ষ এবং তত্ত্বদর্শী ঠাকুর মহাশয় ভগবান শ্রীচৈতন্যদেবের অন্তরঙ্গ পার্যদর্রপে নিখিল লোক-হিতকারী ছিলেন। বহু ব্যস্ততাপূর্ণ কার্য জীবনের মধ্যেও তাঁহার নিষ্ঠাযুক্ত ভজন সাধন, গৌড়ীয় বৈষ্ণবধর্মের পদ্য গদ্যময় বিপুল ভক্তিগ্রন্থসমূহ প্রণয়ন, আদর্শ গৃহস্থা শ্রম ও ত্যক্তগৃহাশ্রম যাপন, শ্রীগৌরাঙ্গ চরণে অসীম নিষ্ঠা—এই সকল বিষয়ের পরিশীলনদ্বারা শ্রীল ঠাকুর মহাশয়কে অতিমর্ত্য মহাপুরুষ বলিয়া জানা যায়।

ঠাকুর মহাশয়ের রচিত অন্যান্য গ্রন্থসমূহের মধ্যে শ্রীহরিনাম চিন্তামণি, শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা, শ্রীচৈতন্য শিক্ষামৃত, জৈবধর্ম, ভজন রহস্য, শ্রীকৃষ্ণসংহিতা, শ্রীভাগবতার্কমরীচিমালা, শ্রী চৈতন্য চরিতামৃতের অমৃতাপ্রবাহ ভাষ্য, শ্রীমন্তাগবদগীতার বিদ্ধদ্রঞ্জন ও রসিকরঞ্জন ভাষ্যদ্বয়—এই সকল বিশেষ উল্লেখযোগ্য। উনবিংশ শতাব্দিতে যখন শ্রীচৈতন্যদেবের প্রবর্তিত নির্মল বৈষ্ণবধর্ম বিভিন্ন অপসম্প্রদায়দ্বারা বিকৃতরূপে গৃহীত, আচরিত এবং প্রচারিত হইতেছিল; ইত্যবসরে তিনি জগতে প্রকট হইয়া, পুরাকালে ভগীরথ মহারাজের গঙ্গা আনয়নের ন্যায় শ্রীমন্মহাপ্রভুর অবদানরূপ শুদ্ধভক্তি ধর্ম পুনরায় ইহজগতে অবতরিত করাইলেন। আজ আমরা শ্রীল ঠাকুরের কৃতিত্বের মাধ্যমে শ্রীমন্মহাপ্রভুর অশেষ কৃপা প্রাপ্ত হই। আশা করি, তাঁহার প্রণীত এই গ্রন্থরাজি বহুকাল পর্যন্ত পরমার্থের আলোকস্বরূপে ইহজগতে বিরাজ করিয়া সংসার সাগরে জর্জরিত জীবগণকে অমৃতত্বের সন্ধান প্রদান করিয়া উদ্ধার করিবে।

পরমার্থতত্ত্বের প্রকৃত মর্ম প্রকৃষ্টরূপে জানিবার জন্য সুযোগ্য পথ-প্রদর্শকের অবলম্বনের প্রয়োজন আছে, ইহাকেই সাধুসঙ্গ বলা যায়। সৎপুরুষের অভাব ও দুষ্প্রবৃত্তির প্রাচুর্যের ফলে জনসাধারণের পক্ষে উপযুক্ত সাধুসঙ্গ কিন্তু দুর্লভ হয়। সুসিদ্ধান্তপূর্ণ সদ্গ্রন্থের সাহায্যে এই ন্যূনতা কিছু অংশে নিবারণ করা যায়। পরমার্থের আলোক-প্রদায়ক গ্রন্থের সুষ্ঠু অনুশীলন দ্বারা গ্রন্থকর্তার বিচার হৃদয়ঙ্গম করিতে পারিলে পরোক্ষভাবে গ্রন্থকর্ত্তা-সাধুর সঙ্গ লাভ হয়; এবং এই সঙ্গের ফলে কৃতী পাঠকের চিত্ত ভগবদুন্মুখ হয়। আশা করা যায়, কালজয়ী সনাতন ধর্মের সার সর্বস্বদ্বারা রচিত এই তত্ত্বগ্রন্থের অনুশীলনের ফলে সরলহৃদয় শ্রদ্ধাবান্ পাঠকগণের পারমার্থিক উন্নতি, ভগবদ্ভক্তগণের প্রীতি এবং অনুসন্ধিৎসুগণের সৎসন্ধান—এই সকল লাভ হইবে।

ভগবদ্ধক্তি নিত্যসিদ্ধা বৃত্তি এবং ইহা শুদ্ধ জীবাত্মার স্বাভাবিকী প্রবৃত্তি। কোনরূপ কৃত্রিম উপায়দ্বারা তাহাকে উদয় করান যায় না। আত্মার ভক্তিবৃত্তিকে জাগরিত করিবার প্রকৃত বিধান এই গ্রন্থসমূহে বিশদরূপে ব্যাখ্যাত হইয়াছে; পাঠক মহাশয়গণ তাহা বিচার সহকারে অনুশীলন করুন। পাঠকগণের নিকট বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন নাস্তিক্য ও ধর্ম্মান্ধতা, বিষয়বৃদ্ধি ও শুদ্ধবৈরাগ্য, বন্ধ্যাতর্ক ও জড়-ভাবুকতা—এই সকল নিরর্থক দম্ব হইতে মুক্ত থাকিয়া কৃষ্ণভক্তিরসভাবিত সুমতি লাভ করেন। অসৎসঙ্গত্যাগ ও সৎসঙ্গগ্রহণ রূপে সদাচারের মাধ্যমেই পারমার্থিক অনুষ্ঠানসকল সুফল প্রদান করিবে।

আমার পূজনীয় গুরুবর্গের অন্যতম শ্রীমদ্ধক্তিকঙ্কণ তপস্বী মহারাজ এই গ্রন্থপ্রকাশে উৎসাহ এবং সহানুভূতি প্রদান করিয়া বলিলেন,—শ্রীল প্রভুপাদের শ্রীমুখে গুনিয়াছি যে নৃতন নৃতন মঠাদি স্থাপন করিবার অপেক্ষা ভক্তিগ্রন্থের প্রচার অধিক মহৎকার্য।' প্রভুপাদ শ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরও শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের উপদেশ উল্লেখ করিয়া তাঁহার পত্রাবলীতে লিখিয়াছেন,—''মুদ্রাযন্ত্র স্থাপন, ভক্তিগ্রন্থের প্রচার ও নাম হট্টের প্রচার দ্বারাই শ্রীমায়াপুরের প্রকৃত সেবা হইবে।'' শ্রীল সরস্বতী ঠাকুরের লেখনী-নিঃসৃত এই ভক্তিবিনোদ বাণীদ্বারা উৎসাহিত হইয়া, নিজে অবাঙ্গালী হইয়াও এই দুষ্প্রাপ্য ও অমূল্য গ্রন্থত্রয় সম্পাদনের এবং পুনঃপ্রকাশের দুঃসাহসে কৃতসঙ্কল্প হইলাম। 'ভক্তিবিনোদবাণী কখনই রুদ্ধ হইবে না।' এই 'ভক্তিসিদ্ধান্ত' বাণী এস্থলে স্মরণ করি।

গ্রন্থ প্রকাশনের অদম্য ইচ্ছা আমার অসম্যক অভিজ্ঞতাকেই সম্বল করিয়া অগ্রসর হইলাম। মদ্রদেশীয় শ্রীগৌড়ীয়মঠে অবস্থানকালে অর্থাৎ প্রায় ছয় বৎসর পূর্বের্ব এই গ্রন্থবয় ইংরেজী ভাষায় অনুবাদ করিয়া প্রকাশ করিয়াছিলাম। তৎকাল হইতেই ইহা বঙ্গভাষায় প্রকাশ করিবার অভিলাষ হাদয়ে পোষণ করিতেছিলাম; ভগবদিচ্ছায় তাহা অধুনা সফল হইল। বঙ্গভাষায় এই দার্শনিক গ্রন্থ যেভাবে হাদয়ঙ্গম করা যায়, তদুপ ইংরাজী ভাষায় তাহা সম্ভব হয় না। পাঠকগণের সুবিধা, নিজের অনুশীলন এবং গ্রন্থোপ্রযোগের বৃদ্ধার্থ এই সংস্করণে যথামতি কিছু অংশ অধিকরূপে সংযোজিত করিলাম। তত্ত্ববিবেকের 'বিবেকাঞ্জলি' নামক তাৎপর্য্য, তত্ত্বসূত্রের শ্লোকসমূহের ও সংস্কৃতি ব্যাখ্যার বঙ্গানুবাদ, এবং আন্নায়সূত্রের ভাষ্যের বঙ্গানুবাদ,—এই সকল মূলগ্রন্থের সহিত এই সংস্করণে প্রদন্ত হইল। ইহাতে কতটুকু সাফল্য লাভ করিয়াছি জানি না। কোনপ্রকার দোষ-ক্রটি থাকিলে গুণগ্রাহী পাঠকগণ নিজগুণে মার্জ্জনা করিয়া লইবেন।

শ্রীমন্তাগবতে দেবর্ষি শ্রীমন্নারদ বলিয়াছেন, 'তৎকর্ম্ম হরিতোষং যৎ; সা বিদ্যা তন্মতির্যয়া!' অর্থাৎ শ্রীহরির প্রীতিমূলক কর্মই জীবের উপযুক্ত কর্ম্ম এবং শ্রীহরিতে জীবগণের মতি যাহাতে আসক্ত হয়, তাহাই প্রকৃত বিদ্যা। এই গ্রন্থসমূহের প্রতিলিপিকরণ, বিবরণ, অনুবাদকরণ, মুদ্রণের ব্যবস্থা, গ্রন্থপ্রতীকরণের কার্যাদিসকল স্বহস্তে নির্বাহ করিয়া নারদ মহর্ষি প্রোক্ত কর্ম জ্ঞানাদির কিঞ্চিৎ অনুশীলন করিয়াছি। বৈষ্ণবশাস্ত্র-মাহাত্ম্য সম্বন্ধে স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ সংবাদে দৃষ্ট হয়,—'হে বিপেন্দ্র সর্ব প্রয়ত্ম্বারা বৈষবশাস্ত্র সংগ্রহ করা শ্রেয়ঃকামী মানবগরের কর্তব্য। চক্রপাণি শ্রীহরির তুষ্ট্যর্থ এই সকল সনাতন শাস্ত্র সংগ্রহ করিয়া অনুশীলন করিবে।........' বহুদিনের পরে এই অমূল্য গ্রন্থত্রয় শ্রীহরি গুরু বৈষণ্ণব কৃপায় এইভাবে ভগবান শ্রীচৈতন্যদেবের পঞ্চশততম আবির্ভাবোৎসবের স্মারকরূপে জগতে আত্মপ্রকাশ করিয়াছেন। পরমার্থলিপ্সু সজ্জনগণ ইহার অনুশীলন করুন। নাস্তিক্যবাদ, জড়বাদ, সন্দেহবাদ, মায়াবাদ ইত্যাদি অনাত্মধর্মের কবল হইতে জগদ্বাসিগণ মুক্তি লাভ করিয়া শ্রীকৃষণ্ডক্তি-মন্দাকিনীর মঙ্গলময় সারিধ্য লাভ করুন।

মাদৃশ-দূবর্বলচিত্ত ও পারমার্থিক বলহীন পতিত ব্যক্তির অভিলাষ সকল কেবল আকাশ কুসুমের ন্যায় নিরর্থক হওয়া স্বাভাবিক। কার্য্যারম্ভের পরে অনুভব করিলাম, বামুনের চাঁদ ধরিবার প্রয়াসের ন্যায়, এবংবিধ বৃহৎকার্যে উদ্যত হওয়া আমার পক্ষে কতই না অসঙ্গত! 'শ্রেয়াংসি বহু বিদ্বানি' এই কবিবাক্য পদে পদে স্মরণ করি। খ্রীল প্রবোধানন্দ সরস্বতিপাদের ভাষায়,— 'খ্রীভক্তি-মার্গ ইহ কোটি কন্টকরুদ্ধঃ। সুতরাং আমার সর্ববিধ প্রচেষ্টা সত্ত্বেও গ্রন্থ প্রস্ততীকরণার্থ অনেক বিদ্নের সন্মুখীন হইতে হয়। 'বলহীনের বল বলরাম'—এই কথাকে ভরসা করিয়া আমার কর্ত্ব্য পরিপালন করিলাম। ভগবান্ যেহেতু দীন ব্যক্তির প্রতি অধিক দয়াশীল, করুণাময়ের করুণাই আমার চরম সম্বল।

যাহাই হউক, নানা বিঘ্নের মধ্যেও আমার পক্ষে অঘটিত ঘটনারূপ এই গ্রন্থপ্রকাশ কার্য সম্পন্ন হওয়া কেবল শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আন্তরিক ইচ্ছা এবং শ্রীশ্রীগৌহরির অহৈতুকী কৃপা ব্যতীত অন্য কিছুই নহে।

শ্রীল ভক্তিকঙ্কন তপস্বী মহারাজ, শ্রীপাদ ভক্তিকমল পদ্মনাভ মহারাজ, শ্রীভক্তিমলয় গিরি মহারাজ, শ্রী অসীমকৃষ্ণ ব্রহ্মচারী, শ্রীমধুরকৃষ্ণ দাসাধিকারী, শ্রীনিরঞ্জন মণ্ডল, শ্রীমতি যোগামায়া মজুমদার, শ্রীমতি হেমলতা বিশ্বাস এবং শ্রীমতি বিভা পাল যদি উৎসাহ ও অর্থ ইত্যাদি দ্বারা সাহায্য না করিতেন, তাহা হইলে এই গ্রন্থ-প্রকাশের সঙ্কল্প কেবল স্বপ্নরূপেই থাকিত। শ্রীমন্তক্তিসৌরভ আচার্য মহারাজ ও শ্রীঅপ্রাকৃত ব্রহ্মচারীর সহানুভূতি ও সময়োচিত সাহায্যদির জন্য তাহাদের নিকটও আমি ঋণী। মুদ্রণের হরফ ও মুদ্রণালয়ের অন্যান্য ব্যবস্থা দ্বারা সাহায্য করিয়াছেন শ্রীঅমৃতানন্দ ব্রহ্মচারী। ক্যালকাটা আর্ট স্টুডিয়োর কর্মিগণ এই গ্রন্থের মুদ্রণকার্য সম্পন্ন করিয়াছেন। অধিকিন্তু এই গ্রন্থ প্রকাশনে যাঁহারা কায়-মনোবাক্যে সহানুভূতি প্রদর্শন করিয়াছেন, সেই সকল ভক্তগণের প্রতি আমি চির-কৃতজ্ঞতা জ্ঞাপন করি।


সর্বশেষে শ্রীহরিনামপরায়ণ ভজনানন্দী বৈষ্ণবগণের শ্রীচরণে সকাতর নিবেদন এই যে, তাঁহারা এই গ্রন্থের অনুশীলন করিয়া তাঁহাদের কিঞ্চিৎ কৃপা এই অধ্যের প্রতি সিঞ্চন করুন; তাহা হইলেই আমার এই পরিশ্রম সফল হইল মনে করি।

শ্রীশ্রীকৃষ্ণের মাঘী-পূর্ণিমা তিথি শ্রীগৌড়ীয়মঠ, চেতলা, কলিকাতা-৭০০ ০২৭ শ্রী অমৃতানন্দ ব্রহ্মচারী তারিখ—১৩ই ফাল্পুন ১৪১৯ ইং ২৫-০২-২০১৩ খৃষ্টাব্দ


প্রকাশকের নিবেদন

আমার গুরুলাতা শ্রীপাদ নরসিংহ ব্রহ্মচারী সুদূর দাক্ষিণাত্যের কর্ণাটক প্রদেশে জন্মগ্রহণ করে শ্রীগুরুসেবার অদম্য উৎসাহ নিয়ে বাংলা ভাষায় অনভিজ্ঞ হয়েও এরূপ প্রাঞ্জল ভাষায় এত কঠিন তত্ত্বপূর্ণ পুস্তক সম্পাদনা করিতে পারিবেন তাহা আমাদের কল্পনাতীত ছিল। তাঁহার এই মেধাকে সকল পাঠকই ভূয়ষী প্রশংসা না করিয়া পারিবেন না। তিনি ইতিপূর্বে এই তিনটি পুস্তকের ইংরাজী অনুবাদ করে শ্রীগৌড়ীয়মঠ মাদ্রাজ হইতে প্রকাশ করে সংবাদ পত্রে বহু প্রশংসা ভাজন হইয়াছেন। তাঁহার এই নিরলস সেবা শ্রীগুরুবিষ্ণবেগণ গ্রহণ করে তাঁহাকে প্রচুর আশীর্বাদ করিবেন।

ইতি— শ্রী অমৃতানন্দ ব্রহ্মচারী



শ্রীশ্রীসারস্বত গৌড়ীয় বৈষ্ণবগণের পরমারাধ্য উপাস্য শ্রীশ্রীগুরু গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারী জিউ শ্রীধাম মায়াপুরে শ্রীচৈতন্যমঠের শ্রীবিগ্রহগণ



শীযুগল চরণের চিহুমমূহ

(শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর কৃত 'শ্রীরূপচিন্তামণি' হইতে উদ্ধৃত)

শ্ৰীমতি রাধিকার চরণচিহ্ন

হ্বারি ধবজ বল্লিপুষ্পবলয়ান পদ্মোদ্ধরেথাকুশা নর্মেন্দুং চ যবং চ বামননু যা শক্তিং গদা স্যন্দনম্। বেদী কুগুল মহস্য পর্বত দরং ধত্তেহ্বসব্যং পদং তাং রাধাং চিরমুনবিংশতি মহালক্ষ্যাচিতান্ডিঘ্রং ভজে ॥ ২॥ অরে মনশ্চিগুয় রাধিকায়া বামে পদেইক্ষুঠতলে যবারী। প্রদোশনী সন্ধিভাগুধর্বরেখামাকুম্বি হামাচরণাধর্মেব॥ ২৩॥ মধ্যাতলেহজ ধবজ পুষ্প বল্লীঃ কনিষ্ঠিকাধোকুকমেব। চক্রস্য মূলে বলয়া তপত্রে পাস্বৌত্র চন্দ্র্যনিথান্য পাদো॥ ২৪॥ পাস্বৌ বাযং স্যন্দন শৈলমুম্বে তৎপার্শরো শক্তিপদে চ শঙ্কাম্। অক্সুঠমুলেহথ কনিষ্টিকাধো বেদী মধঃ কুগুলমেব তস্যাঃ॥ ২৫॥

শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রের চরণচিহ্ন

চন্দ্রাথং ত্রিকোণধনুয়ীং ঘং গোষ্পদং প্রোঙ্গিকাং শছাং সরাপদেহথ দক্ষিণপদে কোণামকং স্বাস্তিকম্। চক্রম ছত্র যবাঙ্কুশং ধবজ পবী জম্বুধ্রেখামুজ্জং বিভাণং হরিমুনবিংশতি মহালক্ষ্মাচিতাশ্বিং ভজে॥১॥ অথাঙ্গুষ্ঠমূলে যবার্যাতপত্রং তনুং তর্জনীসন্ধিভাগুর্ধরোম্। পদার্থাবিধং কুঞ্চিতাং মধ্যমাধোহমুজং তন্তলস্থং ধ্বজং সংপতাকম্॥৯॥ কনিষ্ঠাতলে ত্বন্ধুং বক্তনেয়াং তলে স্বস্তিকালাং চতুষ্কং চতুভিঃ। যুতং জম্বুভির্মপ্রভাতান্তিকোণং মনো মে স্বরং শ্রীহরেদ্কিণাশ্ব্রো॥১০॥ প্রবিষন্মধ্যমাধঃ স্বরাঙ্গুমূলে দরং তদ্দুয়াধো ধনুর্জ্য বিহীনম্। ততো গোষ্পদং তন্তনে তু ত্রিকোনং চতুষ্কুম্ভ মর্পেন্মনৌ চ বামে॥১১॥

শ্ৰীশ্ৰী ভগবচ্চরণারবিন্দের প্রশস্তি

অ্য বক পূতনারে কৈল মোচন। ভজ ভজ সেই নন্দনন্দন চরণ॥ পুত্রবুদ্ধি ছাড়ি অজামিল সে শ্বরণে। চলিলা বৈকুষ্ঠ, ভজ সে কৃষ্ণ চরণে॥ যাঁহার চরণ সেবি' শিব দিগম্বর। যে চরণ সেবিবারে লক্ষ্মীর আদর॥ অনন্ত যে চরণ মহিমা গুণ গায়। দঙ্গে তৃণ করি' ভজ হেন কৃষ্ণ পা'য়॥

বল কৃষ্ণঃ , ভজ কৃষ্ণঃ, শুন কৃষ্ণনাম। অহনিশ শ্রীকৃষ্ণচরণ করা ধ্যান॥ যাঁহার চরণে দুর্ব্বা জল দিলে মাত্র। কভূনহে যমের সে অধিকার পাত্র॥ ভাঁর সেবা বিনা জীবের না যায় সংসার। তাঁহার চরণে প্রীতি পুরুষার্থসার কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ প্রাণ ধন। চরণে ধরিয়া বলি,—'কৃষ্ণে দেহ' মন 

শ্রীচৈতন্যদেবের আবির্ভাবস্থান শ্রীনবদ্বীপ মায়াপুরে শ্রীযোগপীঠ শ্রীমন্দির

শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্যদেবের আবির্ভাব স্থান শ্রীধাম মায়াপুরে শ্রীচৈতন্যমঠ এবং তৎশাখা শ্রীগৌড়ীয়মঠ-সমূহের প্রতিষ্ঠাতা

নিত্যলীলাপ্রবিষ্ঠ প্রভুপাদ শ্রীমন্তক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী— ঠাকুরের প্রিয়পার্ষদ

ওঁ বিষ্ণুপাদ শ্রীমন্ডক্তিবিলাস তীর্থ গোস্বামী মহারাজের পবিত্র স্মৃতির উদ্দেশ্যে

এই গ্রন্থরত্ন-সমূহ

মায়াপুর শ্রীচৈতন্য মঠের বর্ত্তমান মঠাচার্য্য ত্রিদণ্ডীস্বামী শ্রীভক্তি প্রজ্ঞান যতি মহারাজের করকমলে

ভক্তিপূৰ্ব্বক সমৰ্পিত হইল।

বিষয়-সূচী তত্ত্ববিবেক

বিষয়	শ্লোক সংখ্যা	পৃষ্ঠান্ধ
১। সদনুশীলনম্	<u>></u>	5—80
২। চিদানুশীলনম্	>> @	85-66
	তত্ত্বসূত্র	
১। তত্ত্ব প্রকরণম্	5-50	@9—9b
২। চিৎ পদার্থ প্রকরণম্	\$\$ \$0	93-39
৩। অচিৎ পদার্থ প্রকরণম্	25-00	89-558
৪। সম্বন্ধ প্রকরণম্	95-80	>>>=>>>
৫। সিদ্ধান্ত প্রকরণম্	85-60	385-598
	আমায়সূত্র	
১। শক্তিমতত্ত্ব প্রকরণম্	১ —გ	398-353
২। শক্তি প্রকরণম্	٥٥>٤	362-360
৩। স্বরূপ প্রকরণম্	30-30	>>0->>b
৪। ধাম প্রকরণম্	₹\$—₹8	266-790
৫। বহিরঙ্গ-মায়া-বৈভব প্রকরণম্	२৫—२5	>>>>>8
৬। জীবতত্ত্ব প্রকরণম্	00-80	\$\$8200
৭। জীবগতি প্রকরণম্	85-60	२०১—२०१
৮। অভিধেয় নির্ণয় প্রকরণম্	45-44	202-255
৯। সাধন প্রকরণম্	&&90	২১১— ২২০
১০। সাধন পরিপাক প্রকরণম্	93-96	220-226
১১। ভজনক্রম প্রকরণম্	96-92	<u> </u>
১২। প্রয়োজন নির্ণয় প্রকরণম্	bo—p8	২২৯—২৩৩
১৩। স্থায়ীভাব প্রকরণম্	৮৫-১৩	२७७—२०४
১৪। রস প্রকরণম্	\$8-500	২৩৮—২৪৪
১৫। রসাস্বাদন প্রকরণম্	১০৪—১১৩	₹8৫—₹৫0
১৬। সম্পত্তি প্রকরণম্	>>8>00	২৫১—২৬৪



শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর

— গ্রন্থ রচয়িতা —

আবির্ভাব—১৮৩৮ খৃষ্টাব্দ তিরোভাব—১৯১৪ খৃষ্টাব্দ

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীব্রন্ম-মাধ্ব-গৌড়ীয় বৈষ্ণবাচার্যবর্ষ্য শ্রীল সচিচদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর কর্ত্তৃক বিরচিত

थी य मा सा रा भूव

?@\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$?\$\$

শৌত পরম্পরা-প্রাপ্ত শাস্ত্রসার সিদ্ধান্তগুচ্ছ অচিন্ত্য ভেদাভেদ বিচার-সম্মত এবং সবর্বশ্রেষ্ঠ সম্বন্ধভিধেয়-প্রয়োজন প্রতিপাদক গ্রন্থরাজ ভজন জীবনের আধার, আশ্রয় এবং আলোকস্বরূপ ত্রিংশোত্তর-শত সূত্র সমন্বিত প্রকরণ যোড়শক।

श्री समाञ्चा स्वास्

শ্রীশ্রীগোক্তমচন্দ্রায় নমঃ

সম্বন্ধতত্ত্ব নিরাপণম্

শক্তিমত্তবু নিরূপণম্

ওঁ হরিঃ।। অথাত আন্ধায়সূত্রং প্রবক্ষ্যামঃ।। হরিঃ ওঁ।। ১।।

ওঁনমঃ সচিচদাননদমূর্তয়ে॥ ওঁতংসং॥ হরিঃওঁ॥

নকা শ্রীষ্ণতৈত তাং জগদাচার্যবিগ্রহন্। কেন ভক্তি বিনোদেন বৈষ্ণবানাং প্রসাদতঃ ॥
প্রমাণৈরস্তীভঃ ষড্ভিলিঙ্গৈর্বেদার্থনির্ণয়ন্ন্, অভিধাবৃত্তিমাশ্রিত্য শব্দানাঞ্চ বিশেষতঃ ॥
ক্রিংশোত্তর শতং সূত্রং রচিতং মহদাজ্ঞয়া। পঠন্ত বৈষ্ণবাঃ সর্বে চৈত্ত্যপদসেবিনঃ ইতি ॥ ১ ॥
সর্বশাস্ত্র আলোচনাপূর্বক এবং শ্রুতিপ্রমাণকে সর্ব্বোত্তম জ্ঞান করিয়া আমরা শ্রীআমায়সূত্র
বলিতেছি।

জগতের আচার্যবিগ্রহম্বরপ শ্রীকৃষ্ণ চৈত্রচন্দ্রকে প্রণাম করিয়া বৈষ্ণবিদ্যের প্রসাদে ভক্তিবিনোদ উপাধিক কোন ব্যক্তি এই ১৩০ সংখ্যক সূত্র রচনা করিলেন। অপ্তপ্রকার প্রমাণ, বেদার্থনির্ণয়ের জন্ম নির্দিষ্ট ছয় প্রকারের লিঙ্গ অবলম্বন করতঃ সমস্ত বেদবাক্যের অভিধাবৃত্তি আশ্রয়পূর্বক
মহদাজ্ঞাক্রমে ইহা প্রস্তুত করিয়াছেন। শ্রীচৈত্রপদাশ্রিত বৈষ্ণবসকল ইহা সচ্ছন্দে পাঠ কর্কন।
প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, এতিহা, অনুপলির্দ্ধ, অর্থাপত্তি ও সম্ভব এই অস্টবিধ প্রমাণ এবং উপক্রম,
উপসংহার, অভ্যাস, অপূর্বতাফল, অর্থবাদ ও উপপত্তি— এই ছয়টি তাৎপর্য-নির্ণয়ের লিঙ্গ। অভিধা,
লক্ষণা প্রভৃতি শব্দের বৃত্তি। তন্মধ্যে অভিধাবৃত্তিই মুখ্যা। যে স্থলে অভিধা অসম্ভব, সে স্থলে
লক্ষণাদির প্রয়োগ। ॥ ১॥

যাহা দ্বারা কোন বিষয়ে জ্ঞানের উদয় হয়, তাহাই প্রমাণ। প্রমাণ দ্বারাই অর্থোপলবি করিয়া কোন্টী গ্রহণীয়, কোন্টী বা পরিত্যাক্সা, তাহা নির্ণীত হয়। যদিও দশবিধ প্রমাণ প্রচলিত আছে; আমায় স্ত্রকার আর্য ও চেষ্টা এই ত্ইটীর স্বতন্ত্রত্ব অস্বীকার করিয়া প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, ঐতিহ্য, অনুপলবি, অর্থাপত্তি সন্তব—এই অষ্টবিধ প্রমাণ স্বীকার করিয়াছেন। শ্রীবলদেব বিস্থাভূষণও এই অষ্ট প্রকারই স্বীকার করিয়াছেন। প্রত্যক্ষ শব্দের সাধারণ অর্থে, বিষয় সন্ধিকর্ষে ইন্দ্রিয় দারা যে জ্ঞান উৎপন্ন হয়, তাহাই প্রত্যক্ষ। অনুমান অর্থাৎ অনুমিতির কারণ, কোন প্রত্যক্ষ বস্তুর উপর নির্ভর করিয়া তদ্রপ অপ্রত্যক্ষ বস্তুর জ্ঞান, য়ুক্তি বা পরামর্শ দারা মাহা প্রস্তুত হয়। উপমান,—প্রাপ্তির কোন পদার্থের সাদৃশ্য দারা সাধন বা অত্য পদার্থের পরিচয়। শব্দ,—আপ্রবাক্য অথবা ভগবৎ কথিত অপৌক্ষেয় বাক্যসমূহ অথবা স্বতঃসিদ্ধ প্রতায় দারা প্রাপ্ত আত্মজ্ঞান। ঐতিহ্য—প্রচলিত জনশ্রুতিই ঐতিহা; ইহা পরম্পরাক্রমে প্রাপ্ত ইতিহাসাদি জ্ঞান। অনুপলির অথবা অভাব অর্থাৎ দর্শনে অনুপলির মাহা পাওয়া মায় না, তাহার 'অভাব। অর্থাপত্তি— কার্ম বা পরিণানের দর্শন দারা তাহার মূল কারণের বিচার কল্পনা যাহা করা যায়, তাহাই অর্থাপত্তি। সম্ভব—সহস্রের মধ্যে শতের সম্ভাবনাকে সম্ভব বলে।

বেদার্থ নির্ণয়ের পদ্ধতি যথা,--

উপক্রমোপসংহারাবভাাসোহপূর্বতা ফলম্। সর্থবাদোপপত্তীচ লিঙ্কং তাৎপর্য নির্থয় ॥
(প্রাচীন ভাষ্যকারগণ হত গ্লোক)

সূত্রাকারে নিবদ্ধ ব্রহ্মসূত্রাদির তাৎপর্য নির্ণয়ে অন্তরায় বিহীনতার জন্ম প্রাচীন ভাষ্যকারগণ প্রকৃত অর্থ নির্ণয় করিবার জন্য এই প্রকৃষ্ট পন্থা নির্দেশ করিয়াছেন।

বিবেচনাপূর্বক আরম্ভই উপক্রম; যে বিষয় লইয়া গ্রন্থারম্ভ হয়, তাহাকে উপক্রম বলে। গ্রন্থের সমাপ্তি বা যে বিষয়ে গ্রন্থ পর্যবসিত হয়, তাহাকে উপসংহার বলে। উপক্রম ও উপসংহারের মধ্যে সাদৃশ্য থাকা স্বাভাবিক। প্রণিধানযোগ্য বিষয়ের আর্ত্তি বা পুনঃ পুনঃ কথনকে অভ্যাস বলে, যাহা দ্বারা প্রতিপাদিত বিষয় পাঠকের হুদয়ঙ্গম হইতে পারে। অপূর্বর অর্থাৎ যাহা পূর্বের ছিল নাও বর্ণিত বিষয়ের নাবীগুতাই অপূর্বরতা। গ্রন্থের বর্ণিত বিষয়বস্তুটি গ্রন্থ প্রমাণ দ্বারাই বোধগম্য হইয়া অন্যান্য গ্রন্থের তুলনায় নিজের বৈশিষ্টা প্রকাশ করার নাম অপূর্বতা ফল। সাধারণতঃ বৈদিক বিধিবাক্যের তাৎপর্যব্যাখ্যাকে অর্থবাদ বলে। গ্রন্থপ্রতিপান্ত বিষয়ের যে প্রশংসা বা তদিতর বিষয়ের গর্হণকে বলা হয় অর্থবাদ। এই অর্থবাদরূপ উপায় আবার তিন প্রকার যথা,— গুণবাদ, অন্থবাদ ও ভূতার্থবাদ। বিষয়বস্তুর সঙ্গতি, সিদ্ধি অথবা যুক্তিযুক্ততাকে উপপত্তি বলা যায়; অর্থাৎ শাস্ত্রভাৎপর্য বা ব্যাখ্যা সর্বথা যুক্তিযুক্ত এবং গ্রায়সঙ্গত হওয়া চাই।

শন্দবৃত্তি বা শন্দের অর্থপ্রকাশিকা ঘোগ্যতা তিন প্রকার যথা, মুখ্যা (অভিধা), লক্ষণা ও গোণী। মুখ্যাবৃত্তিও আবার রুটি ও যোগা ভেদে দ্বিবিধা। প্রকৃতি প্রত্যায়ের অপেক্ষা না করিয়া যে বৃত্তি শন্দের অর্থবোধ করায়, তাহাই রুটী। যোগ অর্থাৎ যোগা-রুচবৃত্তি, ইহার উদাহরণ যেমন, পদ্ধজ অর্থে পদ্ম। ইহা যৌগিক বৃত্তিতে প্রকৃতি প্রত্যয় নিপ্সন্নার্থ ব্রায়, যেমন 'মুগান্ধ' শন্দে নিশাকর চন্দ্রকে ব্রায়। মুখ্য অর্থের বাধা ঘটিলে লক্ষণাবৃত্তিযোগে শন্দের সহিত সম্বন্ধ রাখিয়া অন্য অর্থ বোধ হয়—যেমন 'গলায় ঘোষ' অর্থে গলাতটে ঘোষ পল্লী। এই লক্ষণাও তিন প্রকার যথা,—জহৎ স্বার্থা, অজহৎ স্বার্থা, জহদজহৎ-স্বার্থা। আর গোণীবৃত্তিতে কথিত অর্থের লক্ষিত গুণ্যুক্ত সাদৃশ্য

বুঝায়, যেমন 'সিংহ দেবদত্ত' বলিলে সিংহের ন্থায় পরাক্রমশালী দেবদত্তকে বুঝায়। যখন অভিধালকণাদি বৃত্তি স্ব স্ব অর্থবাধ করিয়া ক্তর হয়, তখন যে বৃত্তির বলে উদ্দিষ্ট অর্থের বোধ হয়, তাহা ব্যঞ্জনা (বা গুঢার্থরোধিকা) বৃত্তি। এই সকল শব্দবৃত্তিগুলি পদ ও বাক্যন্থ প্রাপ্ত শব্দ-সমূহের অর্থ-প্রকাশে প্রযুক্ত।

প্রাচীন ভাষ্যকারগণ কি প্রকার সতর্কতার সহিত এবং নিষ্ঠার সহিত শাস্ত্রের প্রকৃত তাৎপর্য নির্ধারণ করিয়াছেন, তাহা পাঠকগণ হুদয়ঙ্গম করিতে পারিবেন। [১]

उँ इतिः॥ जब्दमकदमनाषिजीयम्॥ इतिः उँ।। २।।

ছান্দোগ্যে। সদেব সৌম্যোদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্। বৃহদারণাকে। পূর্ণমিদং পূর্ণমিদং পূর্ণমিদং পূর্ণমিদায় পূর্ণমেবাবশিষ্যতে। শ্রীমন্তাগবতে। অহমেবাসমেবাগ্রে নাত্তদ্ ঘৎ সদসংপরম্। পশ্চাদহং যদেতচ্চ যোহবলিয়েত সোহস্মাহং। শ্রীচৈতত্য চরিতামূতে শ্রীমন্মহাপ্রভুঃ। কুষ্ণের স্বরূপ বিচার শুন সনাতন। অদ্যুক্তানতত্ত্ব ব্রজে ব্রজেন্দ্রন। ২॥

তত্ত্বস্ত এক বই হুই নয়॥ ২॥

ছান্দোগ্য ৬।২।১ শ্লোকে, উদ্দালক স্বীয় পুত্র শ্বেতকেতুকে আহ্বান করিয়া বলিলেন,—বংস, এই পরিদৃশ্যমান জগৎ সৃষ্টি হইবার পূর্বে একমাত্র নিত্যসন্তাবিশিপ্ত অদ্বয় বস্তুই বর্তমান ছিলেন। বৃহদারণ্যকে ৫।১ শ্লোক,—এ পূর্ব অবতারী ও এই পূর্ব অবতার—উভয়ই পূর্ণ অর্থাৎ সর্বশক্তি সমহিত। পূর্ব অবতারী হইতে পূর্ব অবতার লীলা বিস্তারার্থ প্রাত্তুত হন। লীলাপৃতির পরে পূর্ব অবতারের পূর্বস্বন্ধকে আপনাতে গ্রহণপূর্বক পূর্ব অবতারী অবশেষরূপে বর্তমান থাকেন, পরমেশ্বরের পূর্বত্ব কোন-জ্বমে হানিপ্রাপ্ত হয় না। শ্রীমন্মহাপ্রভূর উপদেশ অনুসারে, ব্রজেজ্ঞনন্দন শ্রীকৃষ্ণই সমস্ত সনাতন শাস্ত্র প্রতিপাদিত পরাংপর পরতত্ব। তাঁহার গোপবেশ, বেণুকর, নবকিশোর, নটবর স্বরূপই সর্বশ্রেষ্ঠ মাধ্র্যময় রূপ। শ্রীমন্তাগবতে চতুঃশ্লোকীর প্রথম শ্লোকে,—স্টির আদিতে আমিই একমাত্র ছিলাম, জড়ব্রন্ধাণ্ডাদি আমা হইতে পৃথক কিছু ছিল না। স্টির পরেও আমি পূর্ণরূপে অবস্থান করি, এবং প্রলয়ান্তেও সচিদানন্দর্বপ আমিই একমাত্র থাকিব। আমার কোনকালে ক্ষয় নাই [২]

ওঁ হরিঃ।। নিত্যং অচিন্ত্য শক্তিকম্।। হরিঃ ওঁ।। ৩।।

শ্বেতাশ্বতরে। বিচিত্র শক্তি: পুরুষ: পুরাণো চান্মেয়াং শক্তয়স্তানৃশস্ক্যঃ। একো বশী সর্বব ভূতান্তরাত্মা সর্ব্বান্ দেবানেক এবান্নবিষ্টঃ।। হয়শীর্ষ পঞ্চরাত্রে। পরমাত্মা হরিদেবস্তচ্ছক্তিঃ শ্রীবিহোদিতা। শ্রীদেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষ: স্মৃতঃ ॥ শ্রীঙ্কীবগোস্বামী,—সর্বেষাং ভাবানাং পাবেকস্যোঞ্চতাবদচিন্তাজ্ঞানগোচরাঃ শক্তয়ঃ সন্ত্যেব। ব্রহ্মণস্তা স্বর্ধপভূতাঃ স্বর্ধপাদভিন্ন শক্তয়ঃ॥ ৩॥

সেই তত্ত্ব নিত্য, এবং অচিন্ত্য শক্তি-সম্পন্ন॥ ৩॥ শ্বেতাশ্বতর শ্রুতি বলেন,—ভগবানের অচিন্ত্য স্বরূপশক্তি বিভিন্ন প্রকার, এবং তাহা জ্ঞান, ইচ্ছা ও ক্রিয়া অর্থাৎ সন্বিৎশক্তি, সন্ধিনী শক্তি এবং ফ্লাদিনী শক্তি নামে বিভক্ত ইয়া বেদাদিশাত্রে শ্রুত ইয়া থাকে। এই এক প্রমেশ্বই সমস্ত দেবতাদের স্বতন্ত্ব প্রভু এবং সর্বজীবের অন্তর্থামী প্রমাত্মা। হয়শীর্ষ পঞ্চরাত্র বলেন,—শ্রীহরিই সেই শক্তিমান, প্রমপুরুষ এবং শ্রীই তাঁহার অন্তরঙ্গা শক্তি। ভগবান্ কেশবই প্রমপুরুষ এবং শ্রীদেবী তাঁহার প্রমাপ্রকৃতি বলিয়া জানিবে। শ্রীজীবগোসামী বলেন, অগ্নি ও তার উত্তাপ যেমন, শ্রীভগবানের অচিন্তা শক্তিসমূহ বর্তমান; যাহা কেবল স্বতঃসিদ্ধ জ্ঞান চক্ষ্ দারা দৃষ্ট হয়। প্রব্রক্ষের শক্তি তাঁহার স্বর্গভূত তম্ব এবং তাঁহার স্বর্গপ হইতে অভিনতাবে বর্তমান। কেবল লীলার জন্ম শক্তি ও শক্তিমান্ নিত্যকাল দ্বিধা প্রকৃতিত। [৩]

ওঁ হরি:।। নিত্যং সবিলেষম্।। হরি: ওঁ।। ৪।।

শ্বেতাশ্বতরে। স বৃক্ষ কালাকৃতিভিঃ পরোহন্যো যশ্বাৎ প্রপঞ্চঃ পরিবর্ততেহয়ন্। ধর্মাবহং পাপরুদং ভগেশং জ্ঞানাত্রহং অমৃতং বিশ্বধাম॥ জ্ঞান শক্তিবলৈশ্বর্যা বীর্ষা তেজাংস্থাশেষতঃ। ভগবচছন্দবাচাানি বিনা হেয়ৈগুলাদিভিঃ॥ শ্রীরূপ গোস্বামী। সদা স্বরূপ সম্প্রাপ্তঃ সর্ববজ্ঞা নিত্য নৃতনঃ। সচ্চিদানন্দ সাক্রাস্তঃ সর্ববিসিদ্ধি নিষেবিতঃ॥ ৪॥

সেই পরতত্ত্ব সর্ববদা সবিশেষ॥ ৪॥

সেই পরমাত্রা সংসার বৃক্ষের ফল শোক-মোহ-স্থ-তৃঃখাদি রহিত, ত্রিবিধ কাল দারা অপরিচিছন অর্থাৎ তিনি মায়িক দেশ-কালের অতীত এবং তাঁহা হইতেই এই বিশ্বপ্রপঞ্চ যুগে যুগে পরিবৃতিত হইতেছে, কিন্তু তিনি প্রপঞ্চ হইতে ভিন্ন। তিনি ধর্মের প্রবর্তক, তিনি সমস্ত এশ্বর্যোর অধিপতি, বিশ্বের আশ্রয়, সর্বজ্ঞ, শাশ্বতপুরুষ, জীব-হৃদয়ে বিরাজমান, ইহা জ্ঞাত হইলে জীব অমৃত্ব লাভ করে। সেই ভগবান পূর্ণেধর্যান্ধপ সমগ্র—জ্ঞান, শক্তি, বল, এশ্বর্যা, বীর্যা, তেজ দারা সর্বদা যুক্ত; তাঁহার সমস্ত গুল সংপূর্ণ হেয়রবর্জিত। ভগবানের গুলাবলী বর্ণনায় শ্রীন্ধপ্রপাসামী বলেন,—তিনি সর্বদা স্ব-স্বন্ধপ অবস্থিত, ত্রিকালসত্য বলিয়া তিনি সর্বক্ষণ নিত্যনূত্র পুরুষ, তাঁহার আকার সচিদানন্দময় মহানন্দ-স্বন্ধপ এবং তিনি সমস্ত অচিন্তা সিদ্ধি দারা সর্ব্বকাল সেবিত হইয়া থাকেন। [8]

उँ इतिः ॥ निजाः निर्वित्मयकः॥ इतिः उँ॥ ए॥

কঠে। অশব্দমস্পর্শমরপমব্যয়ং তথাৎরসনিত্যমগন্ধবচচ যং। অনাজনন্তং মহতঃ পরং ধ্রুবং নিচাষ্য তং মৃত্যুমুখাং প্রমূচ্যতে ॥ হরিবংশে। ব্রহ্মতেজাময়ং দিব্যং মহদ্যদৃদৃষ্টবানসি। অহং সভরতশ্রেষ্ঠমভজেস্তং সনাতনম্ ॥ শ্রীমন্মহাপ্রভূ। নির্বিশেষ তাঁরে কহে যেই শ্রুতিগণ। প্রাকৃত নিষেধি করে অপ্রাকৃত স্থাপন ॥ ৫॥

সেই তত্ত্ব নিত্য সবিশেষ হইয়াও নিত্য নির্বিশেষ ॥ ৫ ॥ সেই প্রমাত্মা তুর্ব্বোধ্য কেন ? শ্রুতিতে দেখা যায়,—প্রাকৃত শব্দ ভগবানকে নির্দেশ করিতে পারে না, তিনি প্রাকৃত স্পর্শের অগোচর, তিনি প্রাকৃত রূপবিহীন অতএব চক্র বিষয় নহেন, তিনি প্রাকৃত রসনেজিয়ের অগ্রান্থ এবং প্রাকৃত গন্ধহীন বলিয়া আণেজিয় দ্বারা গ্রহণীয় নহেন, তিনি নিতা; কিন্তু সেই পরমপুরুষকে, শাশ্বত পরমাত্মাকে তত্ত্বিদ্ আচার্যোর কুপায় জানিয়া অপ্রাকৃত ভগবলামাদির প্রবণ কীর্নে দ্বারা সেবা করিলে জীব মৃত্যুপাশ হইতে মুক্তিলাভ করিবে। হরিবংশেও শ্রীভগবছক্তি যথা,—ব্রহ্মতেজরূপ দিব্যজ্যোতি দ্বারা উদ্রাসিত বিশ্ব স্প্রক্তির্তা সনাতন পুরুষ আমিই, যাঁহার ভজনাই জীবের কর্ত্বা। সেই পরমপুরুষের অঙ্গজ্যোতিরূপ সর্বব্যাপী ব্রহ্ম নিবিশেষরূপে জ্ঞান দ্বারা দৃষ্ট হয়। প্রাকৃত্ব নিষেধ করিয়া মপ্রাকৃত্ব স্থাপনের জন্মই প্রতিসমূহ ভগবান্কে নিবিশেষ বলিয়া স্টিত করেন। [৫]

ওঁ হরিঃ ।। বিরুদ্ধর্যা সামঞ্জস্যং তদচিন্ত্য শক্তিত্বাৎ ।। হরিঃ ওঁ ।। ৬ ।।

শ্বেলশ্বতরে। অপাণি পাদো জবনো গ্রহীতা পশ্বতাচক্ষ্ণ স শ্ণোতাকর্ণঃ॥ স বেতি বেতং ন চ তস্তাস্থি বেতা তনাহরগ্রাং পুরুষং নহাত্ম॥ কৌর্মে। ঐশ্বর্যোগাদ্ ভগবান্ বিরুদ্ধার্থোহ ভিধীয়তে। তথাপি দোষাঃ পরমে নৈবাহার্যাঃ কদাচনঃ॥ শ্রীজয়তীর্থ মুনিঃ। ন কেবলং সামাততো বিচিত্র শক্তিরীশ্বরঃ কিন্তু সর্ববিষয়ে সর্বন। বিভ্যান বিচিত্রশক্তিঃ।। শ্রীজীবঃ। ধর্ম এব ধর্মিবং নির্ভেদ এব নানা ভেদবহং অরূপিত্ব এব রূপিত্বং ব্যাপকত্ব এব মধ্যমত্বং ইতি পরস্পর বিরুদ্ধানত্ত গুণ নিধিঃ।৬॥

সেই তত্ত্বের অচিন্তা শক্তিপ্রযুক্ত সবিশেষ-নির্বিশেষরূপ বিরুদ্ধশ্য সমঞ্জসরূপে বর্তমান ॥ ৬॥

সেই পরম পুরুষ অচিন্তা শক্তিসম্পন্ন যেহেতু তিনি প্রাকৃত পদরহিত হইরাও ফ্রন্ড গমন করেন এবং প্রাকৃত হস্তর্থন হইরাও সমস্ত বস্তু গ্রহণ করিতেছেন, তাঁহার প্রাকৃত চলুঃ না থাকিলেও তিনি সর্ব্রেজ্যা, প্রাকৃত শ্রবণ ক্রিরহিত হইরাও সকল কথা শ্রবণ করেন। জগতে যাহা কিছু জ্রেয়, তাহা তিনি জানেন অর্থাং তিনি সর্বজ্ঞ, কিন্তু তাঁহাকে জগতে কেহ জানেন নাঃ তিনি অবাঙ্গনেসগোচর, ভক্তগণ প্রেমাঞ্জনযুক্ত ভক্তিনেত্র স্বারাই তাঁহাকে দেখেন। ব্রহ্মবিদ্গণ তাঁহাকে আদিপুরুষ, পূর্ণপুরুষ, ও সর্ব্ব্রাপী বলিয়া থাকেন। কুর্মপুরাণে যথা,—এপ্র্যা-যোগযুক্ত ভগবান্ সচিদানন্দ লীলাময় পুরুষ বলিয়া পরম্পর বিক্রার্থস্চক গুণগণ দ্বারা অভিহিত হন। তথাপি পরমপুরুষের সমস্ত গুণসমূহ মঙ্গলময়, যেহেতু কোনপ্রকারের দোষ তাঁহাতে কদাচ দৃষ্ট হয় না॥ শ্রীজয়তীর্থ মুনি বলেন,—ঈশ্বরের শক্তি কেবল বিচিত্র বা আশ্র্রাক্র নহে কিন্তু সর্ব্বেবিষয়ে অর্থাৎ পরমেশ্বরের নাম, রূপ, গুণ, লীলা, ধাম, পরিকর ইত্যাদি সমস্ত ব্যাপারে সর্ব্বেণ তাঁহার অচিন্তা পরমাভূত শক্তিমন্তা বর্ত্তমান। শ্রীজীবগোস্বামীর উক্তি অনুসারে,—ভগবান্ পরম্পর বিক্রন্ধরের এবং ধর্মিছের অবস্থান, ভেদবিহীনতা এবং ভেদময়তা, রূপরাহিত্য এবং স্কিচদানন্দ স্থন্দররূপ, সর্ব্ব্রাপির এবং মধ্যানার কৃষ্ণবিগ্রহত্ব, এই সকল যুগপৎ এবং পরম্পের অবিক্রন্তাবে নিত্রকাল তাঁহাতে বর্ত্তনান ॥৬॥

ওঁ হরিঃ।। সবিশেষত্বমেব বলবদিভরানুপলজে।। হরিঃ ওঁ।। १।।

খাখোদ সংহিতায়াং। তদ্বিষ্ণো পরমং পদং সদাপশুন্তি সূরয়:। দিবীব চক্লুরাততং তদ্বিপ্রাসো
বিপশুবো জাগুবাংসঃ সমিংধতে। বিষ্ণোর্যৎ পরমং পদম্ ॥ মহাবরাহে। সর্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাদ্যস্থ পরাত্মনঃ। হেয়োপাদেয়রহিতাঃ নৈব প্রকৃতিজাঃ কচিং॥ পরমানন্দ সন্দোহ জ্ঞানমাত্রা চ সর্বতঃ দেহ দেহি ভিদা চাত্র নেশ্বরে বিছতে কচিং॥ শ্রীজীবঃ। অথগুতত্ত্বপো ভগবান্ সামাখাকারস্থ ক্তুতি লক্ষণরেন স্ব প্রভাকারস্থ ব্রহ্মণোহপ্যাশ্রয় ইতি যুক্তমেব॥৭॥

নিবিশেষ অবস্থা উপলব্ধ হয় না বলিয়া সবিশেষ অবস্থা বলবান।। ৭।।

শ্বেদসংহিতা ও আরণ্যোপনিষৎ বলেন, আকাশে অবস্থিত সূর্যকে চক্ষু যেনন অবাধে দর্শন করে, তদ্রপ বিফ্র যে পর্মপদ দিনমণি সূর্যের ন্থায় স্বপ্রকাশ, সেই পর্মপদ দিবাস্থার বৈফ্রবণ নিত্যকাল দর্শন করিতেছেন। সেই বিফুপদ চিচ্চকুর দর্শনীয় শ্রীকৃষ্ণরপ পরমতঃ। মহাবারাহ পুরাণ বলেন,—বিফুর স্বাংশভূত অবতার সকলই নিত্যকাল শার্থতরপে বর্তনান আছেন। প্রকৃতিদ্বাত ত্রিগুণাত্মক কোন প্রকার হেয় বা উপাদেয় গুণ তাঁহাতে নাই। চিন্নয় পর্মানন্দ পরিপূর্ণ সর্বজ্ঞান-স্থাপ ভগবানে দেহ এবং দেহীর মধ্যে কোনরপ ভেদ নাই, যাহা জীবে কিন্তু বিজ্ঞান। শ্রীজীব-গোস্বামী বলেন,—অখণ্ডতত্বস্বরূপ ভগবান্ নিজের সর্বব্যাপী প্রভাবলয়রপ ব্রন্ধজ্যোতির আশ্রয় স্বরূপেই সামান্তভাবে ভক্তের দৃষ্টিতে গোচরীভূত হন। ভক্তিনেত্রবিহীন অর্থাং ভক্ত্যন্ধ জনের নিকটেই ভগবান্ উপলব্ধ না হইয়া নির্বিশিষ্টরূপে বিচারিত হন, কিন্তু প্রকৃতপক্ষে তিনি চিন্নয় স্বিশেষ, এবং অধিকারী ভক্তগণের নিকট সর্বদা ওই রূপেই অমুভূত হইয়া থাকেন। [৭]

ওঁ হরি:॥ স্বরূপ-ভজ্ঞপবৈভব-জীব-প্রধান—রূপেণ ভচ্চতুদ্ধা।। হরিঃ ওঁ।। ৮।।

শ্বেতাশ্বতরে। স বিশ্বকৃদ্বিশ্ববিদাত্ম্যানিঃ কালকারো গুণী সর্ববিদ্যঃ। প্রধান ক্ষেত্রজ্ঞ-পতিগুণিশঃ সংসারমাক্ষন্থিতিবন্ধহেতুঃ।। ভাগবতে। ভক্তিযোগেন মনসা সম্যক্ প্রণিহিতেহমলো। অপশ্বং পুরুষং পূর্ণং মায়াষ্ণ তদপাশ্র্যাম্।। যয়া সন্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকম্। পরোহপি মন্ত্রতহনর্থং তংকৃতঞ্চাভিপত্ততে॥ শ্রীজীবঃ। একমেবং পরমং তত্ত্বং স্বাভাবিকাচিন্ত্য শক্ত্যা সর্বদৈব স্বরূপ তদ্রপবৈভব জীব প্রধান রূপেণ চতুর্ধাবিভিন্ঠতে॥ ৮॥

সেই বলবান্ স্বিশেষতত্ত্ব স্থাপ, তদ্ৰপবৈভব, জীব ও প্ৰধান—এই চতুৰ্বিধন্ধপে নিত্য বৰ্তমান। ৮।।

সেই পরমেশ্বর বিশ্বস্রষ্টা, সর্বজ্ঞ, স্বপ্রকাশ ও সর্বকারণ-কারণ, তিনি কালেরও কাল, ঐশ্বর্য, কারুণ্য, ঔদার্য, মাধুর্য প্রভৃতি অসংখ্য দিব্য কল্যাণগুণের আশ্রয়, নানাবিধ বস্তুরচনাকুশল ও সর্বজ্ঞাতা, তিনি প্রকৃতির ও ক্ষেত্রজ্ঞ জীবাত্মার অধীশ্বর, তিনিই ভক্তিমার্গের সাধককে মুক্তি প্রদান করেন ও বহিন্মুখ জীবের সংসার-বন্ধন প্রদান করেন, সমস্ত জগতের তিনি পালনকর্তা। ভাগবতে যথা,—ব্যাসদেবের

চিত্ত ভল্তিযোগের দ্বারা সমাধিস্থ হইলে তিনি পূর্ণপূরুষ শ্রীকৃষ্ণকে দর্শন করিলেন, কৃষ্ণের দ্রাশ্রিত মায়াত্বকে দর্শন করিলেন। পরিপূর্ণ কৃষ্ণস্বরূপে যে চিচ্ছক্তি নিত্য অবস্থিত, তাঁহার ছায়াস্বরূপে দ্রস্থিত মায়াকে দেখিলেন। চিচ্ছক্তির অনুপ্রকাশরূপ জীব জীবশক্তিপ্রস্ত চিংকণ; মায়া অপেক্ষা পরত্ব এই জীবকে ব্যাসদেব দেখিলেন। বহির্দ্ধুখ জীবগণ মায়া দ্বারা মোহিত হইয়া আপনাদিগকে মায়ার ত্রিগুণাত্মক তত্ত্ব বলিয়া মনে করিতেছেন। মায়াকৃত কার্যসকলকে অভিমান দ্বারা নিজকৃত বলিয়া মনে করিতেছেন। মায়াকৃত কার্যসকলকে অভিমান দ্বারা নিজকৃত বলিয়া মনে করিতেছেন। শ্রীজীব গোস্বামীর উক্তি অনুসারে,—একমাত্র যে পরমতত্ত্ব ভগবান্ তাঁহার স্বাভাবিক অচিন্তা শক্তিদ্বারা সর্ববদা—স্বরূপ, তত্রপ-বৈভব (অন্তর্নলা শক্তি), জীব ও প্রধান (মায়াশক্তি) এই প্রকার চতুর্বিধভাবে অবস্থান করেন। [৮]

ওঁ হরিঃ।। অচিন্ত্য ভেদাভেদাত্মকম্।। হরিঃ ওঁ।। ৯।।

ইতি শীআয়ায় সূত্রে দম্বন্ধতত্ত্ব নিরূপণে শক্তিমতত্ত্ব প্রকরণং সমাপ্তম্।।

কঠে। একোবশী সর্বভূতান্তরাত্মা একং রূপং বহুধা যঃ করোতি। তমাত্মহং যেহরপশুন্তি ধীরান্তেষাং স্থাং শাশ্বতং নেতরেষাম্।। ভাগবতে। যথা মহান্তি ভূতানি ভূতেষ্কাবচেম্বরু। প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেয়্ নতেম্বহম্।। পাল্মে। অচিন্তারের শক্তাব একোহবয়ববর্জিতঃ। আত্মানং বহুধা কুলা ক্রীড়তে যোগ সম্পদা।। শ্রীজীবঃ। সমতেন্বচিন্তা ভেদাভেদাবেব। ইতি শক্তিমত্তত্ব প্রকরণ সূত্রভান্তাং সমাপ্তং।। ১।।

এই চতুর্বিধ প্রকাশ নিত্য হইলেও অচিন্তারূপে যুগপৎ পরস্পর অভেদ ও ভেদাত্মক।। ৯।।

যিনি সকল প্রাণীর হৃদয়াকাশে বর্ত মান, এক, সর্ব্বনিয়ন্তা, অদ্বিতীয়, বিশুদ্ধ বিজ্ঞান-ঘনস্বরূপ নিজেকে বিভিন্নাংশ দেব-তির্যক্ মন্থ্যাদি অনেক প্রকাবে অভিব্যক্ত করিয়াছেন, হৃদয়াকাশে অবস্থিত সেই পরমেশ্বরকে যে সকল বিবেকী ব্যক্তি শ্রবণ-কীর্ত্রন-মননাদি উপায়ে নিরন্তর সাক্ষাংকার করেন, সেই পরমাত্ম-সাক্ষাংকারের ফলে তাঁহাদের নিত্য স্থুখ হইয়া থাকে, অনাত্মদর্শী বিষয়াসক্ত ব্যক্তিদিগের সেই শাশ্বত স্থুখ হয় না। চতুঃশ্লোকীতে শ্রভিন্নবৃত্তিক ঘথা,—এই জগতে মহাভূত-সকল সমস্ত উচ্চ ও নীচ বস্তুসমূহে প্রবিষ্ট হইয়াও মহাভূতরূপে (পৃথি, বায়ু, আকাশ ইত্যাদিরপে) অপ্রবিষ্টরূপে বর্ত্ত মান। সেইরূপ আমিও শক্তিপরিণামরূপী জগতে পরমাত্মরূপে সর্বত্র অনুপ্রবিষ্ট হইয়াও আমার চিদ্ধাম গোলোক বৃন্দাবন ও পরব্যোমাদিতে ভক্তগণের প্রমান্থ্যকিপ সর্বিত্র অব্যবাদি বর্জিত হইয়াও অর্থাৎ অবস্থিত আছি। পদ্মপুরাণে ঘথা,— অমি সর্বদা এক অদ্বিতীয় এবং অবয়বাদি বর্জিত হইয়াও অর্থাৎ অথগ্ড স্বরূপ হইয়াও আমার অচিন্তা পরাশক্তির প্রভাবে নিজেকে বহুধা বিভক্ত করিয়া যোগৈশ্বর্যারা বিচিত্র ক্রীড়াসকল অনুষ্ঠিত করিয়া থাকি। শ্রেজীবগোস্বামীর উক্তি যথা,—নিজ মতের শান্ত্রসিদ্ধান্ত অচিন্তা ভেদাভেদবাদ এই সমস্ত শান্ত্রপ্রমাণদ্ধারা সর্বতোভাবে সিদ্ধ হয়। [৯]

শক্তিপ্রকরণম্

ওঁ হরিঃ ॥ व्लामिनी-সন্ধিনী সন্ধিদিতি পর শক্তেঃ প্রভাবত্রয়ম্ ॥ হরিঃ ওঁ ॥ ১০ ॥

শ্বেতাশ্বতরে। নতন্ত কার্যং করণঞ্চ বিশ্বতে ন তং সমশ্চাভাধিকশ্চ দৃশ্বতে। পরাস্ত শক্তিবিধিধৈব শ্রায়তে স্বাভাবিকী জ্ঞান বল ক্রিয়াচ।। বিষ্ণুপুরাণে। হলাদিনী সন্ধিনী সন্ধিং স্বয়োকা
সর্ব্ব্রংস্থিতোঁ। হলাদতাপকরী মিশ্রা স্বয়ি নো গুণবর্জিতে॥ শ্রীচৈতন্ত চরিতামুতে। সচিং আনন্দময়
ঈশ্বর স্বরূপ। তিন অংশে চিচ্ছক্তি হয় তিনরূপ॥ আনন্দাংশে হলাদিনী সদংশে সন্ধিনী। চিদংশে
সন্থিং যারে কৃষ্ণ জ্ঞান মানি॥১০॥

হলাদিনী, সন্ধিনী, সন্থিৎ এই তিনটী এক পরাশক্তির তিনটী প্রভাব ॥ ১০॥

সেই প্রমেশ্বরের কোন প্রাকৃত শ্রীর নাই, প্রাকৃত চক্ষুরাদি ইন্দ্রিয়ও নাই, তাঁহার সমান অথবা তাঁহা হইতে অধিকও কেহ নাই। তাঁহার পরাশক্তি বিভিন্ন প্রকার। তার মধ্যে সর্বশ্রেষ্ঠ যে স্বরূপশক্তি—জ্ঞান, বল, ক্রিয়া রপা অথবা সন্ধিং, সন্ধিনী ও হ্লাদিনীরূপে বেদাদি শাস্ত্রে শ্রুত হইয়া থাকে। ভগবানের স্বরূপশক্তিগত হ্লাদিনী, সন্ধিনী ও সন্ধিং—এই ত্রিবিধ বৃত্তিও পূর্ণ চিন্ময়। মায়াবদ্ধ জীবের সন্তায় এই ত্রিবিধ ব্যাপার গুণসন্মিশ্রণ দ্বারা হ্লাদকরী, তাপকরী ও মিশ্রা এই ত্রিবিধ ত্যাপার গুণসন্মিশ্রণ দ্বারা হ্লাদকরী, তাপকরী ও মিশ্রা এই ত্রিবিধ ভাব পাইয়াছেন কিন্তু সর্ববিগুণাতীত প্রমেশ্বরে এ শক্তি নির্মাল ও নিগ্রণভাবে অবস্থিত। [১০]

ওঁ হরিঃ॥ সৈব স্বতোহন্তরঙ্গা-বহিরঙ্গা-ভটস্থা ॥ হরিঃ ওঁ॥ ১১ ॥

শ্বেতাশ্বতরে। তে ধানিযোগানুগতা অপশ্যন্ দেবাত্ম শক্তিং স্বগুণৈনিগুঢ়াং॥ অজ্ঞামেকাং লোহিত শুকুরুফাং॥ সমানে রক্ষে পুরুষো নিমগ্নো অনীশয়া শোচতি মুহুমানঃ॥ বিষ্ণুরাণে। বিষ্ণুশক্তিং পরা প্রোক্তা ক্রেজাখা। তথাহপরা। অবিছা কর্মসংজ্ঞান্যা তৃতীয়ো শক্তিরিয়তে॥ শ্রিজীবঃ। শক্তিশ্চ সা বিধা অন্তরঙ্গা তটন্থা বহিরঙ্গা চ॥ শ্রীকবিরাজঃ। চিন্ছক্তি, জীবশক্তি আর মায়া শক্তি॥ ১১॥

সেই পরাশ ক্রিই সভাবতঃ অন্তরঙ্গা, বহিরঙ্গা ও তটগু। । ১১॥

শ্রেভাশ্বতরে,—নানাবিচারের পর ব্রহ্মবিদগণ ধ্যান্যোগ অবলম্বন্ করিয়া প্রমেশ্বরের আত্মভূতা অচিন্তা শক্তিকে স্টের কারণরূপে দর্শন করিলেন, এ ভগবচছক্তি ভগবানের স্বকীয় সার্বক্রাদি প্রভাবের দ্বারা আচ্ছাদিতা। বহিরঙ্গা প্রকৃতি ত্রিগুণন্য়ী যাহা অগ্নিরূপে লোহিতবর্ণা রজ্যোগুণাত্মিকা, জলরপে, শুকুবর্ণা সত্মপুণাত্মিকা এবং পৃথিবীরূপে কৃষ্ণবর্ণা তমোগুণাত্মিকা। একই দেহরূপ বুক্ষে থাকিয়া বিমুখ জীব ভোগাসক্ত হইয়া দেহাত্মবোধবশতঃ সংসারে ভূবিয়া যায় এবং নায়ায় মূহনান হইয়া উদ্ধারের উপায় না পাইয়া দীনতাবশতঃ ছঃখ করিতে থাকে। বিষ্ণুপুরাণে,—বিষ্ণুশক্তি তিন প্রকার,—পরা, ক্ষেত্রজ্ঞা ও অবিত্যা সংজ্ঞাবিশিষ্টা। বিষ্ণুর পরা শক্তিই 'চিচ্ছক্তি', ক্ষেত্রজ্ঞা শক্তিই জীবশক্তি বলিয়া উক্ত হইয়াছে; কর্মসংজ্ঞারূপা অবিত্যাশক্তির নাম মায়া। শ্রীজীব-গেস্বামীও বলেন যে পরমেশ্বরের শক্তি—অন্তরঙ্গা, তটস্থা এবং বহিরঙ্গা ভেদে ত্রিবিধা। [১১]

ওঁ হরি:।। তদীক্ষণাচ্ছক্তিরেব ক্রিয়াবতী ।। হরি: ওঁ ।। ১২।।

ইতি শ্রীআমায় সূত্রে সম্বন্ধতত্ত্ব নিরূপণে শক্তিপ্রকরণং সমাপ্তম্।

প্রশোপনিষদি। স ঈক্ষাং চক্রে॥ ঐতরেয়ে। স ঈক্ষত লোকান্ মু স্কা ইতি। স ইমান্ লোকান্ স্কত ॥ বামন পুরাণে। তত্র তত্র স্থিতো বিষ্ণুস্ততচ্চক্তীঃ প্রবোধয়ন্। একা এব মহাশক্তিঃ কুরুতে সর্বমঞ্জসা॥ শ্রীভগবদ্গীতায়াং। ময়াধ্যকেন প্রকৃতিঃ স্থাতে সচরাচরম্। হেতুনানেন কোন্তেয় জগদ্বিপরিবর্ততে॥ শ্রীমন্মহাপ্রভূ। শক্তি প্রধান কৃষ্ণ ইচ্ছায় সর্ববর্তা, জড়রূপা প্রকৃতি নহি ব্রহ্মাণ্ডকারণ। মায়া দ্বারে স্কে তেঁহ ব্রহ্মাণ্ডের গণ।। ১২।।

ইতি শ্রীআমায় সূত্র ভাষ্যে শক্তিপ্রকরণ ভাষ্যং সমাপ্তম্। সেই সবিশেষ তত্ত্বের ঈক্ষণ হইতে শক্তি ক্রিয়াবতী হন।। ১২।।

প্রশোপনিষদে যথা,—সেই ভগবান্ আলোচনা করিলেন বা ঈক্ষণ করিলেন। ঐতরেয় উপ্নিষদে,—তাঁহার ইচ্ছা হইল—আমি সমস্ত লোক সৃষ্টি করিব। সেই পরমাত্মা এইসকল লোক সৃষ্টি করিলেন। বামনপুরাণে—সেই সেই স্থানে ভগবান্ বিষ্ণু অবস্থান করিয়া তাঁহার প্রত্যেক শক্তিকে চেতনীভূত করেন। ভগবানের এক পরা শক্তিই ভগবানের দ্বারা বিভিন্নরূপে প্রেরিড হইয়া তাঁহার ইচ্ছান্ত্রনপ কার্যসকল সহজে সম্পন্ন করেন। গীতায় ভগবানের উক্তি যথা,—আমার বিলাস সম্বন্ধিনী ইচ্ছা হইতে প্রকৃতিতে যে কটাক্ষ করি, সেই কটাক্ষ দ্বারা চালিত হইয়া প্রকৃতিই চরাচর জগৎ প্রস্ব করে; এতন্ধিবন্ধন এই জগৎ পুনঃ পুনঃ প্রাত্ত ত্র্য। [১২]

ইতি শক্তিতত্ত্বের ভাষ্যান্ত্রাদ সমাপ্ত।

সরুপ প্র করণম্

ওঁ হরিঃ॥ স্বরূপং ত্রিবিধম্॥ হরি: ওঁ।। ১৩।।

শ্বেতাশ্বতরে। উদ্গীতমেতৎ পরমন্ত ব্রহ্ম তস্মিংস্ত্রয়ং স্থাতিষ্ঠাহক্ষরঞ্চ। তত্রান্তরং ব্রহ্মবিদো বিদিয়া লীনা ব্রহ্মণি তৎপরা যোনিমৃক্তাঃ॥ ভাগবতে। বদন্তি তত্ত্ববিদস্তত্বং যজ,জ্ঞানমন্বয়ং। ব্রহ্মতি পরমাত্মেতি ভগবানিতি শব্দাতে॥ শ্রীমন্মহাপ্রভূ। জ্ঞান যোগ ভক্তি তিন সাধনের বশে। ব্রহ্ম আত্মা ভগবান ত্রিবিধ প্রকাশে।

স্বরূপ তিন প্রকার ॥ ১৩॥

শ্বেতাশ্বতর শ্রুতি বলেন, —এই প্রপঞ্চাতীত তত্ত্বই পরমব্রহ্ম বলিয়া বেদান্তে খ্যাত, সেই পরমব্রহ্ম জীব, শব্দাদি বিষয়রূপ প্রপঞ্চ ও প্রেরয়িতা নিয়ামক ঈশ্বর—এই তিনটিই স্প্রুতিষ্ঠিত অর্থাৎ এই তিনেরই পরম আশ্রয় সেই পরমব্রহ্ম। তিনি প্রপঞ্চাদির আশ্রয় হইলেও তদ্মতিরিক্ত অবিনাশী কৃটস্থ। ব্রহ্মবিদ্গণ এই পরব্রহ্মকে প্রপঞ্চাতীত মানিয়া ব্রহ্ম-পরায়ণ হন এবং তাঁহার সেবাফলে গর্ভবাস, জন্ম, ব্যাধি, জরা ও মৃত্যু—এই পঞ্চবিধ হৃঃখ হইতে মৃক্ত হইয়া ব্রহ্মানন্দে নিমগ্র হন। শ্রীমন্তাগ্রতে,—অন্বয় জ্ঞানকে তত্ত্বিৎ পুরুষগণ তত্ত্ব বলেন। চিন্মাত্র ব্রহ্মই সেই

তবের প্রথম প্রতীতিঃ চিদ্বিস্তারক পরমাত্মাই সেই তত্ত্বের দ্বিতীয় প্রতীতিঃ চিদ্বিলাসরপ ভগবান্ সেই তত্ত্বের তৃতীয় বা পূর্ণ প্রতীতি। শ্রীমন্মহাপ্রভুর উক্তি অনুসারে জ্ঞানমার্গ দ্বারা ব্রহ্মরূপে, যোগমার্গ দ্বারা প্রমাত্মারূপে এবং ভক্তিমার্গ দ্বারা ভগবজ্ঞপে সেই পরতত্ত্ব প্রকাশ পায়। [১০]

ওঁ হরি:।। ভানে চিন্মাত্রং ব্রহ্ম ।। হরি: ওঁ ।। ১৪।।

তলবকারে। যদ্বাচানভূাদিতং যন্মনসান মন্ত্রতে যচ্চক্ষ্যান পশ্যতি যচ্ছ্রোত্রেণ ন শৃণোতি যং প্রাণেদ ন প্রাণিতি তদেব ব্রহ্ম তং বিদ্ধি।। মাগুক্যে। সর্ববং হেতদ্ ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম সোহয়মাত্মা চতুম্পাং। গীতায়াং। ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্থাব্যয়স্থা চ। শাশ্বতস্থা চ ধর্মস্থা স্থাস্থাকান্তিকস্থা চ॥ শীমন্মহাপ্রভূ। ব্রহ্ম অঙ্গ কান্তি তাঁর নির্বিশেষ প্রকাশে। সূর্য যেন চর্ম্ম চক্ষে জ্যোতির্ময় ভাসে। ১৪।।

জ্ঞান-মার্গে সেই স্বরূপ চিন্মাত্র ব্রহ্মরূপে প্রকাশ ॥ ১৪॥

কেনোপনিষদে,—যে তত্ব প্রাকৃত বাক্শক্তি দ্বারা অনুচ্চারিত, বাঁহাকে বুন্ধি ও মন দ্বারা কেহ নিশ্চয় করিতে পারে না, বাঁহাকে প্রাকৃত চক্ষু দ্বারা লোক দেখে না, জড় প্রবলেজ্যি দ্বারা বাঁহাকে লোকে শুনে না, লোকে বাঁহাকে প্রাণেজ্যি দ্বারা গন্ধনপে গ্রহণ করিতে পারে না, তাঁহকেই ব্রহ্ম বলিয়া তুমি জানিবে। মাণ্ডুক্যোপনিষদে,—শব্দব্রহ্মরপ প্রণবদ্বারা বাচ্য এই যে চতুর্বিংশতি তত্ত্ব, ইহারা সকলেই পরাপর ব্রহ্মস্বরূপ। এই যে জীব-শরীর মধ্যে প্রত্যাগালা আছেন, তিনিই সেই ব্রহ্ম। চারিটি মাত্রা লইয়া যে চতুপ্পাদ্ ব্রহ্ম প্রণশ্ব বাচ্য, তন্মধ্যে বৈশ্বানর প্রভৃতি তিন পাদের পরে যিনি তুরীয় বা চতুর্থ পাদর্যাপে প্রতিপন্ন হন, তিনিই সেই আল্লা ওদ্ধার বাচ্য। গীতায় শ্রীভগবান্ বলেন,—বস্তুত: নিপ্রণ সবিশেষ তত্ত্বরূপ আশ্রিই জ্ঞানিদিগের চরম-গতি ব্রহ্মের প্রতিষ্ঠা বা আশ্রয়। অমৃতব, অবায়র, নিতাব, নিতাবদারকাপ প্রেম এবং ঐকান্তিক স্থাস্বরূপ ব্রহ্মরূপ,—এই সমুদায়ই নিগুণ সবিশেষ তত্ত্বরূপ কৃষ্ণস্বরূপকে আশ্রয় করিয়া থাকে। জ্ঞান চক্ষুদ্বারা সেই পরতত্ত্বকে কেবল নির্বিশেষরূপে অন্তভ্ত হয়, কিন্তু ভক্তিনেত্র দ্বারাই তাঁহার চিনায় সবিশেষরূপ দৃষ্ট হয়। [১৪]

ওঁ হরিঃ ।। যোগে বিশ্বময় পরাত্মা ।। হরিঃ ওঁ ।। ১৫।।

ঐতরেয়ে। আত্মা বা ইদমেক এবা গ্র আসীং। নানাং কিঞ্চন মিষং।। শ্বেতাশ্বতরে। অঙ্গুন্ধ-মাত্রঃ পুরুষোংতরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ। হৃদা মন্বীশো মনসাংভিক্লিপ্তো য এতদ্বিত্র-মৃতান্তে ভবন্তি।৷ নারদীয় তন্ত্রে। চিফোল্ড ত্রীণি রূপানি পুরুষাখ্যানাথো বিহুঃ। প্রথমং মহতঃ স্রষ্ট্ দ্বিতীয়ং স্বত্নংস্থিতং। তৃতীয়ং সর্বভ্তন্থং তানি জ্ঞাত্বা বিম্চাতে।৷ শ্রীমন্মহাপ্রভূ। প্রমাত্মা যেঁহো তিঁহো কুঞ্জের এক অংশ। আত্মার আত্মা হন কৃষ্ণ সর্বব অবতংস।। ১৫।।

অধ্বল্লাদি যোগ মার্গে বিশ্বগত প্রমাত্মারপে সেই তত্ত্ব প্রকাশ পান।। ১৫।।

ঐতরেয়োপনিষদে, — স্টির পূর্বে একমাত্র পরমেশ্বর ব্যতীত আর কিছুই পৃথগ ভাবে ছিল না, একমাত্র ভিনিই ছিলেন, জগৎপ্রসবিনী বহিরঙ্গা শক্তি ও জীবশক্তি অভিনরণে তাঁহাতে অবস্থিত ছিলেন। ভগবান স্বাধীন সঙ্কল্প ও স্বাধীন শক্তিবিশিষ্ট। তাঁহার ইচ্ছা হইল, — আমি সমস্ত লোক স্টি করিব। শ্বেতাশ্বতর শুন্তিতে, — পরমপুরুষের অভিব্যক্তি স্থান হাদয় প্রদেশ, তাহার পরিমাণ প্রত্যেক জীবের অস্তৃত্ত পরিমাণান্ধসারে, এজ্যু তিনি তথায় অবস্থান করেন বলিয়া তাঁহাকে অস্তৃত্তমাত্র বলা হইল। তিনি পরিপূর্ণস্বরূপ এজ্যু এবং দেহরূপ পূরে শয়নকারী অথবা সর্ববিদামনার প্রক কিংবা সর্ববিশাক অতএব তিনি অন্তরাম্মা অর্থাং জীবের অন্তরে পরমাত্মারেপে অবস্থিত। ইন্দ্রিয়, মন যেমন জাগ্রদাদি বিভিন্নাবস্থায় বিভিন্ন, দেহস্থ পরমাত্মা তাদশ নহেন, তিনি সর্বালেই সর্বাবস্থাতেই প্রাণীদের হুংপুণ্ডরীকে সম্যক্ প্রকারে অবস্থিত। নির্মাল হুদয় এবং বিশুদ্ধ মন দ্বারা তিনি ধ্যানে প্রকাশিত হন। তিনি জ্ঞানের প্রভ্যা যাঁহাবা এই পরমাত্মস্বরূপ অবগত হন, তাহারা মুক্তিভাজন হইয়া থাকেন। নারদ পঞ্চরাত্র বলেন,—ভগবান্ বিষ্ণুর তিন প্রকারের বল্লামাণ অবতারকে ত্রিবিধ পুরুষাবতার বলিয়া জানিবে। মহত্তব্ব স্রহী কারণার্ণবশায়ী প্রথম পুরুষাবতার, ব্রন্ধাণ্ডাহামী গর্ভোদকশায়ী দ্বিতীয় পুরুষাবতার এবং সর্বজীবান্ত্র্যামী জীরান্ধিশায়ী তৃতীয় পুরুষাবতার, বলিয়াছেন,—'একাংশেন স্থিতো জগাং'। [১৫]

ওঁ হরিঃ ।। ভদবতারাহ্সংখ্যা ।। হরিঃ ওঁ ।। ১৬।।

চতুর্বেদশিখায়াং। বাস্থ্যনেঃ সন্ধবিং প্রত্যামোখনিক্দোখহং নংস্থাং কৃনিং বরাহো নৃসিংহো বামনো রামঃ রামো বৃদ্ধ কন্ধিরহমিতি॥ ভাগবতে। অবতারাহ্যসংখ্যেয়া হরেঃ সত্তনিধেদ্বিজাঃ। যথা বিদাসিনঃ কুল্যাঃ সরসঃ স্থাঃ সহশ্রণঃ॥ শীনমহাপ্রভু। পুরুষাবতার এক, লীলাবতার আর গুণাবতার আর মনন্তরাবতার। যুগাবতার আর শক্ত্যাবেশাবতার॥ ১৬॥

সেই প্রমাত্মার অসংখ্য অবতার।। ১৬।।

চতুর্বিদশিখায় দৃষ্ট হয়, —বাস্থাদেব, সম্বর্ষণ, প্রাত্তায়, অনিরুদ্ধরণ চতুর্ব্যুহই আমিং আমিই মংস্থা, কুর্মা, বরাহ, নৃসিংহ, বামন, ভার্গব, রাম, বৃদ্ধ, কল্পি ইত্যাদি অবতার-সমূহের মূল পুরুষ। শ্রীমন্তাগবতে,—হে শৌনকাদি দিজগণ! যেরপ বৃহৎ জলাশয় হইতে সহস্র সহস্র জলপ্রবাহ বহির্গত হয়, সেইরপ সন্ধনিধি ভগবান্ শ্রীহরির অসংখ্য অবতার হইয়া থাকে। ভগবানের ছয় প্রকার অবতারের কথা শ্রীমন্মহাপ্রভু উল্লেখ করিয়াছেন। [১৬]

ওঁ হরিঃ ॥ সর্বে চিচ্ছক্তিমন্তো মহেশ্বরাঃ ॥ হরিঃ ওঁ ॥ ১৭॥

চতুর্বেদশিখায়াং। নৈবেতে জায়ন্তে নৈতেষামজ্ঞানবন্ধো ন মুক্তিঃ সর্ব্ব এষ্টেতে পূর্ণা অজরা অমৃতাঃ প্রমাঃ প্রমানন্দ ইতি॥ বারাহে। স্বাংশশ্চাথো বিভিন্নাংশ ইতি দ্বেধাংশ ইয়তে॥ ত্রৈলোক্য সম্মোহন তন্ত্র। ধর্মার্থকামমোক্ষাণামীশ্বরো জগদীশ্বরঃ। সন্তি তন্ত মহাভাগা অবতারাঃ সহশ্রশঃ॥ শ্রীমমহাপ্রভূ। মায়াতীত পরব্যোম স্বার অবস্থান। বিশ্বে অবত্রি ধরি অবতার নাম॥১৭॥ অংশাবতার, লীলাবতার, যুগাবতার সকলেই চিচ্ছক্তিমান মহেশ্বর॥ ১৭॥

চতুর্বেদশিখা বলেন,—এই অবতারসমূহের কোনরূপ প্রাকৃত জন্ম নাই, অজ্ঞানবন্ধন, বন্ধনমূক্তি ইত্যাদি কোন ব্যাপারই তাঁহাদের নাই। তাঁহারা সকলে পূর্ণ পুরুষ, জরাবিহান, অমৃত্রয়, সর্বশ্রেষ্ঠ, পর্মানন্দময় ইত্যাদি। বরাহপুরাণ বলেন,—ভগবানের ছই প্রকারের অংশ বর্তমান, তাঁহাদের মধ্যে ভগবদবতার-সকল স্বাংশরূপ বিভূতৈত্য এবং জীবসকল বিভিন্নাংশরূপ অণুতৈত্য। তালোক্য সন্মোহন তন্ত্রে,—জগতের জীবসকলকে ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ প্রদানে সমর্থ প্রভূই জগদীশ্বর। সেই পর্মপুরুষের সহস্র সহস্র অবতারসমূহ বর্তমান। শ্রীমন্মহাপ্রভূ বলেন,—ভগবানের সমস্ত অবতারগণ নিজ নিজ ধামে পরব্যামে নিত্যকাল অবস্থান করেন এবং সেচ্ছাক্রমে বিশ্ববন্ধাণ্ডে অবতীর্ণ হইয়া অবতার বলিয়া পরিচিত হন। [১৭]

ওঁ হরিঃ॥ ভক্তে পূর্বপুরুষো ভগবান্।। হরিঃ ওঁ।। ১৮।।

শ্বেতাশতরে। বেদাহমেতং পুরুষং মহান্তং আদিত্য বর্ণং তমস: পরস্তাৎ। তমেব বিদিয়াহিতি
মৃত্যুমেতি নাল্যঃ পদ্ম বিভাতে হয়নায়।। গর্গ সংহিতায়াং পূর্বঃ পুরাণঃ পুরুষোন্তমোন্তমঃ পারাংশারেশ
যঃ পুরুষঃ পরমেশ্বরঃ। স্বয়ং সদানন্দময়ং কুপাকরং তং শ্রণং ব্রজামহেম্।। শ্রীনিম্বাদিত্যস্বামী।
সভাবতোহপাস্ত-সমস্তদোষমশেষ-কল্যাণ গুণৈকরাশিং। ব্যুহাঙ্গিনং ব্রহ্মপরং বরেণ্যং ধ্যায়েম
কৃষণং কমলেক্ষণং হরিম্।। ১৮।।

শুদ্ধ ভক্তিমার্গে সেই তত্ত্ব পূর্ণপুরুষ ভগবৎ স্বরূপে প্রকাশ ॥ ১৮॥

শ্বেতাশ্বতর উপনিষদে মন্ত্রদ্রষ্ঠা ঋষি বলিতেছেন,—আমি জানিয়াছি, সূর্যের মত স্বয়ংপ্রকাশরপ সেই জ্যোতির্ময় বিশ্বব্যালী মহাপুরুষই ইনি। তিনি অজ্ঞানান্ধকারের অর্থাৎ মায়ার অতীত। তাঁহাকে স্বরূপতঃ জানিয়া উপাসনা করিলেই মৃত্যুর কবল হইতে পরিত্রাণ পাওয়া যায়, পরমপদ-প্রাপ্তির আর কোন দ্বিতীয় উপায় নাই। গর্গ সংহিতায়.—সেই পূর্ণপুরুষ অনাদি, নিত্য-নবীন, শ্রেষ্ঠ পুরুষোত্তম, পরাৎপর যিনি, তিনিই পরমেশ্বর। তিনি স্বয়ং সদানন্দ পরিপূর্ণ, কুপাবারিধি, গুণসমুদ্র, আমি তাঁহার শরণাগতি গ্রহণ করিলাম। শ্রীনিম্বার্ক স্বামী বলেন,—সেই ভগবতত্ত্ব স্বভাবতঃ সমস্ত দোষশূন্ত, কেবলমাত্র অশেষরূপ কল্যাণগুণরাশি, চতুর্ব্যহের মূলরূপ; পরব্দ্ধস্বরূপ, সর্বদেবগণের আরাধ্য বস্তু। এতাদৃশ কমললোচন হরি-শ্রীকৃষ্ণের রূপ, গুণ, লীলাদি ধ্যান করি। [১৮]

उँ इतिः ॥ अनार्य माधूर्रियर्यएडएम्स ७९ यक्तश्मिश जितिसम् ॥ इतिः उँ ॥ ५৯ ॥

শ্বেতাপতরে। তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং তং দেবতানাং পরমঞ্চ দৈবতং। প্রতিং প্রতীনাং পরমং পরস্তাৎ বিদাম দেবং ভূবনেশমীডাম্।। মহান্ প্রভূবি পুরুষঃ সন্তব্দেষঃ প্রবর্তকঃ। স্থনিশ্বলামিমাং প্রাপ্তিনীশানো জ্যোতিরবায়ঃ।। গোপালোপনিষদি। সংপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈত্যতাম্বরম্। দিছুলং মৌনমুজাঢ়াং বনমালিনমীশ্বরং।। মন্তঃ। প্রশাসিতারং সর্বেষাং অনীয়াংস মনোরপি। কক্ষাভং স্বপ্রধীগম্যং বিছাত্তং পুরুষং পরম্।। ভাগবতে। ন যত্র কালোহনিমিষাং পরঃ প্রভুঃ।। নারদপঞ্চরাত্রে। মণির্যথা বিভাগেন নীলপীতাদিভিযুক্তঃ। কপভেদমবাগোতি ধ্যানভেদাত্তথাচ্যুতঃ।। শ্রীচৈতন্ম চরিতামূতে। সেই নারায়ণ কৃষ্ণের সরূপ অভেদ। সেই ত গোবিন্দ সাক্ষাক্তৈতন্ম গোসাঞী। জীব নিস্তারিতে এছে দয়ালু আর নাই।৷ শ্রীচৈতন্ম চন্দ্রোদয় নাটকে শ্রীমদদ্বৈত প্রভু। নবকুবলয় দাম শ্রামলো বাম জন্তবা হিততদিতর জন্তবঃ কোপি দিব্যঃ কিশোরঃ। বিমিব স স ইবছং গোচরোনৈব ভেদঃ কথ্য রূপ্যমহো মে জাগ্রতঃ সপ্র এষঃ।। ১৯।।

সেই ভগবৎ স্বরূপ ঐশ্বর্য, মাধুর্য ও উদার্য স্বরূপ ভেদে ত্রিবিধ প্রকাশমান ॥ ১৯ ॥

শ্বেতাশ্বতর উপনিষদে। সেই ভগবান্ ব্রহ্মাদি ঈশ্বরগণেরও পরম নিয়ন্তা, ইন্দ্রাদি দেবগণেরও পরমপূজা দেবতা, প্রজাপতিদিগেরও অধিপতি এবং অক্ষর ব্রহ্ম হইতে যিনি শ্রেষ্ঠ, সেই সমগ্রবিশ্বের পরমেশ্বর স্তবনীয় পুরুষোত্তমকে আমরা ধ্যানকরি। সেই মহাপ্রভু সর্ববজীবের অন্তর্যামী সর্বেবাত্তম, সর্বশক্তিমান্ তিনি জগতের স্টি, স্থিতি, লয় কার্যে একমাত্র সমর্থ, জীবের নিগ্রহানুগ্রহ তাঁহারই অধীন, ইহাতে কোন সন্দেহ নাই। তিনিই সত্ত্বণান্থিত অন্তঃকরণের প্রবর্তক যেহেতু তিনি সর্বনিয়ন্তা, জ্যোতির্মায় প্রকাশস্বরূপ অবিনাশী পরতত্ত্ব। ভগবানের স্বরূপ সহন্ধে গোপালতাপনী উপনিষদ্ বলেন,—সেই ভগবানের নয়নদ্বয় বিকশিত নবীন কমলপুষ্পের তায় স্থন্দর এবং অরুণ-বর্ণযুক্ত, তাঁহার অঙ্গের প্রভা নীলনীরদের স্থায় শ্রামবর্ণ, তাঁহার পরিধানের বসন স্থির বিহ্যুতের গ্রায় উজ্জ্বল পীতবর্ণ; তিনি দিভুজ কিশোর নরাকৃতি গোপবেশ, অসীম মাধুর্যময় আত্মানন্দজনিত মৌনমুদ্রাসমন্থিত তাঁর মন্দহাস্তযুক্ত বন্দনারবিন্দ, সেই পরমেশ্বর শ্রীকুষ্ণ আপাদ কণ্ঠলম্বিত বন্মালা ধারণ করিয়াছেন। মনু বলেন; - সমস্ত জীবগণের শাসনকর্তা সেই ভগবান স্বর্ণত্যু তিবিশিষ্ট, সমাধি দশা লব্ধ বৃদ্ধিগম্য, সেই মহাপ্রভুকেই প্রমপুরুষ বলিয়া জানিবে। ভাগবত বলেন,—দেবতাগণেরও পরমপ্রভুরূপ কাল সে পরমেশ্বরে কোন কার্যক্ষম হয় না। নারদপঞ্চরাত্তে, স্মণি যেমন শিল্পীর কলাচাতুর্ঘারা নীল পীতাদি বর্ণ সমন্বিত হয়, তথা ভগবান্ অচ্যুত্ও ঐশ্বর্থ, মাধুর্য, উদার্য প্রেমযুক্ত ভক্তগণের ধ্যান অনুসারে ভিন্ন ভিন্ন রূপে প্রতিভাত হন। চৈতন্ত চরিতামৃতও সেই পরতত্তকে ঐশ্বর্য-বিগ্রহ নারায়ণ, মাধুর্য-বিগ্রহ জ্রীকৃষ্ণ ও উদার্য-বিগ্রহ চৈত্যদেবরূপে স্থাপনা করে। সেই পরম দয়ালু চৈতগুচন্দ্রই কলিহত জীবের সন্ত্রাণকর্তা। শ্রীচৈতগু-চন্দ্রোদয়ে শ্রীঅদ্বৈতাচার্যের উক্তি,— নব কুবলয়দামসদৃশ এক অনিবঁচনীয় দিবা কিশোর বাম জঙ্ঘার উপরি দক্ষিণ জঙ্ঘা স্থাপনপূর্বক দণ্ডায়মান রহিয়াছেন। হে প্রভো, তিনি তোমার ন্যায় এবং তুমি তাঁহার ভায় দৃষ্টিগোচর হইতেছ, কিছুমাত্র প্রভেদ নাই। অহো! ইহা কিরপে আমার জাগ্রত অবস্থার স্বপ্ন ? [১৯]

ওঁ হরিঃ।। স্বেন ধালাক্মশক্ত্যা চ সোহপ্যবতরতি।। হরিঃ ওঁ।। ২০।।

ইতি শ্রীআয়ায় সূত্রে সম্বন্ধত বিরূপণে স্বরূপ প্রকরণং সমাপ্তম্।

চৈতন্তোপনিষদি। গৌরঃ সর্বাত্থা মহাপুরুষো মহাত্থা মহাযোগী ত্রিগুণাতীত সন্তর্মপো ভলিং লোকে কাশ্যতীতি। তলবকারে। তরৈষাং বিজ্ঞো তেভ্যো হ প্রাত্র্বভূব। তন্মাং তিরোদধে।। কালিকাপুরাণে দেবীস্ততৌ। যস্ম ক্রকাদয়ো দেবা মূনয়শ্চ তপোধনাঃ। ন বিরুষন্তি রূপাণি বর্ণনীয়ঃ কথং স মে।। শ্রীগোবিন্দদাসম্ম প্রার্থনা। হরি হরি বড় ছঃখ রহল মরমে। গৌর কীর্তনরমে জগজন মাতল, বঞ্চিত মো হেন অধমে॥ ব্রজেন্দ্রনন্দন যেই শচীম্বত ভেল সেই, বলরাম হইল নিতাই। দীন হীন যত ছিল, হরিনামে উদ্ধারিল, তার সাক্ষী জগাই মাধাই।। হেন প্রভূব শ্রীচরণে রতি না জন্মিল কেনে, না ভূজিলাম হেন অবতার। দারুণ বিষয় বিষয়, সতত মজিয়া রয়ৣ, মুখে দিয়ু জ্বলন্ত অঙ্গার॥ এমন দয়ালু দাতা আর না পাইব কোথা, পাইয়া হেলায় হারাইয়ু। গোবিন্দদাসিয়া কয়, অনলে পুড়িয়ু নয়, সহজেই আত্মঘাতি হইয়ু॥ ২০॥

ইতি স্বরূপ প্রকরণ ভাষ্যং সমাপ্তম্।।

সেই ভগবৎ স্বৰূপ স্বীয় ধামের সহিত আত্মশক্তিবলে প্রপঞ্চে অবতীর্ণ হন।। ২০।।

অথর্ব বেদান্তর্গত চৈতন্তোপনিগদ্ বলেন,—মহাপুরুষ গৌরাঙ্গদেব সমস্ত প্রাণিগণেব অন্তর্গামী পরমাআ, তিনি ভক্তিযোগ বিস্তারার্থ ভক্তরূপে অবতীর্ণ ইইয়া ত্রিগুণাতীত বিশুদ্ধসন্তরূপ যে প্রেমভক্তি তাহা জগজীবকে বিতরণ ক্রিবেন। তলবকার উপনিষদে,—পরব্রহ্ম বিষ্ণু দেবতাগণের অজ্ঞতা ব্রিলেন এবং তাহাদের প্রতি অনুকম্পাবশতঃ তাহাদের সেই মিথা। অভিমান দ্রীকরণার্থ স্বীয় শ্রুচিন্ত্য-প্রভাবে এক অভূত প্রাণিরূপে তাহাদের সম্মুখে প্রাত্ত্তিত হইলেন ইত্যাদি। অনন্তর মক্ষর্কপর্ধারী শ্রীবিষ্ণু সেই স্থান হইতে অন্তর্হিত হইলেন। কালিকা পুরাণে দেবস্তুতিতে,—মাহার স্বর্কপর্কাদিদেবগণ, তপোধান পরায়ণ মুনিগণ ইত্যাদি সকলে ব্যক্ত করিতে পারে না, তাহার বর্ণনা কিপ্রকারে করিব ? শ্রীগোবিন্দদাসের প্রার্থনার মর্ম সহজ্ঞে বোধগম্য হয়। [২০]

ইতি স্বরূপ প্রকরণ ভাষ্যানুবাদ সমাপ্ত।

ধাম প্রকরণম্

ওঁ হরিঃ।। তত্তৎ স্বরূপ বৈভবং ধামনিচয়ম্।। ২১।।

মৃগুকে। সত্যেন লভ্যস্তপসা হেষ আত্মা সম্যক্ জ্ঞানেন ব্রন্ধচর্যেন নিত্যং অন্তঃশরীরে জ্যোতির্ময়োহি শুলো যং পশুন্তি যতয়ঃ ক্ষীণ দোষাঃ॥ ব্রন্ধাণ্ডপুরাণে। সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি। সিদ্ধা ব্রহ্মস্থে মগ্না দৈত্যাশ্চ হরিণা হতাঃ॥ শ্রীকবিরাজ গোস্বামী। সন্ধিনীর সার অংশ শুদ্ধ সন্থ নাম। ভগবানের সন্থা হয় তাহাতে বিশ্রাম॥ ২১ ।

মৃগুকে,—নিত্য-সত্য-স্বরূপ ভগবানকে ভক্তিপূর্বক ভজনা দ্বারা, ব্রদ্ধার্য ও তত্ত্বামুশীলন দ্বারা হাদয়-কমলের মধ্যে জ্যোতির্ময়রূপে সেই বিশুদ্ধস্বরূপ পরতত্ত্বকে একান্ত ভক্ত যতিগণ তাঁহার উপাসনা করিয়া তংকলে অবিভাদি দোষমূক্ত হইয়া ভক্তিনেত্র দ্বারা দর্শন করেন। ব্রন্ধাণ্ডপুরাণে,— ত্রিগুণময় তমোরপা মায়াকে অতিক্রম করিয়া বিরজার পরপারে সিদ্ধলোক অবস্থিত; যথায় মায়াতীত সিদ্ধপুরুষগণ থাকেন এবং শ্রীহরিদ্বারা নিহত দৈত্যগণও তথায় বাস করেন। শ্রীচৈতন্তচরিতামূতে স্পেষ্টতঃই উল্লিখিত আছে যে, ভগবানের অন্তরঙ্গা শক্তির সন্ধিনী বৃত্তিদ্বারা প্রকটিত শুদ্ধসত্ত্বময় ধামেই শ্রীভগবান্ অবস্থান করেন। [২১]

ওঁ হরিঃ ॥ জ্যোতির কাণঃ ॥ হরিঃ ওঁ ॥ ২২ ॥

প্রশ্নে। তেষামেবৈষ ব্রহ্মলোকো যেষাং তপো ব্রহ্মচর্যং যেষু সত্যং প্রতিষ্ঠিতম্ ॥ ভাগবতে। মুন্য়ো বাতবসনা শ্রমণা উদ্ধিমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোহমলাঃ ॥ চরিতামুতে। বৈকুষ্ঠ বাহিরে এক জ্যোতির্ম্ময় মণ্ডল। কুঞ্চের অঙ্গের প্রভা পরম উজ্জ্বল ॥ নির্বিশেষ জ্যোতিবিম্ব বাহিরে প্রকাশ। স্বাযুজ্যের অধিকারী তাঁহা পায় লয় ॥ ২২ ॥

জ্যোতিই ব্রন্ধের ধান॥২২॥

প্রশোপনিষদে, শারীর শোষক ব্রতামুষ্ঠায়ী ব্রহ্মচারী ও সত্যনিষ্ঠ ব্যক্তিদিগের ব্রহ্মলোক লাভ হয়।। ভাগবতে, —দিগম্বর, শানশিল, উর্দ্ধরেতা মুনিগণ, শান্ত ও নির্মাল সন্ন্যাসীসকল ব্রহ্মধাম লাভ করেন। চৈত্র চরিতামতের উক্তি অনুসারে সেই নির্বিশেষ জ্যোতির্ময় ব্রহ্মধামে ব্রহ্মসাযুজ্যলক সাধকগণ লয়প্রাপ্ত হন। [২২]

उँ इतिः ॥ विश्वः भत्रमाञ्चनः ॥ इतिः उँ॥ २०॥

কঠে। যদিদং কিঞ্চ জগৎ সর্ববং প্রাণ এজতি নিঃস্তম্। মহন্তমং বজুমুক্ততং য এতদ্বিত্রমূতান্তে ভবন্ধি।। ভয়াদস্থাগ্রিস্তপতি ভয়াত্তপতি সূর্যঃ। ভয়াদিজ্রশ্চ বায়্শ্চ মৃত্যুগাবতি পঞ্চমঃ। পাদ্মে। ত্রিপাদ বিভূতের্ধামস্ত ত্রিপাদ্ভূতং হি তৎপদং। বিভূতির্মায়িকী সর্বব প্রোক্তা পাদাত্মিকা মতঃ॥ শ্রীকবিরাজ। অন্তরাত্মারূপে তিঁহো জগৎ মাধার॥ প্রকৃতি সহিত তাঁর উভয় সম্বন্ধ! তথাপি প্রকৃতিসহ নাহি স্পর্শা গন্ধ।। ২৩।।

বিশ্বই প্রমাত্মার ধাম।। ২৩।।

প্রাণম্বরূপ রক্ষক এবং সর্বলোক-নিয়ামক এই যে ব্রহ্ম, যাহা বিভূ এবং সর্বভীতিপ্রদ, উহা হইতে উৎপন্ন এই যাহা কিছু সমস্ত জগতকে কম্পিত করিতেছেন, যাঁহারা এই ব্রহ্মকে অবগত হন, তাঁহারা অমৃতত্বের অধিকারী। এই ভগবানের শাসনে অগ্নি দাহ করিতেছেন, সূর্য তাপ ও প্রকাশ দিতেছেন, ইক্র, বায়্তু নিজ নিজ কার্য্য করিতেছেন। যমত ভয়ে কার্যতৎপর হইতেছেন। সমস্ত লোকপালগণের নিয়ন্তা যদি কেহ বজ্রোত্তত করের আয় না থাকিতেন, তাহা হইলে তাহাদের

নিয়মিত কার্য্যে প্রবৃত্তি হইত না। পদ্মপুরাণে,—ভগবানের চিন্ময়ধাম তাঁহার ত্রিপাদ বিভূতিদ্বারা সংগঠিত এবং সমস্ত মায়িক বিশ্বব্রমাণ্ড একপাদ বিভূতিদ্বারা রচিত হইয়াছে। ভগবানের একাংশ-শ্বরূপ প্রমাত্মা সমস্ত জীবের অন্তর্যামীরূপে সর্বব্রই অবস্থিত থাকিয়া সকলকে সঞ্জীবিত করিয়া রাখিয়াছেন। স্বৃত্তির আদিতে নিজের ঈক্ষণদ্বারা প্রকৃতিতে শক্তিসঞ্চার করা এবং স্বৃত্তির পরে অন্তর্যামীরূপে তাহাকে চালিত করা, এই তুই কার্যদ্বারা প্রমাত্মার প্রকৃতি সম্বন্ধ থাকিলেও এই মায়িক প্রকৃতির সহিত্ত তাঁহার কোন গদ্ধ স্পর্ণই নাই। ইহাই তাঁহার অচিন্তা এশ্বর্যা প্রভাব। [২০]

ওঁ হরিঃ ॥ পরব্যোম ভগবত: ॥ হরিঃ ওঁ ॥ ২৪॥

ইতি শ্রীআমার সূত্রে সম্বন্ধতত্ত্ব নিরূপণে ধামপ্রকরণং সমাপ্তম্।

তৈতিরীয়ে। ওঁ ব্রহ্মবিদাপ্নোতি প্রম্। সত্যং জ্ঞান্মনন্তং ব্রহ্ম যো বেদ নিহিতং গুহায়াং প্রমে ব্যোমন্ সোহশুন্ত সর্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতেতি।। গীতায়াং। ন তন্তাসয়তে সূর্যোন শশাঙ্কোন পাবকঃ। যদ্গরা ন নিবর্তত্তে তদ্ধান প্রমং মম।। পাদ্মে। তস্তাঃ পারে প্রব্যোম ব্রিপাদ্ভূতং সনাতন্ম্। অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং প্রমং পদ্ম্॥ শ্রীকবিরাজ। প্রকৃতির পারে প্রব্যোম নাম ধাম। তাহার উপরিভাগে কৃষ্ণ লোক খ্যাতি। সর্বোপরি শ্রীগোকুল ব্রহ্মলোক নাম। গোলোকস্থ শেতদ্বীপে বৃন্দাবন ধাম। ২৪।। ইতি ধামপ্রকরণ ভাষ্যং সমাপ্তং।

পরব্যোম সংব্যোমই ভগবানের ধাম॥ ২৪॥

ব্রন্ধন্ত ব্যক্তি পরব্রন্ধকে প্রাপ্ত হন। ব্রন্ধ বস্তু সংস্করণ ও জড় দেশ-কালাদি পরিচ্ছেদর হিত অধোক্ষল বস্তু। যিনি সেই ব্রন্ধকে পরব্যোমে ও হৃদয়াকাশে অবস্থিত জানেন, তিনি ঐ সর্ব্যন্তর্যামী ব্রন্ধের সহিত সর্বপ্রকার অধোক্ষল-ইন্দ্রিয়-প্রীতিবাঞ্চাপর কামনা লাভ করিয়া থাকেন। শীভগবান্ বলেন,—সূর্য, চন্দ্র ও অগ্নি আমার সেই অব্যয়ধামকে প্রকাশ করিতে পারে না। আমার সেই ধাম লাভ করিলে জীব আর আনন্দলাভে নিবৃত্ত হয় না। প্রকৃতির সীমায় অবস্থিত ত্রিগুণের সাম্যাবস্থারপ বিরন্ধা নদী অতিক্রম করিয়া যে পরব্যোম ধাম অবস্থিত, তাহা ভগবানের ত্রিপাদ বিভৃতি সম্পন্ন, অত্রব সনাতন, শাশ্বত অমৃতস্বরূপ, অনন্ত এবং সর্বব্রেষ্ঠ চিন্ময় স্থান। এই চিন্ময় বৈকৃঠের উদ্ধিপ্রক্রেষ্ঠ কৃঞ্ধামরূপ গোলোক, যথায় শ্বেত্দ্বীপ বৃন্দাবন ধাম বিরাজিত আছে। [২৪]

ইতি ধাম প্রকরণের ভাষ্যান্ত্রাদ সমাপ্ত।

বহিরঙ্গা মায়া বৈভব প্রাকরণম্

ওঁ হরিঃ।। স্বরূপ বৈভব প্রতিচ্ছবিরূপা মায়া ।। হরিঃ ওঁ।। ২৫।।

শ্বেতাশ্বতরে। ন তত্র সূর্যো ভাতি ন চন্দ্রতারকং নেমে বিহাতো ভান্তি কুতোহয়মগ্নিঃ। তমেব ভান্তমন্তভাতি সর্ববং তস্ত্র ভাসা সর্বমিদং বিভাতি।। ভাগবতে। ইদং হি বিশ্বং ভগবানিবেতরো যতো জগৎ স্থান নিরোধ সম্ভবাঃ। তদ্ধি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে প্রাদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্। শ্রীজীবঃ। বহিরঙ্গয়া মায়য়াখ্যায়া প্রতিচ্ছবিগত বর্ণসাবল্য স্থানীয় বহিরঙ্গ বৈভবজড়াত্মপ্রধানরূপেণ। আভাসো জ্যোতির্বিস্বস্ত স্বীয় প্রকাশাৎ ব্যবহিত প্রদেশে কথঞ্চিত্চ্ছলিতঃ প্রতিচ্ছবি বিশেষঃ॥ ২৫॥

স্বরূপ বৈভবের প্রতিচ্ছবি মায়া॥২৫॥

খেতাখতর বলেন.—সেই পরমেশ্বরকে জগতের এই সূর্য প্রকাশিত করতে পারে না, যথা চন্দ্র, তারকা, বিত্তাই ইত্যাদি সকল প্রাকৃত জ্যোতি ব্রহ্মবস্তুকে প্রকাশিত করে না, এই অগ্নির ক্ষমতা আছে ? স্বয়ং প্রকাশরূপ অথণ্ড চিন্ময় জ্যোতি সেই ভগবানের অনুগ্রহ দ্বারাই এই সমস্ত জ্যোতিসমূহ প্রকাশ লাভ করে। ভাগবত বলেন, যে কৃষ্ণ হইতে এই জগতের জন্ম, স্থিতি ও প্রলয় হয়, তিনিই এই স্বাই জগতে প্রতিকলিত। এই মায়িক প্রতিকলন হেয় হইলেও প্রতিবিশ্বিত ভগবান্ স্বরূপে প্রতীয়মান। ভগবল্লীলার মুখ্য পঞ্চরস সকল চিজ্জগতে বিচিত্ররূপে উপাদেয়। তত্তৎ প্রতিকলন জগতের জড়ীয় জীব-সংসার। এইরূপ প্রাদেশিক তত্ব তোমাকে দেখাইলাম। প্রীজীব গোস্বামী মায়া সম্বন্ধে প্রভিগবংসন্দর্ভে বলিতেছেন,—মায়া নান্নী বহিরঙ্গা শক্তি প্রতিচ্ছবি বা প্রতিকলনজনিত নানা বর্ণের মিশ্রণ-স্থানীয় বৈচিত্র্যময় তাহার বহিরঙ্গ বৈভব জড়াত্মক প্রধান বা এগুণাত্মিকা প্রকৃতিরূপে অবস্থান র করেন। আভাস-শব্দে জ্যোতির্বিশ্বের স্বীয়প্রকাশ হইতে ব্যবধানমূক অর্থাৎ দূরস্থ প্রদেশে কিছু উক্সলিত প্রতিচ্ছবিকেই ব্র্যাইতেছে। সেই আভাস যেমন জ্যোতির্বিশ্বের বাহিরেই প্রতীত হয়, অথচ জ্যোতির্বিশ্ব ধ্যতীত তাহার প্রতীতি নাই, মায়াও সেইরূপ। ইহা দারা প্রতিক্রবিপর্যায়ভূত আভাসধর্দ্মহেতু সেই মায়াতে 'আভাস' নামও শব্দিত ইয়াছে। [২৫]

उँ इतिः ॥ अभावाणि भजवात्रा ॥ इतिः उँ ॥ २७॥

বৃহদারণ্যকে। অন্ধং তমঃ প্রবিশস্তি যেথবিত্যামুপাসতে।। শ্বেতাশ্বতরে। ক্ষরং প্রধানমিতি।।
মহাসংহিতায়াং। প্রীভূত্বেতি যাভিন্না জীবমায়া-মহাত্মনঃ। আত্মমায়া তদিচ্ছাস্থাদ্ গুণমায়া
জড়াত্মিকা। শ্রীনিম্বাদিত্য স্বামী। মায়া প্রধানাদি পদ প্রবাচ্যা শুক্লাদি ভেদা সমেপি তত্র।
শ্রীজীবঃ। তস্থাপ্যাভাসাখ্যত্বমপি ধ্বনিতম্।। ২৬।।

মায়াই প্রধানাদি পদবাচ্যা।। ২৬।।

থেতাশ্বতর এবং ঈশাবাস্য মন্ত্রানুসারে, —আত্মার চিম্ময়ত্ব বিম্মৃত হইয়া যাঁহারা অবিছারপা মায়ার ভন্ননা করেন, তাঁহারা ঘোর অন্ধকারে প্রবিষ্ট হন। শ্বেতাশ্বতর বলেন —ক্ষরণশীল ও পরিণামিনী এই প্রকৃতি ইত্যাদি। মহাসংহিতায়, — শ্রী, ভূ, তুর্গা ইত্যাদি নামধ্যেযুক্ত ভগবানের সেই পরাশক্তি জীবমায়ারপে, তাঁহার ইচ্ছাময়ী যোগনায়ারপে এবং জড়রপা গুণমায়ারপে ত্রিবিধ-ভাবে প্রতীত হয়। শ্রীমন্নিশ্বার্ক স্বামী বলেন, —প্রধান, প্রকৃতি ইত্যাদি শব্দবাচ্যা এই মায়া শুক্ত, রক্ত ইত্যাদি ত্রিবর্ণাত্মিকা বা সত্ত্ব, রক্ত ও ত্যোগ্ডণাত্মিকা বলিয়া অভিহিতা হইয়াছে। শ্রীজীব-গোস্বামী বলেন, — আভাস শব্দবারাও সেই মায়া শ্বুচিত হইয়াছে। [২৬]

ওঁ হরিঃ ॥ গুণাত্মিকা সুললিভাভ্যাং চিদাবরণী চ ॥ হরিঃ ওঁ ॥ ২৭॥

শ্বেতাশ্বতরে। অষ্টকৈঃ ষড,ভিবিশ্বরপৈকপাঁশং ত্রিমার্গভেদং দ্বিনিমিট্ত্তকমোহম্। মার্কণ্ডের পুরাণে। তরাত্র বিস্ময়েঃ কার্যো যোগনিদ্রা জগৎপতেঃ। মহামায়া হরেশ্চৈতং তয়া সংমোহতে জগং।। গীতায়াং। দৈবী হেষা গুণময়ী মম মায়া হুরতায়া।। শ্রীজীবঃ। যছপীয়ং বহিরঙ্গা তথাপাস্থা-স্কুটস্থাক্তিময়মপি জীবমাবরিতুং সামর্থ্যমন্তীতি। ইয়মপি জীবজ্ঞানমার্ণোতি।। ২৭।।

মায়াই সত্ত্ব-রজ-তম গুণস্বরূপা, সূল ও লিঙ্গ দারা চিদ্বস্তুকে আবৃত করে॥ ২৭॥

ধেতাগতর উপনিষৎ ব্রহ্ম শক্তিকে বিশ্বচক্ররপে বর্ণন করিতেছেন,— মায়ার ছয় প্রকার অন্তর্ক যথা,—প্রকৃতি, মহন্তর, অহন্ধার ও পঞ্চলাত্র—এই প্রকৃত্যন্তর্ক রক্, চর্মা, মাংস, ক্রধির, মেদ, অস্থি, মহ্লা ও শুক্র—এই ধারস্তর্ক, অনিমা, লঘিমা, মহিমা, প্রাপ্তি, প্রাকামা, ঈশিষ, বশিষ ও কামাবসায়িতা—এই ঐশ্বর্যাস্তর্ক, ধর্ম, জ্ঞান, বৈরাগ্যা, এশ্বর্যা, অধর্ম, অজ্ঞান, অবৈরাগ্যা, অনহর্ষ্যা—এই ভাবাইক, ব্রহ্মা, প্রস্লাপতি, দেব, গদ্ধর্ব, মহ্লা, রাক্ষ্য, পিতৃপুরুষ ও পিশাচ—এই দেবাইক, দয়া, ক্রমা, অনক্রা, শোচ, আয়াসহীনতা, মহ্লা, অকার্পরা ও অস্প্রো—এই গুণাইক, এই ছয় প্রকার অইক-চক্রে বৃক্ত বিশ্বচক্র। স্বর্গ প্রভৃতি লোক, পুত্র, কন্থা, স্ত্রী প্রভৃতি ও অন্নাদি বহুবিধ বিষয়ক কামনা যাহার এক মহাপাশ। কর্মা, জ্ঞান, ভক্তি ভেদে বিভিন্ন পথে সে চক্র ঘুরিভেছে। পাপ ও পুণা এই তৃইটির নিমিন্তীভূত এক দেহেন্দ্রিয়, মন:, বৃদ্ধি, জাতি প্রভৃতি অনাত্রাতে আত্মাভিমানরূপ মোহগ্রস্ত সেই বিশ্বচক্র শ্বিরা দর্শন করিলেন। মার্কণ্ডেয় পুরাণে,—জগৎপতি প্রীহরির যোগমায়ার অচিন্তা কার্যাসমূহে বিশ্বরের প্রয়োজন নাই; কারণ তাহার ছায়ারূপা মহামায়া সমস্ত জগজ্জীবকে মোহিত করিয়া রাথিয়াছে। তথা গীতায়, ভগবান্ বলৈন,—এই মায়া আমারই শক্তি, অতএব জীবের পক্ষে স্থভাবৰশতঃ তুরতিক্রমা। শ্রিজীবগোসামী বলেন,—মহামায়াশক্তি যদিও বহিরঙ্গা, তথাপি ভটস্থশক্তিময় জীবসকলকেও আরুত করিবার শক্তি এই মায়া ধারণ করে। বহির্মুখ জীবের স্বতঃসিদ্ধ জ্ঞানকে এই মায়া আরুত করিয়া রাথে। [২৭]

ওঁ হরিঃ।। তিমান্ দেশ কাল কর্মাদি জড় ব্যাপার বিশেষাঃ।। হরিঃ ওঁ।। ২৮।।

শ্বেতাশ্বতরে,—ছন্দাংসি যজ্ঞা ক্রতবো ব্রতাণি ভূতং ভব্যং যচ্চ বেদা বদন্তি যম্মান্ মায়ী স্ক্রতে বিশ্বমেতং তিমিং চাল্ডো মায়য়া সন্নিক্রিং।। ভাগবতে। সা বা এতপ্ত সন্দুষ্টু: শক্তিঃ সদসদান্থিকা। মায়া নাম মহাভাগ যয়েদং নির্মমে বিভূঃ।। শ্রীবলদেব বিভাভূষণঃ। প্রকৃতিঃ সন্থাদিগুণ সাম্যাবস্থা তনোমায়াদি শন্দবাচ্যা কালন্ত নিমিত্তভূতো জড়দ্রব্য বিশেষঃ কর্মাতু জড়মদৃষ্টাদি ব্যপদেশ্যমনাদি বিনাশীচ।। ২৮।।

সেই মায়াতেই দেশ-কাল-কর্মাদি জড় ব্যাপার বিশেষ সকল বর্ত্যান।। ২৮।।

ধেতাশতরে,— চারিবেদ, গায়ত্রাদি ছন্দসমূহ, জ্যোতিষ্টোমাদি যজ্ঞ, অভাভ শুভকর্মন সদাচারাদি ক্রিয়া, চাল্রায়ণাদি ব্রত, ভূত, ভবিষ্তং ও বর্তমান এবং আরও যাহা কিছু বেদশাস্ত্র প্রতিপাদন করেন, এই সমৃদ্য় বিশ্বপ্রপঞ্চই পরমেশ্বর স্থীয় প্রফৃতি হইতে স্কন করেন এবং এই স্বষ্ট জগতে বন্ধজীব মায়ার দ্বারা আবন্ধ হইয়া সমিক্রম্ন থাকে। শ্রীমন্ত্রাগবতে মৈত্রেয়োক্তিতে,— দ্রুষ্ট্রমন্ত্রপ পরমেশ্বরের দ্রুষ্ট্র-দৃশ্যান্ত্রসমানরূপা বা কার্য্যকারণরূপা শক্তিই মায়া। হে মহাভাগ, এই মায়াশক্তির দ্বারাই পরমেশ্বর পরিদৃশ্যমান বিশ্ব স্থিট করিয়াছেন। শ্রীবলদেব বিভাভূষণ বলেন,— প্রশ্বতি সন্ত্র, রক্তঃ ও তমোগুণের সাম্যাবস্থা। উহা তমোমায়াদি শব্দ বাচ্যা। প্রকৃতি সম্পরের ক্রমণে সমর্থা হইয়া বিচিত্র জগৎ স্কন করে। কাল হচ্ছে—ভূত, ভবিষ্তং ও বর্ত্তমান, যুগপৎ, চির, ক্রিপ্রাদি শব্দ প্রযোগের কারণভূত, ক্ষণ হইতে পরার্থ পর্যান্ত্র উপাধি বিশিষ্ট, চক্রবৎ পরিবর্তনশীল, প্রলয় ও স্কীর নিমিত্ত্ত জড়দ্রব্য বিশেষ। কর্ম্ম জড় পদার্থ, অনুষ্টাদি শব্দ ব্যপদেশ্য, অনাদি ও বিনশ্বর। [২৮]

ওঁ হরিঃ।। বহিরঙ্গ বৈচিত্রস্ত অন্তরঙ্গ বৈচিত্র বিকৃতিঃ ।। হরিঃ ওঁ।। ২৯।।

ইতি শ্রীআমায়সূত্রে সম্বন্ধতত্ত্ব নিরপণে বহিরক্ষ মায়া বৈভব প্রকরণং সমাপ্তম্।

মুগুকে। যদ্মিন্দিঃ পৃথিবী চান্তরীক্ষং ওতং মনঃ সহ প্রাণেশ্চ সর্বৈঃ। তমেবৈকং জানথ আআনম্ অন্থা বাচো বিমুঞ্জামৃতস্থৈষ সেতুঃ॥ এতস্তোবানন্দস্থান্থানি ভূতানি মাত্রামুপজীবন্তি॥ ভাগৰতে। ভূতানাং নভ আদিনাং যদ্যত্ব্যাবরাবরং। তেষাং প্রান্ত্রংগগগৈং যথা সংখ্যং গুণান্ বিজঃ॥ শ্রীমন্মহাপ্রভূ। যৈছে সূর্যের স্থানে ভাসয়ে আভাস। সূর্য বিনা স্বতঃ তার না হয় প্রকাশ। বিন্থাপতি ঠাকুরের অপ্রাকৃত বুন্দাবন বর্ণন। বহিরঙ্গ প্রাকৃত বৈচিত্র্য ইহার বিকৃতি। নব বুন্দাবন, নবীন তরুগণ, নব নব বিকশিত ফুল। নবীন বসন্ত, নবীন মলয়ানিল, মাতল নব অলিকুল। বিহরই নওল কিশোর, কালিন্দী পুলিন, কুঞ্জ নব শোভন, নব নব প্রেম বিভোর। নবীন রসাল, মুকুল মধু মাতিয়া নব কোকিল কুল গায়। নব যুবতীগণ, চিত উনতায়ই নবরসে কাননে ধায়। নব যুবরাজ্ঞ, নবীন নাগরী মিলয়ে নব নব ভাতি। নিতি নিতি এছন, নব নব খেলন, বিছাপতি মতি মাতি ইতি॥ ২৯॥ ইতি বহিরঙ্গ মায়া বৈভব প্রকরণ ভাগং সমাপ্তম্।

বহিরক বিচিত্রতা অন্তরক বিচিত্রতার বিকার বিশেষ।। ২৯।।

মুগুকোপনিষদে স্বর্গলোক, মর্ন্তালোক, ও অন্তরীক্ষা, ইন্দ্রিয়বর্গ, মন, প্রাণ, বায়ু এই সকলই পরবলো এথিত আছে। হে বংসগণ, তোমরা সর্ব্বাশ্রয় সেই অদ্বিতীয় পরমাত্মাকেই জানিও। তিনিই তোমাদের এবং সকল প্রাণীর নিয়ন্তা, অন্তর্গামী, পরমাত্মা, তাঁহাকে জানিয়া অন্ত অপরা বিছা তাগি কর, যেহেতু এই পরমাত্ম জ্ঞানই সংদার-সাগরের পরপারে যাইবার পথ। ভগবান্ আনন্দময় বলিয়াই এই সংসারবদ্ধ জীবগণ পর্যান্ত আনন্দের অনুসন্ধানেই জীবন ধারণ করিয়া থাকে। ভাগবতে,—হে বিত্র, আকাশাদি পঞ্চত্তের মধ্যে যে যে ভূত ক্রমশঃ নিকৃষ্ট, তাহাদের সহিত স্ব-স্ব কারণের ক্রমশঃ সম্বন্ধ থাকা হেতু উত্তরোত্তর পর পর ভূতের অধিক গুণ জানিতে হইবে। স্থের অবস্থান হেতুই যেমন আভাস অন্তিম্ব লাভ করে, ভগবানের অন্তরকা শক্তিরই অনুকরণে আভাসপ্রাপ্ত জড়া মায়া ব্রন্ধাণ্ডে কার্য করে। এইজন্ম চিমায়বন্ত্ব মায়িকবন্ত্ব হইতে ভিন্ন ও বিলক্ষণ হইলেও, ভাষায় বর্ণিত হওয়ার সময় একপ্রকারই শ্রুত হয় তার দৃষ্টান্ত দেখা যায় উপরোক্ত অপ্রাকৃত বৃন্দাবন বর্ণন প্রসঙ্গে। [২৯]

ইতি বহিরঙ্গ মায়া বৈভব প্রকরণ ভাষ্যান্থবাদ সমাপ্ত।

জীবতত্ব প্রকরণম্

ওঁ হরিঃ ॥ পরাত্ম-সূর্যকিরণ পরমাণবো জীবাঃ।। হরিঃ ওঁ।। ৩০।।

বৃহদারণ্যকে। যথাগ্নে কুদা বিজুলিক্সা বৃষ্কেরন্তি এবমেবাস্মাদাত্মন সর্কানি ভূতানি বৃষ্কেরন্তি।। শ্বেতাশ্বতরে। বালাগ্রশত ভাগস্ত শতধা কল্লিতস্ত চ। ভাগো জীবঃ সবিজ্ঞেয়ঃ সচানন্তায় কল্লতে।। গীতায়াং। ভূমিরাপোনলো বায়ু খং মনো বৃদ্ধিরেব চ। অহস্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরস্থা। অপরেয়মিতস্কৃতাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগং॥ শ্রীমন্মহাপ্রভূ। জীবের সর্ধপ হয় ক্ষেত্র নিত্য দাস। কৃষ্ণের তটন্থা শক্তি ভেদাভেদ প্রকাশ। সূর্যাংশু কিরণ যেন অগ্নি জালা চয়।। ৩০।।

প্রমাত্মারপ সূর্যের কিরণ প্রমাণু স্বরূপ জীবসকল। ৩০।

বৃহদারণ্যক, জীব সম্বন্ধে বলেন, — অগ্নি হইতে যেমন কুদ্র কুদ্র বহু বিজুলিসসকল নির্গত হয়, তদ্রপ সর্ব্বাত্মা কৃষ্ণ হইতে বিভিন্নাংশ জীবসমূহ উদিত হইয়াছে। শ্বেতাশ্বতর বলেন, — এই জীবাত্মার পরিমাণ বহু স্কা, অর্থাৎ একটি কেশের অগ্রভাগকে শতভাগে বিভক্ত করিয়া সেই অংশকে পুনরায় শতভাগে বিভক্ত করিলে তাহার একভাগের যেরপ পরিমাণ সেইরপ জীবের পরিমাণ। কিন্তু স্বর্গতঃ সেই জীব অনন্তর্গ চিন্নয় ধর্মের অধিকারী। জীব সম্বন্ধে ভগবান্ গীতায় বলেন, — ভূমি,

জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি, অহংকার—এই প্রকারে আমার মায়াশক্তি অস্টবিধ ভেদবিশিষ্ট। এতদ্বাতীত আমার একটা তটন্থা প্রকৃতি আছে, যাহাকে 'পরাপ্রকৃতি' বলা যায়। সেই প্রকৃতি চৈত্যারপা ও জীবভূতা; সেই শক্তি হইতে সমস্ত জীব নিঃস্থত হইরা এই জড়জগংকে চৈত্যাবিশিষ্ট করিয়াছে। আমার অন্তরক্ষাশক্তি নিঃস্থত চিচ্ছগৎ ও বহিরক্ষা-শক্তিনিঃস্থত জড়জগং—এই উভয় জগতের উপযোগী বলিয়া জীবশক্তিকে 'তটন্থাশক্তি' বলা যায়। শ্রীমন্মহাপ্রভূ স্পাইই বলিয়াছেন যে, স্বরপতঃ জীবমাত্রই কুঞ্জের নিত্যদাস। কুঞ্জের সহিত যুগপং ভেদ এবং অভেদ বিশিষ্ট হইয়া তাঁহার তটন্থা শক্তির পরমাণুরূপে পরিচয় লাভ করে, তুই প্রকারের উদাহরণ যথা, সূর্যের কিরণ পরমাণু এবং বুহদগ্নির ক্ষুলিক্সমূহ। [৩০]

ওঁ হরি:।। উভয় বৈভবযোগ্যাস্তটৰ ধর্মাৎ।। হরিঃ ওঁ।। ৩১।।

বৃহদারণ্যকে। তস্ত বা এতস্ত পুরুষস্ত দ্বে এব স্থানে ভবত ইদঞ্চ পরলোকস্থানঞ্চ সদ্ধাং তৃতীয়ং স্বপ্নস্থানং ॥ ভাগবতে। তস্মাৎ ভবদ্ভিঃ কর্ত্ববাং কর্মণাং ত্রিগুণাত্মানাং ॥ বীজনির্হরণং যোগঃ প্রবাহ পরমোধিয়ঃ ॥ শ্রীনিয়াদিত্য স্বামী। অনাদি মায়া পরিমুক্তরূপং ত্বেনং বিহুর্বৈ ভগবৎ প্রসাদাং। বদ্ধঞ্চ মুক্তঞ্চ কিল বদ্ধমুক্তং প্রভেদ বাহুল্যং তথাপি বোধ্যং ॥ ৩১ ॥

জীবসকল তটস্থ ধর্ম্মবশতঃ স্বরূপবৈভব ও মায়াবৈভবরূপ উভয় বৈভবের যোগ্য।। ৩১।।

বৃহদারণ্যক বলেন,—সেই জীব-পুরুষের তুইটী স্থান অর্থাৎ এই জড় জগৎ ও চিজ্জগৎ। জীব তত্ত্ত্যের সংযোগস্থলরপ তৃতীয় স্থানে অবস্থিত। সিদ্ধা স্থানে থাকিয়া তিনি জড়বিশ্ব ও চিদ্ধিশ—উভয়ই প্রতাক্ষ করেন।। ভাগবতে প্রীপ্রস্থলাদের উপদেশে—অতএব তোমরা গুণত্রয় সম্ভূত সমস্ত কর্মের বীজনাশক এবং জাগ্রদাদি বৃদ্ধিপ্রবাহনাশক এই ভক্তিযোগ অভ্যাস করিবে। প্রীনিম্বার্কস্বামী বলেন,—ভগবানের প্রসাদদ্বারাই বদ্ধজীব অনাদি মায়িক বন্ধন হইতে মুক্তিলাভ করিয়া স্বরূপ সম্প্রাপ্ত হয়। জীবগণের মধ্যে কেহ বদ্ধ, কেহ মুক্ত, আবার কেহ বদ্ধমুক্ত ইত্যাদি বহুপ্রভেদ দৃষ্ট হয়। [৩১]

ওঁ হরিঃ। স্বরূপত: শুদ্ধ চিন্ময়া:।। হরিঃ ওঁ।। ৩২ ।।

বৃহদারণ্যকে। স্বপ্নেন শরীরমণি প্রহত্যা স্থপ্তঃ স্থানভিচাকশীতি। শুক্রমাদায় পুনরৈতি স্থানং হিরদ্ময়ঃ পুরুষ একহংসঃ।। ভাগবতে। আত্মা নিত্যোহব্যয়ঃ শুদ্ধ একঃ ক্ষেত্রজ্ঞ আশ্রয়ঃ। অবিক্রিয়া স্বদৃগ, হেতুর্ব্যাপকোহসঙ্গ্যনাবৃতঃ।। শ্রীশঙ্করাচার্যস্বামী। অতঃ স্থিতঞ্চিতৎ ন্যায়তো নিত্যং স্বন্ধণং চৈতন্য জ্যোতিষ্টমাত্মনঃ।। ৩২।।

জীবগণ স্বরূপতঃ শুদ্ধচিন্ময়স্বরূপ।। ৩২।।

বৃহদারণাক বলেন, – শরীর মধ্যে একাকী সঞ্চারী জীবাত্মা স্বপ্নাবেশে শরীরকে নিশ্চেষ্ট করিয়া অথচ স্বয়ং ক্রিয়াশীল থাকিয়া ও ইন্দ্রিয়বুন্দের সূক্ষ্ম নাত্রাসকলকে গ্রহণপূর্বক স্বপ্নাবস্তার বাসনাময় বিষয়সকলকে প্রকাশ করেন। অতঃপর তিনি আবার জাগ্রদবস্থায় ফিরিয়া আসেন। ভাগবতে, প্রস্থাদ কহিলেন, আগ্রা নিতা, অব্যয়, শুদ্ধ, এক, ক্ষেত্রজ্ঞ, আশ্রয়, অবিক্রিয়, স্বদৃক্, হেতু, ব্যাপক, অসঙ্গী ও অনাবৃত। শ্রীশঙ্করাচার্য স্বামীও বলেন প্ররপভাবে অবস্থিত জীবাত্মা নিজের নিতাস্বরূপে চৈত্যুরূপ-চিন্ময়বস্তু। [৩২]

ওঁ হরিঃ।। অস্মদর্থাঃ।। হরিঃ ওঁ।। ৩৩।।

থেতাখতরে। অসুষ্ঠনাতো রবিতুলারপং সন্ধল্লাহন্ধার সমহিতো য:। বুদ্ধেও নিনাত্মগুণেন চৈব আরাগ্রমাত্রো হপরোহপি দৃষ্টঃ।। পালোত্তর খণ্ডে। অহমর্থোব্যয়ঃ ক্ষেত্রী ভিন্ন রূপঃ সনাতনঃ। অদাহোহচ্ছেল অক্রেল অশোষ্যাক্ষয় এব চ। এবমাদিগুণৈযুক্তঃ শেষভূতঃ পরস্থাবৈ।। শ্রীমন্মহাপ্রভূ। বৈভিন্নাংশ জীব তাঁর শক্তিতে গণন।। সেই বিভিন্নাংশ জীব তুই ত প্রকার। এক নিতামুক্ত এক নিতা সংসার।। তে।।

জীবগণ প্রত্যেকেই অহং পদবাচ্য বস্তু বিশেষ।। ৩৩।।

শ্রের বলন, — জীবাত্মা অঙ্গুন্ত পরিমিত হদয়াকাশে অবস্থিত, স্বর্গতঃ প্রকাশময়, স্থের তুলা সমস্ত বুদ্ধিই প্রিয় প্রাণাদিকে চেতন প্রকাশ দ্বারা সম্পন্ন করিতেছে, এই জীবাত্মা আবার বন্ধ দশায় নানাপ্রকারের মনোরথ ও অভিমান দ্বারা অভিভূত হইতেছে। অত্যন্ত স্ক্রান্থের হেতৃ অপ্রত্যক্ষ এই জীবাত্মা বন্ধ অবস্থায় মায়িক দেহাদি দ্বারা জরামরণগ্রস্ত হইয়া পরমেশ্বর হইতে ভিন্নবাপে প্রতীত হয়।। পদ্মপুরাণে। এই জীবাত্মা অহং শব্দ বাচা, অবিনাশী, ক্ষেত্রজ্ঞ ঈশ্বরের বিভিন্নাংশ এবং সনাতন বস্তু। তাহা দহনযোগ্য নহে, ছেদিত হয় না, জলে দ্রবীভূত হয় না, বায়্বতে শুক্ষ হয় না, এবং ক্ষয় রহিত। এবস্তৃত গুণবিশিষ্ট জীবাত্মা স্বরপত পরমপুরুষের দাস বলিয়া খ্যাত॥ জীব ত্ইপ্রকারে অবস্থান করে, য়থা—মুক্ত দশায় এবং বন্ধ দশায়; জীব যেহেতৃ অবিনাশী, যেকোন অবস্থায় অবস্থিত জীবসমূহে প্রত্যেকেই ব্যক্তিগতভাবে অত্যৎ পদবাচ্য অর্থাৎ অহং পদদ্বারা স্থাত হইয়া থাকে। [৩৩]

ওঁ হরি:॥ জানজাতৃত্ব গুণকাশ্চ ॥ হরি: ওঁ।। ৩৪।।

মুগুকে। এষোহনুরাত্মা চেতুসা বেদিতব্যো যশ্মিন্ প্রাণঃ পঞ্চধা সন্ধিবেশ। প্রাণৈশ্চিত্তং সর্বমোতং প্রজানাং যশ্মিন্ বিশুদ্ধে বিভবত্যেষ আত্মা॥ ভাগবতে। বিলক্ষণঃ স্থুল স্ক্ষাদ্দেহালাত্মেকিতা স্বন্ত্। যথায়িদিক্ষিণো দাহাদ্দাহকোহন্যঃ প্রকাশকঃ। জ্ঞোহতএব ইতি বেদাস্তস্ত্রং তদ্ধায়ে শ্রীবলদেবঃ। জ্ঞএব আত্মা জ্ঞান স্বন্ধ তে সন্তি জ্ঞাতৃত্বপংঃ। ৩৪।।

জীবগণ জ্ঞানস্বরূপ ও জ্ঞাতৃষরূপ গুণবিশিষ্ট।। ৩৪।।

মুগুকোপনিষদ্ বলেন,—এই জীবাত্মা অণুত্প্রযুক্ত সহজে উপলব্ধ না হইলেও বিশুদ্ধ চিত্তদারা অনুত্ত হইয়া থাকে। পাঁচপ্রকারে বিভক্ত মুখ্যপ্রাণ এই আত্মাকে আশ্রয় করিয়া থাকে,

জীবিগণের ইন্দ্রিয়বর্গ চিত্তের সহিত আত্মাতে ওতপ্রোতভাবে সংযুক্ত হইয়া আছে। ভোগাশায়ুক্ত চিত্ত, অন্তঃকরণ, ইন্দ্রিয় ইত্যাদি আত্মার প্রকাশকে ক্ষম করে। ভক্তির প্রভাবে যখন এ সমস্ত তম্ব ভোগবৃদ্ধি পরিত্যাগ করিয়া নির্মল হয়, তখন সেই জ্যোতিশ্বরূপ আত্মার জ্ঞান স্বরূপত্ব ও জ্ঞাতৃস্বরূপত্ব প্রকাশিত হয়। ভগবান্ একাদশস্করে বলেন,— আমার তটস্থারূপা জীবশক্তির পরিণতিই জীবাত্মা। স্থূলশরীর ও স্কৃত্মশরীর হইতে বিলক্ষণত্ব এই জীব স্ব-স্বরূপের জন্তা ও পর-জন্তা। ইহা যেমন দাহ্য দাক্র হইতে দাহক অগ্নি পৃথক্ এবং তাহা নিজেকেও প্রকাশ করে, যথা নিক্টস্থ বস্তু সমূহকেও প্রকাশ করে। বেদাত্তস্ত্রেও জীবত্মাকে জ্ঞ-তহ্ব বলিয়া নির্দিই করা হইয়াছে। তাহার ভাল্পে শ্রীবলদেব বিত্যাভূষণ বলিয়াছেন,— জীবসমূহ জ্ঞান স্বরূপ এবং জ্ঞাতৃ স্বরূপ তত্ত্ব। [৩৪]

ওঁ হরি।। পরেশবৈমুখ্যাত্তেষামবিজ্ঞাভিনিবেশ:।। হরি: ওঁ ।। ৩৫।।

মৃত্তকে—দ্বা স্থপণা সযুজাসখায়া সমানং বৃক্ষং পরিষস্কজাতে তরোরতঃ পিপ্ললং সাদ্বত্যনশ্বরতোশ অভিচাকশীতি।। সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোহনীশয়া শোচতি মুহুমানঃ। জুষ্ঠং যদা পশ্যত্যতামীশমদা মহিমানমিতি বীতশোকঃ।। ভাগবতে। ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্থাদীশাদপেতস্থ বিপর্যয়োহ-স্মৃতিঃ।। শ্রীনয়নানন্দ দাস। কলি ঘোর তিমিরে গরাসল জগজন ধরম করম বহুদূর। অসাধনে চিন্তামণি, বিধি মিলাওল আনি, গোরা বড় দয়ার ঠাকুর। ভাইরে ভাই গোরাগুণ কহনে না যায়। কত শত আনন, কত চতুরানন, বরণিয়া ওর নাহি পায়। চারিবেদ যড় দরশন পড়িয়া সে যদি গৌরাঙ্গ নাহি ভজে। কিবা তার অধ্যয়ন, লোচন বিহীন যেন, দর্গণে কিবা তার কাজে। বেদ বিদ্যা তুই, কিছুই না জানত, সে যদি গৌরাঙ্গ জানে সার। নয়নানন্দ ভনে, সেই সে সকল জানে, সর্বসিদ্ধি করতলে তার। ৩৫।।

পরমেশ্বর হইতে বিমুখ হওয়ায় তাঁহাদের অবিজ্ঞা ভিনিবেশ ঘটিয়াছে।। ৩৫।।

জীবের পরেশবৈম্খ্য মৃগুকে যথা,—সর্বদা সংযুক্ত সখিভাবাপন্ন তুইটী পক্ষী একদেহরূপ বৃক্ষ আশ্রয় করিয়া আছে; তন্মধ্যে একটা পক্ষী জীব বহুস্বাদযুক্ত হুখ-তুংখরপ পিপ্লল ফল বা কর্মফল ভোগ করে, পরমেশ্বররূপ অন্থ পক্ষীটা কেবল প্রয়োজক কর্তারূপে অবস্থান করিয়া এবং ভোগ না করিয়া সাক্ষীরূপে দর্শন করে। জীব ও অন্তর্যামী পরমাত্মা একই দেহরূপ বৃক্ষে বাস করেন, বহিমুখি জীব দেহাত্মভাব প্রাপ্ত হইয়া অসামর্থ্য প্রযুক্ত মোহিত হইয়া শোক করেন। যখন গুরুকুপাবলে অন্যভক্তগণ কর্তৃক সেবিত পরমেশ্বর ও তাঁহার মহিমাকে দর্শন করেন, তখন তিনি শোকবিমুক্ত হন। শ্রীমদ্বাগবত বলেন,—পরমেশ্বর ইইতে চ্যুত ইইয়া জীবের স্মৃতি বিপর্যয় ঘটিয়াছে। চ্যুত ইইয়া মায়াগুণরূপ দ্বিতীয় বিষয়ে অভিনিবেশ্বশতঃ দেহাত্মাভিমানজনিত ভয় ইইয়াছে। শ্রীনয়নানন্দের কীর্তন দ্বারা ইহাই প্পপ্ত হয় যে, পরমেশ্বরে অন্তরাগবিহীন জাগতিক অনুষ্ঠান সকল কেবল সংসার তুঃখপ্রদ অভবে ব্যর্থ॥ [৩৫]

ওঁ হরিঃ।। স্ব স্বরূপ জমঃ।। হরিঃ ওঁ।। ৩৬।।

বুংদারণ্যকে। তদ্ যথা ত্ণ জালায়ুকা তৃণস্থান্তং গলাংশুমাক্রমনাক্রমাাত্রানম্পসংহরতোবিয়াং পারীরং নিহত্যাবিছাং গময়িরাইল্যমাক্রমনাক্রমাাত্রানমূপসংহরতি॥ অয়নাত্রেদং শারীরং নিহত্যাবিছাং গময়িরাইল্যমবতরং কলাগিতরং রপং কুরুতে পিত্রাং বা গান্ধবং বা দৈবং বা প্রাজাব্যাল্য বাহলেয়াং বা ভূতানাম, ॥ ভাগবতে। জন্তুর্বি ভব এতদ্মিন্ যাং যাং যোনিমন্ত্রজেং। তস্তাং তস্তাং স লভতে নির্ভিং ন বিরজ্ঞাতে॥ আত্মাজায়াস্থ্তাগার পশু দ্বিণবন্ধুষ্ নির্দ্ধ মূল হৃদয় আত্মানং বহুমল্ভে। শ্রীটেতল্য চরিতাম্ভে। মায়ামুয় জীবের নাহি কৃষ্ণ শ্বৃতি জ্ঞান। ৩৬॥

সেই কারণেই তাহাদের স্বীয় স্বরূপ ভ্রম হইয়াছে।। ৩৬।।

নায়াবদ্ধ জীবের অবস্থা বৃহদারণ্যক উপনিষদে যথা,—তৃণা খ্রিত জলোক। ষেমন তৃণের প্রান্ত ভাগে গমন করিয়া অপর আশ্রয় অবলয়নপূর্বক আপনাকে উঠাইয়া লয়, ঠিক তেমনি এই জীব এই শরীরকে ত্যাগ করিয়া উহাকে অচেতন করিয়া—অপর আশ্রয় অবলম্বনপূর্বক আপনাকে তথায় উঠাইয়া লন। এই জীব এই শরীরকে ত্যাগ করিয়া—ইহাকে বিচেতন করিয়া—পিতৃলোক, গদ্ধর্বলোক, দেবলোক, প্রজ্ঞাপতিলোক, ব্রহ্মলোক, অথবা অপরাপর জীবের উপযোগী অভিনব ও অধিকতর উত্তম দেহান্তর নির্মাণ করেন। শ্রীমন্তাগবতে,—এই ভবে জন্তুগণ যে যে ষোনি প্রাপ্ত হয়, সেই সেই যোনিতে নির্বৃতি লাভ করিয়া বিরাগ প্রাপ্ত হয় না। আহা, মায়ার কি মোহ! শরীর, জায়া, স্তুত, আগার, পশু, দ্বিণ, বন্ধু—এই সকলে আসক্তি বন্ধ্যুল করিয়া আপনাকে আপনি বহুমানন করে।। বহিমুপ জীব নিজের কৃঞ্চনান্ত্রহ বিশ্বৃত হইয়া মায়ার দান্তে ব্রহ্মাণ্ড শ্রমণ করে।। তিও]

ওঁ হরি:।। বিষম কামকর্ম বন্ধ: ।। হরি: ওঁ।। ৩৭।।

বৃহদারণাকে। স বা অয়মাত্রা, যথাকারী যথাচারী তথা ভবতি সাধুকারী সাধুর্ভবতি পাপ-কারী পাপোভবতি পুণ্য: পুণ্যেন কর্মণা ভবতি পাপঃ পাপেন॥ ভাগবতে। স দহামান সর্বাঙ্ক এষাম্-দ্বহনাধিনা। করোতাবিরতং মূঢ়ো ছুরিতানি ছ্রাশয়ঃ॥ প্রীমন্মহাপ্রভু। কাম ক্রোধের দাস হইয়া ভাহার লাথি খায়।। ৩৭॥

সেই কারণেই তাহাদের ভয়ম্বর কাম কর্মবন্ধ উপস্থিত হইয়াছে।। ৩৭।।

বৃহদারণ্যকে যাজ্ঞবন্ধ্য বলেন, — সেই জীবাত্মাই আবার যেরপে কার্যকারী ও যেরপে আচারী হন, সেইরপই হইয়া থাকেন — শুভকারী হইলে সাধু হন এবং পাপাচারী হইলে পাপী হন, পুণ্যকর্মের ফলে পুণ্যবান্ এবং পাপকর্মের ফলে পাপবান্ হন। ভাগবতে শ্রীকপিলদেব বলেন, — কুটুমদিগের পোষণ-চিন্তায় সেই ছুব । মূঢ় ব্যক্তির আপাদমন্তক নিরন্তর দ্খীভূত হইতে থাকে; স্কুতরাং সে পাপাচরবে প্রবৃত্ত হয়। কৃষ্ণদান্ত বিশ্বত হওয়ার ফলে ঘোর তৃঃথপ্রদ কামক্রোধের দাস্যে মগ্ন ইইয়া এই বহিম্প জীবগণ তাহাদের লাথি খাইতে থাকে। [৩৭]

ওঁ হরি:।। সুল নিজাভিমান জনিত—সংসারক্রেশাশ্চ।। হরি: ওঁ।। ৩৮।।

কঠে। অবিত্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতস্মত্যমানাঃ। দক্রমানাণঃ পরিয়ন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা যথানাঃ॥ ভাগবতে। তত্রাপ্যজাতনিবে দে৷ ত্রিয়মাণঃ স্বয়ন্ত্তিঃ। জরয়োপাত্ত বৈরূপ্যো মরণাভিমুখো গৃহে॥ চরিতামৃত। অতএব মায়া তারে দেয় সংসার ত্থে। কভুস্বর্গে উঠায় কভূ নরকে ডুবায়। দণ্ড্য জনেরে রাজা যেন নদীতে চুবায়॥ ১৮॥

স্বরপতঃ চিনায় ইইয়াও সেই কারণেই সুল ও লিঙ্গাভিমানজনিত তাঁহাদের সংসাব ক্রেশ হইয়াছে ॥৩৮॥

কঠোপনিষদে যমধর্মরাজ বলেন, – যে সকল সংসারী ব্যক্তি ঘনীভূত অন্ধকারের মত অবিভার মধ্যে স্ত্রীপুত্রাদির লোভে আরুষ্ট হইয়া থাকে, তাহারা নিজেকে বৃদ্ধিমান ও পণ্ডিত শ্রেষ্ঠ বলিয়া শাস্ত্র-বিগহিত পথ অবলম্বন করে, পরিণামে অন্ধকত্ ক নীয়মান অপর অন্ধব্য ক্তির ভায়ে সেই মৃঢ় বাক্তিগণ পুন:পুন: জন্মমরণাদি, সংসার ছঃখই ভোগ করিয়া নিতাকল্যাণ রূপ শ্রেমপথ হইতে বঞ্চিত হয়। শ্রীমন্তাগবতে,—এইর্নপ করিতে করিতে সেই পতিত ব্যক্তি জরাগ্রস্ত হয়, তথাপি তাহার নিবে দ জন্মায় না। যাহাদের পালন করে তাহারা স্বয়ং পালক হইয়া তাহাকে পালন করিতে থাকে। বৈরাগ্য ত' হইল না। এইরূপ মরণাভিমুখে অগ্রসর হইতে থাকে। এই প্রকারে ভগবদ্বহিমু খতারূপ অপরাধের ফলে মায়াদ্বারা প্রদন্ত দণ্ডসকল সংসারবদ্ধ জীব নানা প্রকারে ভোগ করিতে থাকে। [৩৮]

ওঁ হরিঃ।। তৎ সান্ধ্যাৎ সর্বক্লেশনিবৃত্তিঃ স্বরূপ প্রাপ্তিক।। হরিঃ ওঁ।। ৩৯।।

শেতাশ্বতরে। জ্ঞারা দেবং সর্বপাশাপহানিং ক্ষীণেং ক্লেশৈর্জন্ম মৃত্যু প্রহানিঃ। মূণ্ডকে।

যদা পশ্যঃ পশ্যতে রুপ্পর্বর্গ কর্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্যা তদা বিদ্ধান পুণ্যপাপে বিধ্যু নিরঞ্জনঃ

পরমং সাম্যমুপৈতি ॥ শ্রীবিষ্ণুধর্মে। জন্মান্তর সহশ্রেষ্ তপোধ্যান সমাদিভিঃ। নরাণাং ক্ষীণপাপানাং

কৃষ্ণে ভিক্তিঃ প্রজায়তে ॥ ভাগবতে। তাবদ্রয়ং দ্রবিণদেহ স্ক্রিমিজং শোকম্প্ হা পরিভবো বিপুল চ্চ

লোভঃ। তাবন্মমেত্যসদ্বর্গ্রহ আর্তিমূলং যাবন্ধতে ছিল্মভয়ং প্রবৃণীত লোকঃ॥ চরিতামৃতে। সাধু

শোক্ত কৃপায় যদি কৃষ্ণোমুখ হয়। সেই জীব তরে মায়া তাহারে ছাড়য়॥ ৩৯॥

সেই প্রমাত্ম সামুখ্য হইলে পুনরায় সব ক্রেশ নিবৃত্তি ও স্বরূপ প্রাপ্ত হয়।। ৩৯।।

শ্বেতাশ্বতরে, — সাধুপুরুষের অথবা শাস্ত্রের কুপাদারা যখন এই সংসারবদ্ধ জীব ভগবত্তর অবগত হট্যা তাঁহার ভজনা করে, তখন সে অহন্ধার মমকার জনিত প্রাপঞ্চিক বন্ধন হইতে ক্রমে ক্রমে নিচ্চি লাভ করে, জন্ম-মূত্রার ক্রেশ হইতে সম্পূর্ণ মুক্ত হয় এবং ভগবং কুপা বলে মায়াতীত সিদ্ধদেহ লাভ করিয়া পূর্ণ কাম হয়। মূতকোপনিষদে, — যখন সাধন-সিদ্ধ ব্যক্তি স্বর্ণকান্তিসমূহ দারা পরিশোভিত পরমপুরুষ শ্রীহরির দর্শন লাভ করেন, তখন সেই ভাগাবান্ ভক্ত নিজের সমস্ত পূর্ব সঞ্চিত পুণ্য-পাপ সমূহ ক্রয় করিয়া মায়ামুক্ত হট্যা পর্যেশ্বর লাভিছে নিজের চিন্নয়ন্ত্রনপ পূর্ণরূপে প্রাপ্ত হন। শ্রীমন্তাগবত

বলেন, — হে প্রভা, যে পর্যন্ত তোমার অভয় পদকমল লোকে বরণ না করে, সেই কাল পর্যন্ত তাহাদের দ্রবিণ-দেহ-সূহৎমিমিত ভয় হয় এবং শোক, স্পৃহা, আসক্তি ও বিপুল লোভ হইয়া থাকে এবং 'আমি' ও 'আমার' বলিয়া অসদাগ্রহরূপ আতিমূল দূর হয় না।। শ্রীবিষ্ণু ধর্মণান্ত্র বলেন, — পূর্ব পূর্ব সহস্রভামে যাঁহারা তপস্থা, ধ্যান, সমাধিদারা পাপসকল হইতে মূক্ত হইয়াছেন, এমন মহাপুরুষগণের হৃদয়েই কৃষণভক্তি উপয় হয়। সাধুসঙ্গে হবিভজনই চরম শ্রেয়ঃ লাভের একমাত্র নিশ্চিত উপায়। [৩৯]

ওঁ হরিঃ ॥ অন্তরকোপলনিস্তৎ সান্মুখ্যাৎ ।। হরিঃ ওঁ ।। ৪০ ॥

ইতি প্রী আশ্লায় সূত্রে সম্বন্ধতম্নিরপণে জীবতম্ব প্রকরণং সমান্তম্

কঠে। ইন্দ্রিয়েভাঃ পরা হার্থা অর্থেভাশ্চ পরং মনঃ। মনসন্ত পরা বুদিবু দেরাত্মা মহান্ পরঃ॥ মহতঃ পরমবাক্ত মব্যক্তাং পুরুষঃপরঃ পুরুষার পরং কিঞ্জিং সা কাষ্ঠা সা পরা গতিঃ॥ এম সর্বের্ভৃতের্ গুটোত্মান প্রকাশতে। দৃহ্যতে হগ্রায়া বুদ্ধাা সূক্ষ্মা সূক্ষ্মদর্শিভিঃ॥ ভাগবতে। আত্মভারাববাধেন বৈরাগোন দূলেন চ। ঈয়তে ভগবানেভিঃ সগুণো নিগু ণঃ স্বদৃক্ ॥ বিলক্ষণঃ স্থূলস্ক্মান্দেহাদাত্মেক্তিতা স্বদৃক্ । যথাগ্রিদারুণো দাহাাদ্দাহকোহতঃ প্রকাশকঃ॥ প্রী জীবঃ। সাম্মুখাং দিবিধং নির্বিশেষময়ঃ সবিশেষময়ঞ্ছ। তত্রপূর্বাং জ্ঞানং উত্তরন্ত দিবিধং অহংগ্রহোপাসনারূপং ভক্তিক্ষপঞ্চ। চরিতায়তে। ভামতে ভিমতে যদি সাধুবৈত্য পায়। তার উপদেশ মন্ত্রে পিশাচী পালায়॥ কৃষ্ণভক্তি পায় তবে কৃঞ্চ নিকট যায়॥ ৪০॥ ইতি জীবতত্ব প্রকরণ ভাষ্যং সমাপ্তম্॥

অন্তরঙ্গ উপলবিই তাঁহার সাম্মুখ্য।। ৪০।।

অন্তরঙ্গ উপলব্ধির ক্রম যথা কঠোপনিষদে,—চক্লু, কর্ণ, নাসিকাদি ইন্দ্রিয় হইতে ইন্দ্রিয়াকর্ষণ কমতাবিশিষ্ট রূপ, শব্দ, গব্দ, রসাদি বিষয়সমূহ শ্রেষ্ঠ এই বিষয়সমূহ হইতে মন শ্রেষ্ঠ, কারণ মনের অধ্যক্ষতা দ্বারাই ইন্দ্রিয়ের বিষয় মিলন হয়; মন হইতে বৃদ্ধির শ্রেষ্ঠন্ব, সক্ষল্প বিকল্পাত্মিকা বৃদ্ধি হইতে নিশ্চমাত্মিকা বৃদ্ধি শ্রেষ্ঠির দেহীরূপ আত্মা সেই বৃদ্ধি হইতেও প্রধান যেহেতু এই সমস্ত তত্ত্বর জীবাত্মাই প্রভূ। অব্যক্তরূপ। প্রকৃতি বন্ধজীবের পক্ষে ত্রতায়া বলিয়া জীবাত্মা হইতে সেই মায়া শ্রেষ্ঠা; আবার সেই মায়াশক্তি হইতে পরমেশ্বর শ্রীহরি শ্রেষ্ঠিতত্ত্ব সেই পরমেশ্বর হইতে শ্রেষ্ঠ বস্তু আর কিছুই নাই। তিনিই চরম বস্তু এবং জীবের পরমাশ্র্য স্বরূপ। এই পরমেশ্বর সমস্ত প্রাণিগণের হৃদ্ধে অবস্থান করিলেও অত্যন্ত গুড়ভাবে বর্তমান আছেন বলিয়া তিনি কাহারও নিকটে সহজে প্রকাশ পান না। ঐকান্তিক ভগবন্নিষ্ঠ বৃদ্ধিদ্বারা ভক্তযোগিগণ স্ক্রাদর্শিতা লাভ করিয়া হৃদ্যাভান্তরস্থ সেই শ্রীহরির দর্শন করেন। ভাগবতে, আত্মতত্ত্ববোধ দ্বারা ও দৃঢ়বৈরাগ্য দ্বারা প্রথম পর্যায়ে প্রবৃদ্ধিমার্গে স্বর্ধানে স্বর্ধানে স্বর্ধানে করিপে এবং সর্বশেষে ভগবত্তিযোগ দ্বারা স্বপ্রকাশ, স্বরাট, , নিত্য স্ক-স্বরূপে অর্থাৎ ভগবৎস্বরূপে দৃষ্ট ইইয়া থাকেন। এই ভক্তিযোগই স্বর্বপ্রেষ্ঠ পথ। জীব স্ক-স্বরূপের এবং

পরস্বরূপের দ্রষ্টা। দারু হইতে যেমন দাহক-অগ্নি শ্রেষ্ঠ তদ্রুপ সুল দুল দেহ হইতে বিলক্ষণ এই জীবতত্ত্ব শ্রেষ্ঠবস্তা। শ্রীজীব গোস্বামী বলেন,— ঈশ্বর সান্দুখ্য তুই প্রকার যথা, জ্ঞানমার্গ দারা নির্বিশেষ জ্ঞানময় অনুভূতি এবং দ্বিতীয় সবিশেষময় সান্দুখ্যও তুই প্রকার যথা, অহংপ্রহোপাসনারপ অভেদানুভূতি এবং ভক্তিমার্গে নিত্য সেব্য-সেবকরপ প্রেমময় সেবানুভূতি॥ বদ্ধজীবের ব্রহ্মাণ্ড ভ্রমণকালে কোনও ভাগ্যে কোনও জীব যখন সাধ্সঙ্গ লাভ করিয়া তাঁহার উপদেশানুসারে কৃষ্ণোনুখ হয়, তখন ভক্তির প্রভাবে সেই জীব মায়ামুক্ত হইয়া কৃষ্ণচরণপ্রাপ্ত হয়। বহির্দ্ধৃখতা পরিত্যাগ করিয়া জীব ভক্তিবলে অন্তর্মুখীন হইতে পারিলেই ভগবানের সান্দুখ্য লাভ করে। [80]

ইতি জীবতত্ত্ব প্রকরণ ভাষ্যান্ত্রাদ সমাপ্ত।

জীবগতিপ্রকরণম্

ওঁ হরি:।। সংসারদশাশ্চতত্ত্ব:॥ হরি: ওঁ।। ৪১।।

বৃহদারণাকে। তিশ্বন্ শুক্রমূত নীলমাহুঃ পিঙ্গলং হরিতং লোহিতঞ্চ। এষ পন্থা ব্রাহ্মণা হালুবুতে: ॥ ভাগবতে। অদন্তি চৈকং ফলনস্থা গুধ্রা প্রামেচরা একমরণ্যবাসাঃ। হংসা য একং বহুরপমিজ্যৈমায়াময়ং বেদ স বেদ বেদম, ॥ চৈতন্য চরিতামূতে। এছে শাস্ত্র কহু কর্মজ্ঞান যোগত্যজি। ভক্ত্যে কৃষ্ণ বশ হন ভক্ত্যে তার ভজি।। ৪১।।

সংসার দশা চারিপ্রকার।। ৪১॥

জগতের জীবগণ চারিপ্রকার দশা অবলম্বন করিয়া থাকেন। শ্রেয়প্রাপ্তির উচিত ও অনুচিত মার্গ সম্বন্ধে পণ্ডিতগণেরও মতভেদ দেখা যায়। বৃহদারণ্যকে যথা,—কেহ বলেন ঐ মার্গ শুল, আর কেহ বলেন নীল, তথা পিঙ্গল, হরিং বা লোহিত ইত্যাদিরপে ব্রাহ্মণগণ বিচার করিয়া থাকেন। ভাগবত বলেন,—কামীপুরুষগণ এই সংসার-তর্কর ছংখরপে একটি ফল গ্রাম্য ব্যবহারে সেবন করে। হুখরপ নিবৃত্তি-ফলটি অরণ্যবাসী সন্ন্যাসিগণ ভোগ করেন। এই সংসারে গুপুভাবে একটি ফল আছে, সে ফলই আমি। যাঁহারা ক্ষীর-নীর-বিচারচতুর সেই হংস সকল গুরু কুপায় এক হইয়াও বহুরপ যে আমি, আমাকে জানিতে পারেন। সংসার তরুকে মায়াময় বলিয়া যিনি জানেন, তিনিই বেদতাৎপর্য অবগত আছেন। চৈতন্য চরিতামত সেই চারিপ্রকার পথের কথা বলেন যথা,—কর্ম, জ্ঞান, যোগ ও ভক্তি। কেবল ভক্তিদ্বারাই ভগবানকে জানা যায়। [৪১]

उँ इतिः॥ अविषया कर्मन्त्रा ॥ इतिः उँ।। ८२ ॥

কঠে। আশা প্রতীক্ষে সঙ্গতং সূর্তাঞ্চ ইষ্টাপূর্ত্তে পুত্র পশৃংশ্চ সর্বান্। এতদ্র্ডক্তে পুরুষ-স্থাল্পনেধসো যস্তানশ্বন্ বসতি ব্রাহ্মণো গৃহে॥ অত্রিস্মৃতৌ। ইই্টাপূর্ত্ঞ্চ কর্ত্রাং ব্রাহ্মণেনৈব যত্নতঃ। ইত্তেন লভাতে দ্বৰ্গং পূর্ত্তে মোক্ষ বিধায়তে এতদ্দশায়াং বিংশ ধর্ম শাস্ত্র বিধিয়ঃ॥ বেদান্ত স্থানন্তে । বীজাঙ্কুরাদিবদনাদিসিরং কর্মা তং খলু অশুভং শুভঞেতি দ্বিভেদং। বেদেন নিষিদ্ধ নরকান্তনিষ্ঠসাধনং ব্রহ্মণ হননালগুভং। তেন বিহিতং কাম্যাদিতু শুভং। তত্র স্বর্গাদীষ্টসাধনং জ্যোতিষ্টোমাদি কাম্যং অকৃতে প্রতাবায় জনকং সন্ধ্যোপাসনোইগ্নিহোত্রাদি নিত্যং। পুত্র জন্মান্তরুবন্ধি জাতেষ্ট্যাদি নৈমিতিকং ত্রিতক্ষয়করং চান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্রমিতি শুভং বহুবিধম,॥ ৪২ ॥

অবিভা দারা কর্নদশা প্রাপ্ত হয়।। ৪২।।

কর্মদশা সম্বন্ধে কঠোপনিষদে— অকরণে দোষাবহ কর্ম যথা; যে গৃহস্থের গৃহে ব্রহ্মবিদ্ অতিথি অভুক্তাবিস্থায় অবস্থান করেন. সেই গৃহস্বামীর আশা, অর্থাৎ অন্তংপন বস্তুর প্রাপ্তির বাসনা, প্রতীক্ষা অর্থাৎ উৎপন্ন বস্তুর প্রাপ্তাভিলাষ, সাধুসঙ্গ, প্রিয় সতাবাক্য, ইষ্টাপূর্ত্ত, সমস্ত ফল নিঃশেষে বিনষ্ট হয়, এমনকি পুত্র ও পশুবর্গ সকলই নাশ প্রাপ্ত হয়। অত্তি স্মৃতিতে দৃষ্ট হয়,— ব্রাহ্মণগণ যত্র করিয়া ইট্টাপূর্ত্ত কর্ম করিবেন। যেহেতু ইষ্ট্রদারা স্বর্গবাস এবং পূর্ত্তদারা মোক্ষপ্রাপ্ত হয়। এরূপে বিংশতি ধর্ম্মশাস্ত্রে প্রবৃত্তিমার্গের ব্যক্তিগণকে কর্মকাণ্ডে প্রবৃত্ত করাইবার জন্ম নানারপ প্রলোভন এবং ফলশ্রুতির নির্দেশ দেখা যায়॥ রেদান্ত স্থামন্তকে দৃষ্ট হয়, বীজের অন্ত্র্ররূপ রক্ষ এবং বৃক্ষের উৎপত্তিরূপ বীজ এই তুইয়ের মধ্যে যেমন অব্যবচ্ছিন্ন সম্বন্ধ বর্ত্তমান, তদ্ধপ কর্ম ও কর্মফলের মধ্যে অনাদিসিদ্ধ রম্বন্ধ বর্ত্তমান আছে। এই কর্ম দ্বিবিধ—অশুভ এবং শুভ। তার মধ্যে বেদশাস্ত্রে যাহাকে নিষিদ্ধ কন্ম বলা ইইয়াছে, তাহা নরকাদি অনিষ্ট সাধন করে। ব্রহ্মহত্তাদি কর্মসকল অশুভপ্রদ, বেদবিহিত কাম্যকর্মাদি শুভপ্রদ হয়, যথা ইষ্ট-কর্মাধন স্বর্গপ্রদ, জ্যোতিষ্টোমাদি কর্ম কাম্যকলপ্রদ, সন্ধ্যোপাসনাদি, অগ্নিহোত্রাদি নিত্য-কর্মসকল অন্তত্ত ইইয়া থাকিলে প্রত্যবায়জনক অর্থাৎ দোষপ্রদ হয়। পুত্রজন্মাদি কর্ম অন্তর্গনি, জাতেষ্টি সংস্কারাদি নৈমিন্তিক দোষদূরীকরণার্থ চান্দ্রাদি প্রায়শিতত। এই প্রকারে শুভপ্রদ কর্ম বহুবিধ জানিতে ইইবে। [৪২]

ওঁ হরিঃ।। বিভয়া ন্যাসদশা।। হরিঃ ওঁ।। ৪৩।।

বৃহদারণাকে। সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাং। যাজ্ঞবেল্যস্থৃতে। সর্ব্বভূতহিতঃ শান্ত-স্ত্রিদণ্ডীসকমণ্ডলুঃ একবায়ঃ পরিব্রজ্য ভিক্ষার্থী গ্রামমাশ্র্রেং॥ শ্রীশঙ্করাচার্যঃ। তস্মাদেতে মন্ত্রা আত্মনো যাথাত্ম প্রকাশনেনাত্ম বিষয়ং স্বাভাবিক কর্মবিজ্ঞানং নিবর্ত্য়ন্তঃ শোক-মোহাদি সংসার ধর্ম চিচ্ছক্তিসাধন্মাত্মক হাদি বিজ্ঞানমুৎপাদয়ন্তি॥ ৪৩॥

বিছা দারা ভাস বা নির্কেদ দশা হয়।। ৪৩।।

ঋষি যাজ্ঞবক্ষ্যের নিকট মৈত্রেয়ী বলিলেন,—'যদ্ধারা আমি অমর হইব না, তদ্ধারা আমি কি করিব ? আপনি কেবল অমর্থের সাধনই আমাকে বলূন।' যাজ্ঞবন্ধ্য স্মৃতিও সন্ধ্যাসগ্রহণ সম্বন্ধে বলিতেছেন, —নিবৃত্তিমার্গের অধিকারী ব্যক্তি সর্ব্বজীবের হিত্যাধনায় প্রবৃত্ত হইয়া শান্তভাব অবলম্বন করিয়া ত্রিদণ্ড, কমণ্ডলু, একবন্ধ ইত্যাদি সন্ন্যাস চিহ্ন ধারণ করিয়া পরিব্রাজকরপে বিচরণ করিবেন এবং কেবল ভিক্ষার্থ ই গ্রানের আশ্রয় গ্রহণ করিবেন। শ্রীমচ্ছঙ্করাচার্য বলেন, —যে বৈদিক নম্ভ সকল বলিলান, ইহারা আত্মার ঘথায়থ প্রকাশন দ্বারা আত্মার স্বভাব অনাবৃত্ত করে, সহজে কর্মপ্রভাবকে নিরাস করিয়া শোক-নোহাদিযুক্ত সংসারের অসাবতা জ্ঞাপন করায় এবং আত্মায় চিন্ময় শক্তিসঞ্চার দ্বারা ব্রহ্মবস্তুর সম্বন্ধ ও সাহিধ্য-জ্ঞান উৎপন্ন করায়। [80]

ওঁ হরিঃ॥ ওদাসীন্তাল্লির্ছ ক্ষ দশা।। হরিঃ ওঁ।। ৪৪।।

তলবকারে। নাহং মত্যে স্তবেদেতি নো ন বেদেতি বেদ চ।। শ্রীমন্তগবদ্গীতায়াং। নৈব কিঞিৎ করোমীতি যুক্তো মত্যেত তত্ত্বিৎ। পশ্যন্ শৃথন্ স্পূশন্ জিল্লন্মন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্। প্রলপন্ বিস্করন, গৃহুন, উন্মিষনিমিষন্নপি॥ ভাগবতে। আজ্ঞায়ৈব গুণান, দোষান, ময়াদিষ্টানপি স্বকান্। সলিঙ্গানাশ্রমাংস্ত্যাক্তনা চরেদবিধি গোচরঃ॥ চৈত্যে ভাগবতে শ্রীমন্নিত্যানন্দের উদাসীয়া বিষয়ে। অহনিশ ভাবাবেশে পরম উদাম। সর্ব নদীয়ায় বুলে জ্যোতির্ময় ধাম॥ কিবা যোগী নিত্যানন্দ কিবা তত্ত্বজানী। যার যেমত ইচ্ছা না বলয়ে কেনি॥ ৪৪॥

উদাসীত্য দ্বারা নিদ্ধ ন্দ্রদশা হয়॥ ৪৪॥

কেনোপনিষদে, — ব্রহ্মকে সম্পূর্ণরূপে কেহই জানিতে পারেন না, সেজগু যিনি মনে করেন আমি পূর্ণরূপে ব্রহ্মকে জানিয়াছি, তিনি ঠিক জানেন না; তাই বলিয়া আমি যে ব্রহ্মকে জানি না, তাহাও নহে, অর্থাং ব্রহ্ম বিদিতও বটে অবিদিতও বটে । গুর্বান্থগতো শ্রোতপথে ব্রহ্মস্বরূপ বিদিত হয়, আবার আরোহ পথে নিজের অহনিকায় তিনি অবিদিত। আমাদের মধ্যে যিনি শ্রোত পথে ব্রহ্মকে জানিয়াছেন, তিনিও সাকলো ব্রহ্মকে জানিতে পারেন নাই। আবার যিনি বলেন, — ব্রহ্মকে জানেন নাই, তিনিও ব্রহ্মের স্বরূপের অনন্তর ও অধোক্ষকর বৃঝিতে পারিয়াছেন॥ গীতায়, — কর্ম্মবেগাগী দর্শন, শ্রবণ, স্পর্ণন, প্রাণ, ভোজন, গমন, নিলা ও শ্বাসাদি ক্রিয়া স্বীকার করিয়াও তব্বজ্ঞানবশতঃ 'আমি কিছুই করি নাই' এরপ মনে করেন। প্রলাপ, জব্যত্যাগ, জব্যগ্রহণ, উন্মেষ ও নিমেষ কার্যকালে মনে করেন, 'যে জড়দেহে আমি আছি, উহাই এই সকল করিতেছে, বস্ততঃ আমি কিছুই করি না। শ্রীমন্তাগবতে, — আমার আদিষ্ট ধর্মশাস্ত্রমত স্বধর্মে গুণ-দোষসমূহ জ্ঞাত হইয়াও ব্রিদণ্ডাদি চিহ্নের সহিত সন্নাসধর্মসকল পরিত্যাগ করিয়া দেই আমার ভক্ত বিধিনিষ্বেধের অনধীনরূপে যথোচিত ধর্মাচরণ করিবেন। এরপে ভগবদভাবে বিভাবিত ভক্তিযোগী কর্ম্ম-জ্ঞান, ভোগত্যাগ ইত্যাদি সমস্ত দ্বন্দশা অতিক্রম করিয়া ভগবন্নিষ্ঠতাই অবলম্বন করেন।। এইপ্রকার লক্ষণসমূহ ব্রহ্মভূত এবং শান্তভক্তের আচরণে দৃষ্ট হয়। [88]

ওঁ হরি:।। ভক্তো সর্বতাত্মভাব দশা ।। হরি: ওঁ।। ৪৫।।

ঈশাবাস্যে। ঈশাবাস্থানিদং সর্ববং যথ কিঞ্চ জগতাাং জগং। তেন ত্যক্ত্যেন ভূঞ্জীথা না গৃধঃ কন্দ্রস্থিনন্দ, ॥ কুর্বন্নেবেহ কর্মাণি জিজীবিষেচ্ছতং সনাঃ। এবং দ্বায় নাভথেতােহস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে॥ ভাগবতে। যথ কর্মভির্যন্তপদা জ্ঞানবৈরাগ্যতশ্চ যথ। যোগেন দান ধর্মেণ শ্রেয়ো-ভিরিতরৈরপি॥ সর্ববং মন্তক্তিযোগেন মন্তক্তো লভতেঞ্জসা॥ শ্রীগোড়পূর্ণানন্দ। অয়ং প্রপঞ্চঃ খলু সত্যভূতো মিথ্যা ন চ শ্রীপতি সংগ্রহেণ। শুদ্ধর্মতন্ত্য নিবেদনেন স্বর্গং যথা রাজতি ধাতৃজাতং॥ বৈরাগ্য ভোগাবিতি ভক্তি মধ্যে স্থিতাবৃদাসিনতয়া খলু দ্বো। মহাপ্রসাদগ্রহণন্ত নিত্যং ভোগঃ কদাচিৎ খলু ভক্তিরেব॥ ৪৫॥

ভক্তি হইলে সর্বত চিনায় ভাবদশা হয়।। ৪৫।।

ঈশাবাশ্য উপনিষদ্ বলেন,—এই বিশ্বে যাহা কিছু আছে, সমন্তই ঈশ্বরকর্তৃক আবৃত বা ভোগ্য। অতএব ঈশ্বরকর্তৃক নিজ অনৃষ্ঠানুসারে প্রদন্ত বিষয়সমূহ ত্যাগধর্মসহকারে (যুক্তবৈরাগ্য শ্বীকারপূর্বক) ভগবৎপ্রসাদ বৃদ্ধিতে ভোগ কর। অধিক ভোগ এবং অপরের ধনে আকাজ্জা করিবেনা। এই জগতে উক্তপ্রকারে বেদবিহিত ও ভগবৎ সেবাপর কর্মের সদন্ত্যানদ্বারা একশত বংসর জীবিত থাকিবার ইচ্ছা করিবে। এরপে সকলে সংকর্ম নিরত হইয়া জীবিত থাকিলে কখনো কর্মের ফলে লিপ্ত হইবেনা অর্থাৎ হরিভজনের কর্ম করিলে জগতে কোনরূপ লিপ্ত হইবেনা। শ্রীমন্তাগবতে —শুদ্ধভক্তিতে সকল ওভই প্রাপ্ত হয়। কর্মদ্বারা, তসন্তাদ্বারা, জ্ঞানদ্বারা, বৈরাগ্যদ্বারা দানধর্মদ্বারা এবং অহা যতপ্রকার শ্রেয়ঃ সাধক শুভকর্ম আছে, সে সমুদায়ের দ্বারা যে ফলের সম্ভাবনা থাকে, সে সমুদ্বই আমার ভক্ত ভক্তিযোগের দ্বারা সহজে প্রাপ্ত হন। শ্রীমন্ত্রাচার্য বলেন,—এই পরিনৃশ্যমান প্রপঞ্চ যেহেতু সত্যসন্ত্র শ্রীপতি নারায়ণের দ্বারা শুরু হয়, যথা স্পর্শমণিবারা নিকৃষ্ট ধাতুও স্বর্গনেপ পরিবর্তিত হয়। ভক্তির আশ্রয় ব্যতীত বৈরাগ্য ও ভোগ কেবল নিপ্রয়োজনঃ এই উভয়কেই ভক্তিদেবী উদাধীনরূপে নিজের সান্নিধ্যে আশ্রয় প্রদান করেন। ভক্তির অক্তর্মপ মহাপ্রসাদ গ্রহণাদি বিষয়-ভোগের মত দৃষ্ট হইলেও তাহারা সাক্ষাং ভক্তি বলিয়া জানিতে হয়ে। [৪৫]

ওঁ হরি:॥ বিশ্বোকসম্ভ প্রায়শ: কর্মদশাপল্পা:।। হরি: ওঁ॥ ৪৬।।

কঠে। স বং প্রিয়ান্ প্রিয়রপাংশ্চ কামানভিধ্যায়ন্নচিকেতোহত্যস্রাক্ষীঃ। নৈতাং স্কাং বিত্তময়ীমবাপ্তো যস্তাং মজ্জন্তি বহবো মন্ত্যাঃ॥ ভাগবতে। লোকে ব্যবায়ামিষ-মধ্য সেবা নিত্যোহি জান্তোনহি তত্র চোদনা। ব্যবস্থিতিস্তেম্ বিবাহ যজ্ঞ স্তরাগ্রহৈরাস্থ নিবৃত্তিরিষ্টা॥ চরিতামতে। ধর্মচারী মধ্যে বহুত কর্মনিষ্ঠ। কোটী কর্মনিষ্ঠ মধ্যে এক জ্ঞানী শ্রেষ্ঠ।। ৪৬॥

বিশ্ব নিবাসী জীবসকল প্রায়ই কর্মদশাপর॥ ৪৬॥

কঠোপনিষদে যুমধর্মরাজ বলেন,—ওহে নচিকেতা, তোমাকে আমি অনেক প্রলোভনই না দেখাইলাম, কিন্তু সভাবতঃ প্রিয় স্ত্রী পুরাদি ও কার্যতঃ প্রিয়রপ রন্ধায় গৃহ, উত্তান, শস্তক্ষের প্রভৃতি ভোগ্যবস্তুগুলি দিলেও তুমি দেগুলি নথর, পরিণামে তুঃখ-দায়ক ও বর্তমানে তুঃখ-মিপ্রিত মনে করিয়া ত্যাগ করিয়াছ; এমনকি, এই সমস্ত বিত্তের প্রতিভূ এই স্থবর্ণময়ী রত্মালাও তুমি গ্রহণ কর নাই, যে বিত্তময়ী রত্মালায় অধিকাংশ মন্ত্রগ্য আসক্ত হয়, অতএব তুমি ধল্য॥ ভাগবত বলেন,—বেদের অর্থবাদে নিরক হইয়া কর্মমীমাংসকেরা সিদ্ধান্ত করে যে স্ত্রীসঙ্গ, আমিষ ভোজন ও মন্তপান—এই সকল বেদের প্রেরণায় তত্তৎ যজে ব্যবস্থাপিত হইয়াছে। কিন্তু তাহারা জানে না যে এসকল প্রবৃত্তি জন্তমাত্রেরই নিস্মগত, স্কতরাং প্রেরণাকে অপেক্ষা করে না। সেই সকল প্রবৃত্তির নির্ত্তি করিবার জন্মই বিবাহদারা স্ত্রী সঙ্গ, যজ্ঞ, বিশেষে আমিষ ভোজন এবং স্থরাগ্রহণ ব্যবস্থিত হইয়াছে। অতএব নির্ত্তিই বেদের গৃঢ় তাৎপর্য। বহির্মুখ জীবসকল ভোগের অভিলাষ দারা ভোগপ্রদায়ক কর্মাসকলে মগ্র হইয়া থাকে। বি

ওঁ হরি:। তেষাং কদাচিৎ সংসার গতি বিবেক:।। হরি: ওঁ।। ৪৭।।

শ্বেতাশ্বতরে। কিং কারণং ব্রহ্ম কুতঃ স্ম জাতা জীবাম কেন ক চ সম্প্রতিষ্ঠাঃ। অধিষ্ঠিতাঃ কেন স্থাতেরেষু বর্তামহে ব্রহ্মবিদো ব্যবস্থাম, ॥ ব্রহ্মবৈবর্ত্তে। যাবং পাপৈস্ত মলিনং হৃদয়ং তাবদেবহি। ন শাস্ত্রে সত্যবৃদ্ধিস্থাৎ সম্বন্ধঃ সদ্গুরো তথা ॥ অনেক জন্মজনিত পুণ্যরাশি ফলং মহং। সংসঙ্গাচছাস্ত্র শ্বেণাদেব প্রেমাদি জায়তে॥ শ্রীসনাতন গোসামী প্রশ্ন। কে আমি কেন আমায় জারে তাপত্রয়। ইহা নাহি জানি কেমনে হিত হয়॥ ৪৭॥

তাঁহাদের কখন কখন সংসার গতি বিবেক জন্মায়।। ৪৭।।

শ্বেতাশ্বতরে, ব্রহ্মবাদী ঋণিগণ পরস্পর বিচার করিলেন, তা ব্রহ্মবিদ্যণ, এই বিশ্ব প্রপঞ্চের স্থাইর কারণ কে? উত্তর হইল—ব্রহ্ম; যেহেতু শ্রুতিতে বলা আছে, স্থাহা হইতে এই সমস্ত পথিবাদি ভূত ও প্রাণিবর্গ জন্মিয়াছে, জন্মাইবার পর মাহার দ্বারা জীবনধারণ করিয়া থাকে, যাহার দিকে চলিয়া যাইতেছে এবং যাহাতে প্রলয়ে লীন হইতেছে, তিনিই জগতের কারণ—ব্রহ্ম। যদি ব্রহ্মই কারণ হন, তবে তাঁহার স্বরূপ কি প্রকার ? আমরাই বা কাহা দ্বারা উৎপন্ন হইয়া কাহার দ্বারা বাঁচিয়া আছি? বিশেষতঃ আমরা কাহাকে আশ্রয় করিয়া আছি, তাহা কি? অন্তে আমরা কিসের সহিত লয় প্রাপ্ত হইবে? অর্থাৎ কোথায় আমাদের প্রকৃত অবস্থিতি হইবে? কাহার নিয়মে আমরা স্থ তঃখের বিধান অনুসরণ করিতেছি? ব্রহ্মবৈবর্ত পুরাণে,—যতদিন পাপকর্মদ্বারা হৃদয় মলিন থাকে, সেইদিন পর্যান্ত শাস্ত্র কথায় সত্যবৃদ্ধি অর্থাৎ বিশ্বাস এবং সদ্গুক্তর সহিত সমন্ধ উদিত হয় না। বহু জন্মের স্কৃতিজনিত মহৎপুণ্যরাশির বলেই সাধুসঙ্গে এবং শাস্ত্রশ্বনে আগ্রহ,

নিষ্ঠা ইত্যা দিযুক্ত ভক্তিসাধনা দ্বারা ভাবভক্তি এবং প্রমপুরুষার্থ প্রেম পর্যান্ত উৎপন্ন হয়।। জীবগণের বিবেকোদ্য স্থান্ধ শ্রীসনাতন গোদ্ধামীর শ্রীসন্মহাপ্রভূর নিক্ট যে প্রশ্ন জিজ্ঞান্য, তাহাই জীবের কর্মপ্রান্থ নিব্তক এবং পার্মার্থিক উন্নতির সূচনা। [৪৭]

ওঁ হরিঃ।। মোচনোপায় জিজ্ঞাসা চ ।। হরিঃ ওঁ।। ৪৮।।

মুওকে। পরীকা লোকান্ কর্মচিতান্ ব্রাহ্মণে নির্কেদ মায়ায়াস্তাকৃতঃ কৃতেন।। তদিজ্ঞানার্থং স গুরুমেবাভিগছেং সমিংপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম,।। ভাগবতে। হুংখোদর্কেষ্ কামেষ্ জাতনির্কেদ আত্রবান্। অজিজ্ঞাসিত মন্ধর্মো মুনিং গুরুমুপব্রজেং॥ শ্রীনিম্বাদিতা স্বামী। উপাস্তর্কপং তত্পাসকস্ত চ কুপালবো ভক্তিবতস্ততঃ পরং। বিরোধিনোরপ-মথৈতদাপ্তয়ে জ্ঞেয়া ইমেহর্থা অপঞ্চ সাধৃভিঃ। ৪৮।।

সেই বিবেক হইতে সংসার মোচনের উপায় জিজ্ঞাসা উদয় হয়।। ৪৮।।

শোরংলাভের জিজ্ঞাসা সম্বন্ধে মুগুকোপনিষদে,—শাস্ত্রজ্ঞানলন ব্যক্তি অবিছাময় কাম্যকর্ম দারা অর্জিত স্বর্গাদি লোকের হেয়ত্ব বিচার করিয়া কর্মকাণ্ডে বিরক্ত হইবেন। কর্মদারা নিত্যতত্ত্ব লাভ করা যায় না। কর্ম অনিত্য এবং কর্মফলও অনিত্য। অতএব সেই নিত্যবস্তুর অনুভূতি লাভ করণার্থ হস্তে সমিধ, লইয়া শ্রুতিশাস্ত্র-তাৎপর্যলন্ধ এবং পরমপুরুষে নিষ্ঠাবান সদ্গুরু সমীপে গমন করিবেন।। ভাগবত একাদশোং—যিনি পরিগাম-তৃঃখকর কাম্য-বিষয়ে বিরক্ত হইয়াছেন অথচ কখনও মদ্ধর্ম জিজ্ঞাসা করেন নাই, তিনি মঙ্গলেচছু হইয়া পরব্রন্ধনিষ্ঠ গুরুদেবের শরণাগত হইবেন। শ্রীনিম্বার্ক স্বামী বলেন,—উপাস্ত বস্তুর স্বরূপ, উপাসকের স্বরূপ, ভগবানের কুপার নিদর্শন, ভক্তির রহস্য, বিরোধি বিষয়ের জ্ঞান—এই পঞ্চবিধ অর্থ সম্বন্ধে সাধুগণ অবগত হইবেন। [৪৮]

ওঁ হরিঃ॥ অসৎসঙ্গত্যাগেন তৎফলোদয়ঃ ।। হরিঃ ওঁ।। ৪৯।।

তৈত্তিরীয়ে। যালুসাকং স্কুরিতানি তানি রয়োপাস্যানি, নো ইতরাণি।। কঠে। নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তাহল্যেনৈর স্কুজানায় প্রেষ্ঠ ॥ ভাগবৃতে। তেম্বশান্তেষ্ মূঢ়েষ্ খণ্ডিতাত্ম-স্ক্রাধুষ্। সঙ্গং ন কুর্যাচেছাচ্যেষ্ যোষিং ক্রীড়ামূগেষ্ চ ॥ হরিভক্তি স্থােদেয়ে। যন্ত্র যংসক্রিঃ পুংসাে মণিবং স্থাং স তদ্গুণঃ। স্কুলর্ক্সি ততাে ধীমান্ স্বযুথাল্যের সংশ্রেং ॥ চরিতামূতে। অসং সঙ্গ ভাগে এই বৈঞ্চব্ আচার। স্ত্রী সঙ্গী এক অসাধু কুঞ্ছিক্ত আর ॥ ৪৯ ॥

তাসংসঙ্গ ত্যাগ করিতে পারিলে সেই জিজ্ঞাসার ফলোদয় হয়।। ৪৯।।

তৈতিরীয়োপনিষদের উপদেশ যথা,—যেসকল আমাদিগের অর্থাৎ আচার্য্যদিগের আচরিত যেকোন কর্ম যাহা বেদবিরুদ্ধ নহে, সেইগুলিই তুমি আদর্শ করিবে, আচার্য্যদিগের আচরিত কর্ম শাস্ত্রবিরুদ্ধ হইলে তাহা অনুসরণীয় নহে। কঠোপনিষদে,—ওহে প্রিয়তম নচিকেতঃ তুমি যে আত্মতত্ব- বিষয়ে মতি লাভ করিয়াছ, ইহা শুক্ষতর্ক দারা পাওয়া যায় না এবং উহাকে তর্ক দারা সরাইয়া দেওয়া যায় না। যে তত্ত্বিদ্ নিজেকে ব্রহ্ম হইতে ভিন্ন জানেন, তিনি যাহা উপদেশ করিবেন, তাহাই সমাক্ জানের কারণ হইবে। ভাগবতে,—আহ্বনাশী, অসাধু, অশান্ত ও মৃঢ় যোষিৎক্রীড়াযুগদিগের সহিত সঙ্গ নিতান্ত শোচনীয় জানিয়া একবারে পরিত্যাগ করিবে। হরিভক্তিস্থোদেয়ে
দৃষ্ট হয়, যে পুরুষের যেরূপ সঙ্গ, তাহার সেইরূপ মণিম্পর্শের আয় ওল হয়, অতএব শুদ্দাধুলোকের
সঙ্গ দারা শুদ্দ সাধু হওয়া যায়। সাধুসঙ্গই সকল প্রকার শুভদ; শাস্ত্রে নিঃসঙ্গ হইবার যে পরামর্শ
আছে, তাহা কেবল সাধুসঙ্গকেই বলে। চৈত্র্য চরিতামৃত বলেন,—স্ত্রী সঙ্গী এবং কুক্তেতে অভক্ত,—
ইহারা সকলেই অসাধ্য ইহাদের সঙ্গ পরিত্যাগ না করিলে পরমার্থে অগ্রসর হওয়া যায় না। [৪৯]

ও হারঃ॥ সৎসঙ্গাচ্ছাস্ত্রাভিধেয় জিজ্ঞাসা।। হরিঃ ওঁ।। ৫০।।

ইতি জীবগতি প্রকরণং সমাপ্তম্॥ ইতি শ্রীআমায় সূত্রে সম্বন্ধতত্ত্বং সম্পূর্ণম্।।

কেনোপনিষদি। উপনিষদং ভো ক্রিছি।। ভাগবতে। তুর্লভো মারুষো দেহো দেহিনাং ক্ষণভদ্রঃ। তত্রাপি ত্ল'ভং মত্যে বৈকুপ্পথ্রিদর্শনন্।। অত আত্যন্তিকং ক্ষেমং প্চছামো ভবতোহন্যা। সংসারেস্মিন্ ক্ষণার্দ্ধান্পি সংসঙ্গং সেবধির্গান,।। চরিতায়তে। ভ্রনিতে ভ্রনিতে যদি সাধু বৈছা পায়। তার উপদেশ মন্ত্রে পিশাচী পালায়।। ৫০।।

ইতি সম্বন্ধতত্ত্ব ভাল্যং সমাপ্তং; শ্রীকৃষ্ণচৈত্রগর্পণনস্ত ॥
সংসঙ্গ হইলে শাস্ত্র-লিখিত অভিধেয়, জিজ্ঞাসা হয়।। ৫০।।

কেনোপ নিযদে, — সাচার্যোর নিকটে তত্ত্বোপদেশ শ্রবণকারী শিশু বলিল, — গুরুদেব, সাপনি সামাকে উপনিষং প্রতিপাল ব্রহ্মের স্বরূপ সম্বন্ধে বলুন। শ্রীমন্ত্রাগবত বলেন, — দেহী দিগের পক্ষে কণভস্ব মান্ত্র্যদেহ ত্ল ভ। কিন্তু বৈকুণ্ঠ-প্রিয় বাক্তির দর্শন তদপেকাও ত্ল ভ। হে অন্য সকল, সামরা তোমাদিগের নিকট জীবের আতান্ত্রিক ক্ষেম কি, তাহা জিজ্ঞাসা করিতেছি। এই সংসারে অর্ধকণ সাধ্বদ্ধও মানবদিগের মহামূল্য ধন।। সাধুসদই সমস্ত মন্দলের মূলস্বরূপ, তাহা দ্বারাই শ্রোত পথান্ত্রন্ব, মায়ামৃক্তি এবং প্রমার্থপ্রাপ্তি ইত্যাদি ঘটে।। [৫০]

ইতি জীবগতি প্রকরণ ভাতান্ত্রাদ সমাপ্ত। জীবগতি প্রকরণ সমাপ্ত হইল। সম্বন্ধতত্ত্ব সম্পূর্ণ হইল॥ ওঁ হরিঃ॥ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।। হরিঃ ওঁ॥

ञिख्यश ज्ब्रस्

অভিধেয় নির্ণয় প্রকরণং

ও হরি:।। নিত্য কর্মছেবাভিধেয় মিত্যেকে।। হরি: ওঁ।। ৫১।।

মৃত্তকে। তদেতং সত্যং মন্ত্রেষ্ কর্মাণি কবয়ো যাত্যপশ্যং স্তানি ত্রেতায়াং বহুধা সন্ততানি।
তাতাচরথ নিয়তং সত্যকামা এষ বং পত্যাঃ স্কৃতস্তা লোকে॥ গীতায়াং। নিয়তং কুরু কর্মাহং কর্ম
জ্যায়ো হাকর্মণঃ। শরীর যাত্রাপি চ তে ন প্রাসিধোদকর্মণঃ।। তম্মাদসক্তঃ সততং কার্যং কর্ম সমাচর ।
অসক্তোহাচরন্ কর্ম প্রমাপ্রোতি পূর্বঃ।। চরিতায়তে। দেহারামী কর্মনিষ্ঠ যাজ্ঞিকাদি জন।
সংসঙ্গে কর্মত্যজি করয়ে ভজন।। ৫১ ।।

কেহ কেহ বলেন নিতা কর্মাই অভিধেয়, ইহারা কর্মী।। ৫১।।

কর্মার্গ সম্বন্ধে মুগুকোপনিষদে যথা,—সেই অক্ষর পরব্রহ্মই একমাত্র সত্য, চিরন্তন, উৎপত্তি বিনাশাদি ষড্ বিকারহীন, তদ্ভিন্ন সমস্তই অনিতা। ইহাকে পাইতে হইলে বৈদিক কর্ম আচরণ করা কর্ত্তবা। ব্রহ্মজ্ঞ মহর্ষিগণ বৈদিক মন্ত্রে পরব্রহ্ম বিষয়ক কর্মের সন্ধান প্রাপ্ত হইয়া সেগুলি ত্রেতাযুগের যজ্ঞকার্যের জন্ম বিভাগ করিয়াছেন। হে সত্যকামিগণ, তোমরা কেবল সত্যম্বরূপ ব্রহ্মপ্রাপ্তির উদ্দেশ্যে সেই বৈদিক কর্ম সমৃদ্য একাগ্রচিত্তে অন্তর্জান কর। গীতায়,—অনধিকারী ব্যক্তির কর্ম ত্যাগ অপেক্ষা কর্ম হিল্লে তোমার কর্ম ত্যাগ দ্বারা যখন শরীর্ষাত্রা নির্বাহ হয় না, তথন কর্ম ত্যাগ কিরুপে সম্ভব হয় ? অতএব কাম্যকর্ম ত্যাগপূর্বক সন্ধ্যা উপাসনাদি নিতা-কর্ম করিতে করিতে চিত্ত গুদ্ধ হইলে জ্ঞানভূমি অতিক্রম করতঃ নিগুণ অবস্থা লাভ করিবে। কর্ম ফলে জনাসক্ত হইয়া তুমি সর্বনল কর্মা নুষ্ঠান কর, যেহেতু অনাসক্তভাবে কর্ম করিতে করিতে জীবের মোক্ষলাভ হয়। চরিতামুতে দৃষ্ট হয়, কর্মিগণের মধ্যে যাহারা দেহারামী, যাহারা কর্ম নিষ্ঠ এবং যাজ্ঞিক ইত্যাদি ব্যক্তিরা যদি সংসঙ্গপ্রাপ্ত হয়, তবে ভাহারা কর্ম কাণ্ড পরিত্যাগ করিয়া ভগবছজনে প্রবৃত্ত হন। [৫১]

ওঁ ছরিঃ।। চিক্মাত্রাহৈওজ্ঞানমভিধেয়মিত্যপরে।। হরিঃ ওঁ।। ৫২।।

ছান্দোগ্যে। ঐতদান্তামিদং সর্বর্ধ তং সতাং স আত্মা তর্মসি থেতকেতো।। মৃগুকে। কমাণি বিজ্ঞানময়ঞ্চ আত্মা পরেহবায়ে সর্ব্ব একীভবন্তি।। বুহদারণাকে। সয়মাত্মা ব্রহ্ম। ছান্দোগ্যে। একমেবাদ্বিতীয়ম,।। অহং ব্রহ্মান্ত্ম। ঐতরেয়ে। প্রজ্ঞানং ব্রহ্ম নেহনানান্তি কিঞ্চন।। অস্টাবক্র সংহিতায়াং। ক ময়া ক চ সংসার ক প্রীতির্বিরতিঃ ক বা। ক জীবঃ ক চ তদ্মুক্ম সর্ববদা বিমনস্ত মে।। শ্রীবিজ্ঞান ভিক্ষুঃ। আত্মিবান্তি পরং সত্যং নাত্যাঃ সংসার দৃষ্টয়ঃ। শুক্তিকা রজতং যদ্ধং যথা মরুমরীচিকা।। শঙ্করাচার্যঃ। রজ্জু সর্পবিদাত্মানং জীবো তারা ভয়ং বহেং। নাহং জীবঃ পরাত্মেতি জ্ঞানঞ্চেরির্ভয়ং ভবেং। অবৈতং পরনার্যতঃ ইতি গৌডপাদঃ।। ৫২ ।।

অপরে বলেন, চিন্নাত্র অবৈত জ্ঞানই অভিধেয়;—ইহারা জ্ঞানী।। ৫২।।

ছান্দোগ্য উপনিষদে, তিনিই পরমার্থ সত্য, তিনিই আ্মা। হে শ্বেতকেতু তুমি তাঁহারই।
মৃগুকোপনিষদে, বিজ্ঞানময় জীবাত্মা, অদত্তফলক কর্ম—ইহারা সেই সর্ক্রোন্তম অক্ষরপুক্ষে একীভাব
প্রাপ্ত হয়, ইহার নাম মৃক্তি। বহদারণ্যকে, এই প্রত্যাগাত্মাই ব্রহ্ম। ছান্দোগ্যে, এই বিশ্বমৃত্তির
পূর্বে এক অদ্বিতীয় সংবস্তমাত্র ছিলেন।। আমি ব্রহ্মজাতীয় বস্তু। ঐতরেয়ে, —প্রেমভক্তিই
ব্রহ্মস্বরূপ, ব্রহ্মস্বরূপে কোন জড়ীয়ভেদ নাই। অষ্টাবক্র সংহিতায়, —কে আমার, কি বা ত্রই সংসার,
প্রীতিই বা কি, বিরক্তিই বা কি, জীব কে, কেই বা তাহার ব্রহ্ম ? এই সমস্ত বিচার দ্বারা আমার
মন জড়নির্লিপ্ত হয়েছে। শীবিজ্ঞানভিক্ষর কথায়, —কেবল আত্মাই একমাত্র সত্যরূপে অবস্থিত,
আর কোন বস্তু নাই। প্রক্তিতে রজতবৃদ্ধির আয় মরীচিকা সদৃশ এই সংসার দৃষ্ট হয়। শীশক্ষরাচার্য
বলেন, —রজ্জুতে সর্প ভ্রমের আয় নিজেকে জীব মনে করিলে ভয়ের কারণ হয়। আমি জীব নহি,
কেবল পরমাত্মাই আমি—এরপ জ্ঞানের আশ্রয় গ্রহণ করিলে আত্মা নির্ভয় হয়। গৌডপাদ বলেন, —
অবৈত্রই পরমার্থপ্রিদ। [৫২]

ওঁ হরিঃ॥ যত্র ধর্মায় কর্ম বিরাগায় ধর্মন্চিজসায় বিরাগন্তত্র গৌণরূপেণ কর্মবাভিধেয়শ্ ॥হরি: ও ॥৫৩॥

ঈশাবাস্তে। হিরন্ময়েন পাত্রেন সত্যস্থাপিহিতং মুখং। তবুম্পুষরপারণু সত্যধর্মায় দৃষ্টয়ে।। ভাগবতে। নেহ যং কর্মা ধর্মায় ন বিরাগায় কল্পতে। ন তীর্থপাদসেবায়ৈ জীবরূপি মৃতোহি সঃ॥ এবং নৃণাং ক্রিয়া যোগাঃ সর্কেব সংস্থৃতি হেতবং। ত এবাল্ম বিনাশায় কল্পতে কল্পিতাঃ পরে॥ শ্রীরামানুজাচার্যঃ। উপায় বৃদ্ধা কর্মাণি মা কুরুজাং মহাল্মকাঃ। কর্মণামেব কৈল্পতে ভগবতঃ মতিঃ॥ ৫৩॥

যে স্থলে কর্ম ধর্মের জন্ম কৃত হয়, সেই ধর্ম বিরাগের জন্ম কৃত হয়, চিদ্রসের জন্ম বিরাগ কৃত হয়, সেই স্থলে কর্ম গৌণরূপে অভিধেয় হইতে পারে।। ৫৩॥

ঈশাবাস্থা বলেন,—সেই পরমাত্মার চিন্ময় সচিচদানন্দ বিগ্রহরূপ জ্যোতির্ময়পাত্রে আচ্ছাদিত আছে। হে পরমেশ্বর, সত্যধর্মের প্রকাশ ও আত্মতত্ত্ব দর্শনের জন্ম সেই আচ্ছাদন দূর কর। শ্রীমন্তাগবতে বহিন্মুখ কর্মমাত্রের নিন্দা —যাহার স্বধর্মাশ্রয়রূপ কর্ম ধর্মের উদ্দেশ্যে কৃত হয় নাই, সে ব্যক্তি জীবিত থাকিয়াও মৃত।। মনুয়ের সমস্ত ক্রিয়াযোগই সংসার-জনক। সেই ক্রিয়াযোগ পরতত্ত্বে কল্লিত করিতে পারিলে কর্মাধাগের কর্মসত্তারূপ বিকৃতি বিনষ্ট হয়। শ্রীরামান্মজাচার্য বলেন,—হে মহাত্মাগণ। পুণ্যফলপ্রাপ্তির জন্ম উপায়বুদ্ধি দারা কর্মসকল অনুষ্ঠিত ক্রিবেন নাঃ শ্রীভগবানে মতিবিশিষ্ট হইয়া তাঁহার সেবারূপেই তাঁহার প্রীভিদায়ক কর্মসকল করিবেন।। [৫৩]

ওঁ ছরিঃ॥ যত্র চিজসায় জানং তত্র গৌণরপেণ জানমভিধেয়ম্।। হরিঃ ওঁ।। ৫৪।।

বৃহদারণ্যকে। তমেব ধীরে। বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ। ভাগবতে। তম্মাজ্জানেন সহিতং জ্ঞারা স্বামান মৃদ্ধন। জ্ঞান বিজ্ঞান সম্পন্নো ভক্ষ মাং ভক্তিভাবতঃ।। শ্রীচরিতামতে। ভক্তি বিনা কেবল জ্ঞানে মৃক্তি নাহি হয়। ভক্তিসাধন করে যেই প্রাপ্ত ব্রহ্মলয়।। জন্ম হৈতে শুক সনকাদি ব্রহ্মময়। কৃষ্ণ গুণাকৃষ্ট হয়ে কুষ্ণেরে ভক্ষয়।। ৫৪।।

যে স্থলে চিদ্রসের জন্ম জন্ম, সেই স্থলেই জ্ঞান গৌণরূপে অভিধেয় হয়, অর্থাৎ জ্ঞান ও কর্ম্ম কথনই সাক্ষাংরূপে অভিধেয় নয়।। ৫৪।।

বৃহদারণাক বলেন, বৃদ্ধিমান ব্রহ্মজ্ঞপুরুষ ভগবংস্বরপকে বিশেষরপে জানিয়া তাহাতে প্রেমভক্তি করিবেন। ভাগবত একাদশে, তে উদ্ধব, অতএব জ্ঞানের সহিত ভগবদধিভূত আত্মবস্থকে
অবগ্র হইয়া জ্ঞান-বিজ্ঞান সম্পন্ন চিত্তে ভক্তিভাবে আমার আরাধনা করিবে।। কেবল ভক্তিই
সমস্ত সাধনের ফল প্রদানে সমর্থা। জ্ঞান ইত্যাদি অন্য কোন সাধন মুক্তি পর্যান্তও প্রদান করিতে
পারে না। বাস্তবিক ভক্তিক্রিয়া মুক্তদশার পরেই আরম্ভ হয়, ইহার প্রকৃষ্ট উদাহরণ ব্রহ্মজ্ঞানী
শুকদেব, চতুঃসন ইত্যাদি। [৫৪]

ওঁ হরিঃ॥ চিধিশেষ ক্ষূর্তি সাধনমভিধেয়মিতি ভাগ্যবস্তঃ॥ হরিঃ ওঁ।। ৫৫।।

ইতি অভিধেয় নির্ণয় প্রকরণং সমাপ্তম্।।

প্রশোপনিষদি। তেষামদৌ বিরজে। ব্রহ্মলোকো ন যেযু জিন্দানৃতং ন মায়া চেতি।। মাঠর ক্রেটা। ভক্তিরেবৈনং দর্শয়তি ভক্তিবশঃ পুরুষো ভক্তিরেব ভূয়সীতি॥ ভাগবতে। নৈকাত্মতাং মে স্পৃহয়ত্তি কেচিং মংপাদ সেবাভিরতা মদীহাঃ। যেহস্যোগ্যতো ভাগবতাঃ প্রসজা সভাজয়ত্তে মম পৌরুষাণি॥ পশুন্তি তে মে রুচিরাণাম্ব সন্তঃ প্রসন্নবক্তারুণ লোচনানি। রূপানি দিব্যানি বরপ্রদানি সাকং বাচং স্পৃহণীয়াং বদন্তি।। শ্রীভট্টনাথঃ। নিত্য মুক্তৈক ভোগাং যত্তং পঞ্চোপনিষ্ময়ং। অপ্রাকৃতং দিব্যরূপং অচক্ষু বিষয়ং গতম্।। ৫৫।।

ইতি অভিধেয় নির্ণয় প্রকরণ ভাষ্যং সমাগুম্।।

চিদ্রিশেষের ফুতি সাধনই অভিধেয়—এই কথা ভাগ্যবান্ লোকেরা বলেন।। ৫৫।।

প্রশোপনিষ্ঠান, — যাঁহাদের সাধারণ সংসারীর মত বাবহারে কৃটিলতা নাই, কোনরপ মিথা।
নাই, আচরণে প্রতারণা নাই, তাঁহারাই পরব্রন্ধলোকে গমন করেন, যাঁহা রজোগুণের অতীত,
ইহাতে ক্ষয় নাই, বৃদ্ধি নাই, সর্বাদা একরপ, নির্ভয়, নিরতিশয় ইত্যাদি ॥ মাঠর শ্রুতি বচন যথা, —
ভক্তি দারাই যাঁহাকে দর্শন করিতে পারা যায়, সেই পরমপুরুষ কেবল ভক্তিরই বশীভূত, অতএব
ভক্তিই পরমশ্রেষ্ঠ বস্তা। ভাগবতে, —কপিলদেব মুক্তি হইতে ভক্তির শ্রেষ্ঠিই প্রদর্শন করিয়া
বলিতেছেন, —মাতঃ, যাঁহারা সর্বেজিয়ের দ্বারা আমার পদসেবারত, যাঁহারা আমার জন্ম অথিল
চেষ্টাযুক্ত, যাঁহারা পরস্পার সন্মিলিত হইয়া আমারই মাহান্মা বর্ণন করিতে শ্লাঘা বোধ করেন,

তাদৃশ ভাগবতগণ আদৌ আমার সহিত একাত্মতারূপে সাযুজ্য মুক্তির স্পূহা করেন না। আমার যে সমস্ত প্রকাশ-মৃতির বদন প্রসন্ধ এবং লোচন অরুণবর্ণ, সেই সকল অভীষ্ট সেবাপ্রদ অলৌকিক মৃতি তাঁহারা দর্শন করেন এবং তৎসহ নানাবিধ ভক্তিমুক্তিস্পৃহারহিত সেবাভিলাষস্চক বাক্যালাপ করেন; ফলতঃ মুক্তি অপেক্ষা ভক্তিতে নিত্য পরমেশ্বরান্ত্রত হুখ অধিক বর্তমান॥ শ্রীভট্টনাথ বলেন,—ভগবানের চিন্ময়ধাম ও সচ্চিদানন্দময় অপ্রাকৃত দিব্যরূপ প্রাকৃতচক্ষুর বিষয়বস্ত নহে; যাহা কেবল নিত্যমুক্ত ভক্তগণকত্বক দৃষ্ট এবং অন্তুত, যাঁহা ভগবত্পাসনামূলক পঞ্চ উপনিষ্দের দ্বারা প্রতিপাদিত হইয়াছে। [৫৫]

ইতি অভিধেয়-নির্ণয় প্রাকরণ ভাষ্যানুবাদ সমাপ্ত।

সাধন প্রকরণম্

ওঁ হরি:।। ভাগ্যবভাং সৎপ্রসঙ্গাদনল্য ভক্তে শ্রহ্মা।। হরি: ওঁ।। ৫৬।।

ছান্দোগো। অধীহি ভগব হৈতি হোপসসাদ সনংকুমারং নারদক্তং হোবাচ যদ্বেথ তেন মোপসীদ ততন্ত ইন্ধিং বক্ষ্যামীতি। যদা বৈ শ্রন্দধাত্যথ মনুতে নাশ্রন্দধন্মনুতে শ্রন্দধদেব মনুতে শ্রন্ধান্তেব বিজিজ্ঞাসিতবাতি শ্রন্ধাং ভগবো বিজিজ্ঞাস ইতি॥ ভাগবতে। সতাং প্রসঙ্গান্মবীর্ঘ সংবিদো ভবন্তি হংকর্ণরসায়নাং কথাঃ। তজ্ঞোষণাদাস্বপবর্গবন্ধানি শ্রন্ধা রতির্ভক্তিরনুক্রমিয়াতি॥ চরিতামূতে। সাধুসঙ্গে কৃষ্ণ ভক্ত্যে শ্রন্ধা যদি হয়। ভক্তি ফল প্রেম হয়, সংসার যায় ক্ষয়। শ্রন্ধাবান জন হয় ভক্তি অধিকারী।। ৫৬।।

ভাগ্যবান পুরুষদিগের সাধুসঙ্গে অন্য ভক্তিতে শ্রদ্ধা হয়।। ৫৬।।

ছান্দোগ্য উপনিষদ্ বলেন,—নারদ সনৎ কুমারের সমীপে উপস্থিত হইয়া বলিলেন,—
হে ভগবন্ অধ্যাপন করুন। সনংকুমার বলিলেন, আপনি যাহা অবগত আছেন, তাহা লইয়াই
শিশ্বর গ্রহণ করুন। তারপর যাহা আছে, আমি তাহা বলিব।। যখন কেই এলা বা আস্থিকা
বৃদ্ধিবিশিষ্ট হন, তখন তিনি মনন করেন; এলাবান্ না হইলে কেই মনন করেন না, এলাবান্ হইয়াই
মনন করেন। এলাকে জানিবার জন্ম কিন্তু উৎস্কে হওয়া আবশ্যক। হে ভগবন্, আমি এলাকে
জানিতে চাই॥ ভাগবতে কপিলদেব বলেন,—সাধ্গণের সহিত আমার বিক্রম বিষয়ক কথা
উদয় হয়। তাহাতে হলয় ও কর্গকে রসিত করে। তাহা শুনিতে শুনিতে অল্পনিনর নধ্যে গাপবর্গ্যপথ স্বরূপ প্রীকৃষ্ণে প্রথমে প্রদাহয়। সেই প্রনার সহিত ভজন করিতে করিতে যত অন্থ নিবৃত্ত
হয়, ততই প্রনার ক্রমোল্লিতে নিষ্ঠা, কচি, আসক্তিক্রমে রতি হয়। রতির নামান্তর ভাব। রতি ক্রমে
প্রথমভক্তি হয়। পূর্বসঞ্জিত সুকৃতির ফলে শাস্ত্রীয় প্রদা যখন উদিত হয়, সাধ্সক্ত, ভজনক্রিয়া ইত্যাদি
ক্রমপরম্পরায় ভাগ্যবান্ জীব চরমে কৃষ্ণপ্রেম পর্যান্ত লাভ করেন। প্রভাবান জনই কেবল ভক্তির
অধিকারী হন্য বিঙা

ওঁ হরিঃ।। সাবক্যোপায়বর্জং ভক্ত ুমুখী চিত্তরত্তি বিশেষঃ।। হরিঃ ওঁ।। ৫৭।।

কঠে। নায়নাত্মা প্রবচনেন লভাোন মেধয়ান বছনা শ্রুতেন। যমেবৈষ বৃণুতে তেন লভাস্থাবিষ গাত্মা বিরুণুতে তরুং সাং॥ ভাগবতে। গাজ্ঞায়ৈব গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্।
ধর্মান্ সংতাজ্য যঃ সর্বান্ মাং ভজেং স চ সন্তমঃ॥ চরিতায়তে। পূর্ব আজ্ঞা বেদ কর্ম ধর্মা
যোগ জ্ঞান। সব সাধি অবশ্যে গাজ্ঞা বলবান্॥ এই গাজ্ঞা বলে ভক্তো শ্রন্ধা যদি হয়।
সর্বব কর্মত্যাগ করি শীকৃষ্ণ ভজ্য়॥ শ্রন্ধা শব্দে বিশ্বাস কহে স্থদ্চ নিশ্চয়॥ ৫৭॥

সেই শ্রদা কর্ম জ্ঞানাদি অত্যোপায় পরিত্যাগশীল ভক্তি উন্মুখী চিত্তবৃত্তি বিশেষ।। ৫৭।।

কঠোপনিষদ্ বলেন.—এই পরমাত্বা শাস্ত্রব্যাখ্যারপ বাথৈখরী দ্বারা লভ্য নহেন, বৃদ্ধিক্ষণলতা দ্বারা প্রাপা নহেন, বহুশাস্ত্রাভ্যাস দ্বারা অথবা বহুবিষয় বহুবার প্রবণ করিয়াও তিনি লভ্য নহেন, তবে এই ভগবান্ ভক্তি দ্বারা সন্তুষ্ট ইইয়া যাঁহার প্রতি অনুগ্রহ করেন, তিনিই তাঁহার দর্শন লাভ করেন। তাঁহার অনুগ্রহ ব্যতীত কেইই তাঁহাকে দেখিতে পায় না, অতএব হরিভন্তনই একমাত্র ভগবংপ্রাপ্তির নিশ্চিত উপায়। ভাগবতে শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলেন,—আমার আদিষ্ট ধর্মশাস্ত্রনত স্বধর্মে গুণ-দোষসমূহ জ্রাত ইইয়া সেই সমস্ত ধর্ম প্রত্যাগপূর্বক আমাকে যিনি ভল্তন করেন, তিনি সর্ব্বোত্তম । হৈত্য চরিতামূতের সিদ্ধান্ত সহজে বোধগম্য। [৫৭]

ওঁ হরিঃ।। সা চ শরণাপত্তি লক্ষণা ।। হরিঃ ওঁ।।৫৮।।

শ্বেতাশ্বতরে। যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ববং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তথ্য। তং হি বেদং আত্মবৃদ্ধি প্রকাশং মুম্কুর্বৈ শরণনহং প্রপত্যে।। গীতায়াং। সর্ব্ব ধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। তাহং বাং সর্ববপাপেভ্যো নোক্ষয়িয়ামি মা শুচঃ॥ বৈঞ্চবতন্ত্রে। আত্মকূল্যস্থ সঙ্কল্পঃ প্রাতিকূল্যস্থ বর্জনং। রক্ষিয়তীতি বিশ্বাসো গোপ্ত্রে বরণং তথা। আত্মনিক্ষেপ কার্পণ্যে যডি,ধা শরণাগতিঃ॥ চরিতামৃতে। শরণ লঞা করে কৃষ্ণে আত্মসমর্পণ। কৃষ্ণ তাঁরে করে তংকালে আত্মসম। ৫৮।।

সেই শ্রদ্ধা শরণাপত্তি লক্ষণবিশিষ্টা।। ৫৮।।

শ্বেতাশ্বতর উপনিষদে,— যিনি স্টের আদিতে জগৎস্রপ্টা ব্রহ্মাকে স্টি করিয়াছেন এবং বেদশাস্ত্রাদি তাহার মধ্যে সঞ্চার করিয়াছেন, আত্মবৃদ্ধির প্রকাশক সেই পরমেশ্বরকে আমি সংসার হইতে উত্তীর্ণ হইবার জন্ম শরণ লইতেছি।। গীতায় ভগবান্ বলেন,—সকল ধর্ম পরিত্যাগপূর্বক একমাত্র আমি যে ভগবান্—আমার শরণাপর হওঃ তাহা হইলে আমি তোমাকে সমস্ত পাপ হইতে মুক্ত করিব। তুমি শোক করিও না। বৈষ্ণবতন্ত্র বাক্যে—প্রেমভক্তির যাহা অন্তক্তর হয়, তাহাই মাত্র একান্ত শরণাগতের স্বীকার্য। যাহাই প্রতিকৃল হয়, তাহাই ভক্তের বর্জনীয়। কৃষ্ণই একমাত্র রক্ষাকর্তা এইরপ একান্ত বিশ্বাস, কৃষ্ণই আমাদের একমাত্র পালনকর্তা এরপ দৃঢ় শ্রদ্ধা, আত্মনিবেদন এবং দৈল্যভাব—এইপ্রকার শরণাগতির ষড়ক্ষ গ্রহণ করিলেই ভাবভক্তি এবং প্রেমভক্তি উদিত হয়। শরণাগতি বিহীনে ভগবান্ স্বীকার করেন না। [১৮]

ওঁ হরিঃ॥ তয়া দেশিক পাদাশ্রয়ঃ॥ হরিঃ ওঁ॥ ৫৯॥

শ্বেভাশ্বতরে। বেদান্তে পরমং গুহুং পুরাকল্পে প্রচোদিতম,। না প্রাশান্তায় দাতব্যং নাপুত্রায়াশিয়ায় বা পুনঃ॥ যস্ত দেবে পরা ভব্তির্যথাদেবে তথা গুরৌ। তস্তৈতে কথিতা হর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥ ভাগবতে। নূদেহমাতাং স্থলভং স্কুল ভং প্লবং স্কুল্লং গুরুকর্ণধারম্। ময়ানুকুলেন নভস্বতেরিভং পুমান্ ভবানিং ন তরেৎ স আত্মহা॥ চরিতামৃতে। কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা যদি হয়। তবে সেই জীব সাধুসঙ্গ করয়। গুরুপাদাশ্রয় দীক্ষা গুরুর সেবন। সদ্ধ্যা পৃচ্ছা সাধুমার্গামুগমন॥ ৫৯॥

সেই শ্রদ্ধা হইলে গুরুপাদাশ্রয় ঘটে॥ ৫৯॥

এই ভগবত্পাসনাত্য সকল বেদান্তের সার, পরম নিগৃত। পুরাকালে খেতাশ্বতর ঋষির আরাধনায় তৃপ্ত হইয়া তাঁহার হুদয়ে ভগবান্, এই তব্ব প্রকাশ করিয়াছিলেন। শমদমাদিরহিত এবং রাগদ্বেষা দিযুক্ত অশান্তচিত্ত ব্যক্তিকে ইহা উপদেশ করিতে নাই। নিজের পুত্র অথবা শিশ্ব যদি প্রশান্তচিত্ত ভগবত্তক্ত হয়, তবে তাঁহাদিগকে ইহার উপদেশ প্রদান করা যায়। সচিচদান্দ্রবিগ্রহ শ্রীহরিতে যাঁহার পরাভক্তি এবং তক্রপ গুরুদেবেও পরমভক্তি বর্তমান, সেই মহাত্মার নিকটেই এই উপনিষদে বর্ণিত গৃঢ় বিষয় সমূহ প্রতিভাত হইবে, অন্ত কাহারও নিকট নহে। ভাগবতে, এই নর দেহটী সকল ফলের মূল, অতএব আছা। স্থলভে লক হইয়াছে কিন্তু স্বত্বল ভ। ইহা সংসার সাগর তরণের পট্তর নোকা। গুরুহ ইহার কর্পধার। ভগবং কুপারূপ অনুক্ল বায়ুর দ্বারা পরিচালিত এইরূপ নোকাখানি প্রাপ্ত হইয়া যিনি এই সংসার সমুজ পার হইতে চেম্বা না করেন, তিনি আত্মঘাতী। গুরুমুখে সম্বন্ধা ভিধেয় প্রয়োজন বিষয়ে শ্রবণের নিতান্ত আবশ্রকতা॥ তত্ত্বদশি গুরুর আশ্রয় বিনা পরমার্থ প্রাপ্তি হয় না। [৫৯]

ওঁ হরিঃ॥ ততঃ সাধনভক্তিন বধা॥ হরিঃ ওঁ॥ ৬०॥

বৃহদারণ্যকে। আত্মা বা অবে দ্রপ্তব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো। ভাগবতে। শ্রবণং কীর্তনঞ্চাস্ত স্মরণং মহতাং গতে:। সেবেজ্যাবনতির্দাস্তং স্থ্যমাত্ম সমর্পণম্॥ চরিতামুতে। শ্রবণ কীর্তন স্মরণ পূজন বন্দন। পরিচর্যা দাস্ত সখ্য আত্ম নিবেদন।। ৬০।।

গুরুপাদা শ্রম হইতে নয় প্রকার সাধনভক্তি হইয়া থাকে॥ ৬০॥

বৃহদারণাকে যাজ্ঞবন্ধ্য বলিলেন,—হে মৈত্রেয়ী, পরমাত্মাই দ্রষ্টব্য, শ্রোতব্য, মন্তব্য ও নিশ্চিতরূপে ধ্যেয়। ভাগবতে শ্রীনারদের উক্তি,—ভগবানের গুণ-কর্ম্ম শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, সেবা, ইজ্ঞা, অবনতি, দাস্য, আত্মসমর্পণ এইসকল মন্ত্র্যু মাত্রেরই পরমধর্ম। এই নবধাভক্তি শ্রুতি পুরাণ ইতিহাসাদিতে প্রসিদ্ধ। [৬০]

ওঁ হরি:।। ভগবন্ধাম রূপ গুণলীলা শ্রবণম্।। হরি: ওঁ ।। ৬১।।

বুহদারণ্যকে। স হোবাচ যাজ্ঞবন্ধাঃ ভবতোতদ্বাখ্যাসাণ্যি তে বাচিক্ষাণস্য তু মে নিদিধ্যাস-স্বেতি ॥ ভাগবতে। পিবন্তি যে ভাগবত আত্মনঃ সতাং কথামতং শ্রবণপুটেষ্ সংভূতম্। পুনন্তি তে বিষয়বিদ্ধিতাশয়ং ব্রজন্তি তচ্চরণসরোকহান্তিকম্ ॥ শ্রীজীবঃ। অথ ক্রম-প্রাপ্তং শ্রবণং। তচ্চনাম-ক্রপগুণলীলাময় শক্দানাং শ্রোক্রপ্রশিং। প্রথমং নামঃ শ্রবণমন্তঃকরণ গুদ্ধার্থমপেক্ষং। গুদ্ধে চান্তঃকরণে করণে করপ শ্রবণন তত্ত্য যোগাতা ভবতি। সমাগুদিতে ক্রপে গুণানাং ক্রবং সম্পাছতে। নাম-ক্রপগুণেষ্ সমাক্ ক্রিতেম্বে লীলানাং ক্রবং স্কু ভবতীতাভিপ্রেত্যসাধনক্রম্যো লিখিতম্ ॥ ৬১ ॥

ভগবানের নাম-রপ-গুণ-লীলা প্রবণ্ট প্রবণ নামক ভক্তাঙ্গ ॥ ৬১ ॥

বৃহদারণ্যকোপনিষদে, যাজ্ঞবন্ধ্য বলিলেন, তোমার নিকট ইহা ব্যাখ্যা করিব; কিন্তু সামি যখন ব্যাখ্যা করিতে থাকিব, তখন তুমি উহার অর্থ নিশ্চিতরপে ধ্যান করিতে যত্ন করিও। শ্রীমন্তাণ্যকে প্রীশুকদেবের উক্তি,—যাঁহারা আত্মসরপ ভগবানের গুদ্ধ ভক্ত, তাঁহারা শ্রবণদারা রুফ্ষকথামূত পান করেন। বিষয়-বিদূষিত আশয়কে তাঁহারা এইভাবে পবিক্র করেন। তাঁহার চরণকমলের দিকে ভক্তরা ক্রমশঃ অগ্রসর হন ॥ শ্রীজীবগোস্থামী বলেন, ক্রমপ্রাপ্ত শ্রবণের প্রণালী এই প্রকার হয়,—ভগবানের দিব্য সচিদানন্দ নাম, রূপ, গুণলীলাদির কথাযুক্ত শব্দ সমূহের শ্রবণেক্রিয় স্পর্ণই শ্রবণ নামক প্রথম ভক্তাঙ্গ। প্রথমে শ্রীনাম শ্রবণ দারা চিত্তের গুদ্ধতা সাধন করিতে হয়। এইভাবে শুদ্ধীভূত অন্তঃকরণে ভগবানের রূপ সম্বদ্ধে শ্রবণ দারা এই নাম-রূপ উভ্য শ্রবণের যোগাতা উদয় হয়। ভগবানের রূপ অন্তঃকরণে স্বর্গুভাবে উদয় হইলে ভগবদ্পুণ সমূহের স্কুতি সম্পাদিত হয়। নাম-রূপ-শ্রুণ এই সকলের সম্যক্ স্কুতি দারা লীলা ক্রণ উত্যরপ্রপে সম্পন্ধ হয়। ইহাই শ্রবণ নামক ভক্তাঙ্গ সাধন প্রণালী [৬১]

ওঁ হরিঃ।। তত্তৎ কীর্ত্রম্।। হরিঃ ওঁ।। ৬২।।

তৈত্তিরীয়ে। সাম গায়রাস্তে॥ ছান্দোগো। বাচং ব্রেক্ট্রপাস্তে॥ ভাগবতে। এতরি-বিভ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্। যোগিনাং নূপ নির্ণীতং হরেন মান্ত্রকীর্তনম্॥ ইদং হি পুংসন্তপসঃ শ্রুতস্য বা স্বিষ্টসা স্কুলসা চ বুদ্ধদন্তয়োঃ। অবিচ্যুতোহর্থ: কবিভিনির্নপিতং যদ্ত্রমঃ শ্লোক গুণান্ত্র-বর্ণনম্। শ্রীজীবঃ। যদি সাক্ষাদেব মহৎকৃতস্য কীর্তনস্য ভাগ্যং ন সম্প্রত্নত তদৈব স্বয়ং পৃথক্ কীর্তন-মিতি। গান শক্ত্যাভাবে তংশ্গোতি, তদন্ত্রোদনং। বহুভিমিলিয়া কীর্ত্নং সংকীতনম্॥ ৬২॥

সেই নামরপগুণলীলা কীত নই কীত ন লক্ষণ ভক্তাঙ্গ। ৬২॥

তৈত্তিরীয় বলেন,—ভগবদমুভূতিলক সেই ভক্তপুরুষ ভূরাদিলোক সঞ্চার করেন এবং ঈশ্বরের মাহাত্মসূচক এই সামমন্ত্র গাহিয়া জীবে অনুগ্রহ বিতরণ করেন॥ ছান্দোগ্যে সনংকুমার বলেন,— যিনি বাক্কে ব্রহ্মরূপে উপাসনা করেন ইত্যাদি॥ ভাগবতে শ্রীশুকদেব বলেন, হে নূপ, শ্রুতিস্মৃতি শাস্ত্রাদিতে এইটা অভিধেয়রূপে নির্ণয় করিয়াছেন যে, নির্কেদযুক্ত মোলীপুরুষণণ অকুতোভয় পাইবার আশা থাকিলে নিরন্তর হরিনামামুকীর্ত্রন করিবেন। জ্রীনারদ বলেন, কবিগণ নির্ণয় করিয়াছেন যে, বদ্ধজীবের তপস্যা, শ্রুত, উত্তম ইষ্ট, বেদপাঠ, জ্ঞান ও দান—এইসকল শুভকর্মের অবিচ্যুত অর্থ ই কৃষ্ণ-গুণামুবর্ণন॥ শ্রীজীবগোস্বামী কীর্তন প্রণালী সম্বন্ধে বলেন,—মহতের দ্বারা কীর্তিত ভগবৎ কীর্ত্তন পরিবার শোভাগ্য যদি না হয়, তবে নিজে এই সকলের শুণকু কীর্ত্তন করিবে। গান করিবার যদি ক্ষমতা না থাকে, অপরের কীর্তিত নামরূপগুণগানসমূহ শ্রুবণ করিবে এবং তাহা অমুমোদন করিবে। বহু ভক্ত সম্মিলিতভাবে যে কীর্ত্তন করেন, তাহার নাম সংকীর্ত্তন। [৬২]

ওঁ হরিঃ।। তত্তৎ স্মরণম্।। इतिः ওঁ।। ৬৩।।

ছান্দোগ্যে। স্মরেণ বৈ বিজানাতি স্মরমূপাস্থেতি স্মরং ব্রন্ধেত্যুপাস্তে॥ বৃহন্ধারদীয়ে। বিষয়ান্
ধ্যায়তশ্চিত্তং বিষয়েষ্ বিসজ্জতে। মামনুস্মরতশ্চিত্তং ময়্যেব প্রবিলীয়তে।। প্রীজীবঃ। তদিদং
স্মরণং পঞ্চবিধম,। যৎকিঞ্চিদনুসন্ধানং ৢ। স্মরণং পূর্ববিতশ্চিত্তমাকৃষ্য সাম্যাকারেণ মনোধারণং ধারণা।
বিশেষতো রূপাদি চিন্তনং ধ্যানং। অমৃতধারাবদনবচ্ছিন্নং তৎ গ্রুবানুস্মৃতিঃ ধ্যেয়মাত্র স্কুরণং
সমাধিরিতি।। ৬৩।।

সেই নাম-রূপ-গুণ-লীলা স্মরণই স্মরণ লক্ষণ ভক্ত্যঙ্গ। ৬৩।।

ছান্দোগ্যোপনিষদে,—স্মৃতির সাহায্যেই সকলকে চিনিতে পারা যায়, স্মৃতিকে উপাসনা কর।
স্মৃতিকে ব্রহ্মরপে উপাসনা করেন ইত্যাদি॥ বৃহয়ারদীয়ে ভগবান্ বলেন,—বিষয়সকলের ধানে
দারা চিত্ত বিষয়েতে মগ্র হয়, সেই চিত্ত আমার ধানেদারা আমাতেই ঐক্যলাভ করে। আশীক
গোস্বামী বলেন,—এই স্মরণাখ্য অঙ্গ পঞ্চপ্রকার। কোনকিছুর অনুসন্ধানই ম্মরণ, চিত্তকে অনুবস্ত
হইতে নির্ত্ত করিয়া সাম্যভাবদারা স্মৃত বিষয়কে মনে ধারণ করিবার নাম ধারণা, ভগবানের রূপাদি
বিশেষভাবে চিত্তে চিন্তিত হইবার নাম ধ্যান, অমৃতের ধারের ত্যায় অনবচ্ছিয় স্মরণই প্রবার্ত্ম্মৃতি,
ধ্যান করিবামাত্রে যখন ধ্যাত বস্তুর স্মরণ হয়, তাহাকে সমাধি বলিয়া জানিবে। [৬৩]

७ इतिः ॥ भानत्मवनम् ॥ इतिः ७ ॥ ७८॥

কঠে। মধ্যে বামনমাসীনং বিশ্বেদেবা উপাসতে।। ভাগবতে। যৎপাদসেবাভিক্তিস্পস্থিনানশেষ জন্মোপচিতং মলং ধিয়ঃ। সভঃ ক্ষিণোত্যরহমেধতী সতী। যথা পদাস্কৃষ্ঠ বিনিঃস্থতা সরিং॥ শ্রীজীবঃ। সেবা চ কালদেশাত্যাচিতা পরিচর্য্যাদি পর্যায়া। সেবাপাদত্বেনৈব প্রাপশু তক্ত শ্রীপুরুবেশস্তমশু সচিদানন্দ্রনম্ব মেবাভিপ্রেতং। অত্র পাদসেবায়াং শ্রীমূর্তিদর্শন, স্পর্শন, পরিক্রমান্ত্রক্তন ভগবন্দির গঙ্গা, পুরুবোত্তম, দারকা মথুরাদি তদীয় তীর্থন্থান গমনাদয়োপ্যন্তর্ভাব্যাঃ।। ৬৪ ।

भागरमवनके ठुर्थ खळाज ॥ ७८॥

কঠোপনিষদে,—হৃদয় মধ্যে আসীন বৃদ্ধিতে অভিব্যক্ত সেই পরমেশ্বরের উদ্দেশ্যে সমস্ত ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেবতা নানাবিধ উপহার প্রদান করিয়া তাঁহার সেবা করিয়া থাকে। ভাগবতে শ্রীপৃথু মহারাজের উক্তি,—যাঁহার চরণসেবাভিক্তি বিষ্ণু-পদাস্ঠ-বিনিঃস্তা গঙ্গার ন্যায় বর্ধিত হইয়া প্রতিদিন সংসার-তাপ-দয় জীববুদের জন্মজনান্তরের সঞ্চিত বৃদ্ধিমল সন্ত বিনষ্ট করিয়া দেয়, ইত্যাদি। শ্রীজীব গোস্বামী বলেন,—সেবা অর্থাৎ বিভিন্ন দেশ ও কালভেদ অসুসারে কৃত পরিচর্যার ব্যবস্থা। সেবার অভিপ্রায় এই যে পদসেবা দ্বারাই প্রাপ্য ভগবান শ্রীপুরুষোভ্যম সচিদানন্দ্রন-বিগ্রহ শ্রীহারিকে প্রাপ্ত হওয়া। এই পদসেবায় ভগবানের শ্রীরিমহের দর্শন, স্পর্শন, পরিক্রমা, অনুব্রজ্যা; ভগবন্মন্দির, গঙ্গা, পুরুষোভ্যম দ্বিকা, মথুরা ইত্যাদি ভদীর তীর্পস্থানসমূহে গমন ইত্যাদি আক্রমূহ অন্তর্গত বলিয়া জানিবেন। [৬৪]

७ इतिः ॥ किवम् ॥ इतिः ७ ॥ ७०॥

বেতাশ্বতরে। যো দেবনামধিপো যাশ্বি ল্লোকা অধিপ্রিতাঃ। য ঈশে অস্তা দ্বিপদশ্চতৃপদ্বি দেবায় হরিষা বিধেম।। বিষ্ণুধর্মে, দেবতায়াঞ্চ মন্ত্রে তথা মন্ত্রপ্রদেশুরৌ। ভলিরইবিধা যস্ত তম্ম ক্ষঃ প্রসীদতি॥ গীতায়াং পত্রং পূপাং ফ্লং তোয়ং যো মে ভল্যা প্রয়ন্ততি। তদহং ভল্যুপদ্রতং নামি প্রয়তাত্বনং।। প্রীজীবঃ। প্রীনারদাদি বর্ত্বান্ধুসারিভিঃ প্রীভাগবতাসহ সম্বাবিশেষং দীক্ষা বিধানেন প্রীক্তর্করণ সম্পাদিতং বিকীর্ষন্তিঃ কৃতায়াং দীক্ষায়াং অচ নমবশ্যং ক্রিয়তে এব। যে তু সম্পত্তিকারে গৃহস্বান্তেরাং স্বচ নমার্গ এব মুখ্যঃ। তদক্রাহি নিন্ধিঞ্চনবং কেবল স্মরণাদি নির্চহে বিভ্রশাঠ্য প্রতিপত্তিং স্যাহ। তথা গাহাস্থ্য ধর্মস্তা দেবতাযাগ্র্যা শাখা পল্লবাদি সেকস্থানীয়স্ত মূলসেকরপং তদচ নমিত্যপি তদকরণে মহান দোষঃ। ক্রিন্তানাগ্রামানস্পূজা চ বিহিতান্তি। অর্চনমিপ দ্বিবিধং। কেবলং, কর্মমিশ্রঞ্জ। তয়োঃ পূর্বাং নির্নেশ্বানাং প্রদাবতাং, উত্তরং ব্যবহার চেষ্টাতিশয়বতায়ান্দ্রিক ভল্যাম্বর্টানবন্তাদি লক্ষণ ক্রিম্প্রানাং। আবাহমঞ্চাদরেণ সমুখীকরণং প্রভাঃ। ভল্যা নিবেশনং তম্ভ সংস্থাপন মূদাক্রত্বা, ভবান্মীতি তদীয়ন্ত্রদর্শনং সন্নিধাপনম,। ক্রিয়াসমান্তি পর্যন্ত স্থাপনং সন্নিবান্ধনম,। স্ব্রুমিশ্রমণ প্রোক্তং তংস্ক্রিস প্রকাশনম,। অত্র শূর্জাদি পূর্কিতার্চা। পূজা নিষেধ বচনমবৈঞ্চবশুরাদি প্রবেশ্বাণ ৬৫।।

ক্ষিত্ত পঞ্চম ভক্তার ॥ ৬৫ H

শ্রেতাশ্বতরোপনিয়দ বলেন, আছিত পুরুষগণ যক্তে ইন্দ্রাদি দেবতাকে মৃতাদি আহুতি দ্বারা তৃপ্ত করিয়া স্বর্গাদিলোক গমন করে, কিন্তু আমরা দেখিতেছি যে, পরমেশ্বর সেই ইন্দ্রাদিরও অধিপতি, স্বর্গাদি লোকও তাঁহার চরণাশ্রিত, তিনি দিপদ ও চতুপ্সদ সকল প্রাণীর অত্যামী ও নিয়ামক, সেই স্থ্রপ্রাশ-স্বরূপ, স্বতঃ আনক্ষময় প্রমেশ্বরকে আমরা প্রোপহার দ্বারা পরিচর্যা করিব।। বিফুধর্ম শাস্ত্রে,

মস্ত্রের অধিষ্ঠাতৃ দেবতায়, মস্ত্রেতে, মন্ত্রদাতা গুরুতে ইত্যাদি এই অষ্ট প্রকার বস্তুতে যাঁহার অচলা ভক্তি বত নান তাঁহাৰ প্ৰতি শ্ৰীকৃষ্ণ প্ৰদন্ন হন ৷৷ গীতায়ও ভগবান্ বলিয়াছেন, প্ৰয়তাত্মা ভক্তসকল আমাকে ভল্পিপূর্বক পত্র, পুপা ফল, জল, যাহা যাহা দেন, তাহা আমি অত্যন্ত স্নেহপূর্বক স্বীকার করি। প্রীজীবগোস্বামী ভক্তিসন্দর্ভে বলেন, প্রীনারদাদি মহাজনগণের মার্গারুসরণীয় যে সকল পুরুষ ভগবানের সহিত ঐত্তিরুকত্ত্বি দীক্ষা বিধান দ্বারা সম্পাদিত সম্বন্ধ-বিশেষ স্থাপন করিতে ইচ্ছা করেন, তাঁহারা দীকারুঠানের পর অবশ্যই অর্চন করিবেন। যাঁহারা সম্পতিশালী গৃহস্থ, তাঁহাদের পক্ষে অর্চনমাগ'ই মুখ্য। তাহা না করিয়া নিষ্কিঞ্চন পুরুষের ত্যায় কেবল মরণাদিনিষ্ঠ হইলে বিত্তশাঠ্যা-পরাধ উপস্থিত হয়। এইরাপ ভগবদর্চন গৃহত্ধন্মোচিত শাখাপল্লবাদি সেচন স্থানীয় দেবতাযাগের মূলদেচনম্বরূপ বলিয়াও তাহার অননুষ্ঠানে মহাদোষ ঘটে। অর্চন বিষয়ে কোনস্থলে মানস-পূজা ও বিহিত হইয়া থাকে। এই মৰ্চন দ্বিবিধ, অর্থাৎ কেবল ও কর্মমিশ্র। নিরপেক্ষ শ্রদ্ধাশীলগণের পক্ষে পূর্কো জ প্রকার অর্চন প্রাণিত হইয়াছে। যাঁহাদের শ্রনায় ব্যবহার-চেষ্টাতিশন্ত এবং যাদৃচ্ছিক ভক্তার্তান লক্ষিত হয়, এইরপ গৃহহুগণের এবং তদ্বৈপরীতারপেও ঘাঁহাদের শ্রদ্ধা লক্ষিত হয়, তাদৃশ প্রতিটিত গৃহস্থগণেরও সম্বন্ধে দ্বিতীয় প্রকার অর্থাৎ কর্মমিশ্র অর্চন দশিত ইইয়াছে। আগম-শাস্ত্রে অর্চনার আবাহনাদিরীতি এই প্রকারে উক্ত হইয়াছে.—আদর সহকারে তাঁহার সন্মুখীকরণই আবাহন, ভক্তি সহকারে তাঁহার নিবেশনই সংস্থাপন, আমি আপনারই হইয়া থাকি এই তদীয়ত্ব ভাব প্রদর্শনই সলিধাপন, ক্রিয়া সমাপ্তি পর্যন্ত স্থাপনই সলিরোধন এবং তাঁহার সর্বাঙ্গ প্রকাশনই সকলীকরণ নামে কথিত হইয়া থাকে। এ হলে শূদ্রাদিপূজিত প্রতিমার যে পূজানিষেধ দৃষ্ট হয়, তাহা অবৈঞ্ব-শূদ্রাদি সম্বন্ধেই জ্ঞাতব্য [৬৫]

ওঁ হরিঃ॥ ভুতশুদ্ধি কেশবক্যাসাবাহন বৈষ্ণবিচ্ছিণ্ণতি নির্মাল্যধারণ চরণামৃত পান ব্রতপালনাদীনি তদঙ্গানি॥ হরিঃ ওঁ॥ ৬৬॥

ঈশাবাস্তে। যুযোধ্যক্ষত্ররাণমেনো ভূহিষ্ঠাং তে নমউক্তিং বিধেম। বহুন্চ পরিশিষ্টে। সহস্রারোনমিনেমিনা তপ্তত্য়। ছান্দোগ্য পরিশিষ্টে। স হোবাচ যাজ্ঞবন্ধান্ত পুনানাত্মহিতার প্রেয়া হরিং ভজেং। বায়ুপুরাণে। অযাচবপ্রকাতান্তাং কৃহিং বৃত্ত্যর্থনাচরেং। পুরাণঃ শৃর্যানিত্যং শালগ্রানঞ্চ পূজ্বেং। শ্রিজীবঃ। তত্র ভূতগুদ্ধিঃ নিজাভিল্যিত ভগবংসেবোপ্রকি তংপার্থদ দেহ ভাবনা পর্যন্ত। অহংগ্রহোপাসনায়াঃ শুদ্ধভাতক্দি ইয়াং। কেশববিন্তাসাদীনাং হত্রাধ্যাক্ষবিষয়ক্ষ তত্র তন্মুক্তিংধ্যাহা তত্ত্রন্ত্রাংশ্চ জপ্তৈরে তত্ত্দক্ষস্পর্শনাত্রং কুর্যাং। ন তু তত্ত্যন্ত্রদেবতান্তর্ত্র তত্ত্র হাত্ত্যাধ্যাবেং—ভক্তানাং তদনৌচিত্যাং। যানি চাত্র বৈষ্ণবিচ্ছানি নির্মাল্যধারণ চহণামৃত্পানাদীশ্রকানি তেয়াঞ্চ পৃথক্ পৃথক্ মাহাত্মার্লঃ শাস্ত্র সহস্রেস্থল্যসন্ধ্যম্। তথা ক্রিক্ষক্ষ্মান্ত্রনী কার্তিকব্রতৈকাদশী মাহস্থানাদিকমত্রবান্তর্ভাব্যম্॥ ৬৬॥

ভূতগ্রন্ধি, কেশবঁহাদি, আবাহন, বৈষ্ণবচিহ্নধারণ, মির্মাল্যধারণ, চরণামূতপান, একাদশ্যাদি ব্রতপালন প্রভৃতি অর্চনের অন্ন ॥ ৬৬॥

ইপাৰ্থিটি, হে লীলাময় ভগবান, আমাদিগের হদয় ইইতে কুটিল পাপকে বিনাশ কর। তোমাকে প্রচুর্ভর নমন্ধার ধাকা বলিতেছি, ভূয়ো ভূয় নমন্ধার করিতেছি। ছান্দোগ্য পরিশিষ্টে,—
মইবি যাজ্ঞবদ্ধা বলিলেন, মানব মাত্রই আত্মকল্যাণের জন্ম প্রেমভক্তি দ্বারা প্রীইরির ভঙ্কনা করিবেন।
বায়ুপুরাণ বলেন,— অযাচিতভাবে জীবিকা নির্কহনার্থ এবং দানকরণার্থ কৃষির্ত্তি অবলয়ন করিবে,
প্রতিনিত্য পুরাণ শ্রণ করিবে, প্রীশালগ্রামের পূজা করিবে ইত্যাদি। প্রীজীবগোন্ধামী বলেন,
সেই গুন্ধভক্তগণের ভূতগুদ্ধি প্রভৃতি ক্রিয়া জ্ঞানামুদারে ব্যাখ্যাত ইইতেছে। যাহারা ভগবং সেবাই
একমাত্র পুরুষ্থবিদে ইচ্ছা করেন, তাদৃশ ভক্তগণ নিজাভীই ভগবং সেবার উপযোগী তদীয় পার্ঘদ্দেহ ভাবনা পর্যন্ত ভূতগুদ্ধিই করিবেন, যেহেতু তাহাই নিজের অন্তর্কুল। অহংগ্রহোপাদনা গুন্ধভক্তগণের অনভীই, কারণ পার্যন্তণ তদীয় চিছেক্রির বৃত্তিভূত বিশুদ্ধস্বাংশ বিগ্রহ্মরূপ। অনহর কেশ্বাদি গ্রাস প্রভৃতির সম্বন্ধে যাহাতে অধমাঙ্গের বিষয়র বর্তমান, তংগুলে তন্মুভির ধ্যান এবং তত্ত্বন্ত্রসমূহের জপ করিয়াই কেবলমাত্র তত্ত্বন্ত্রস্ক্রিয়ার বর্তমান করিবেন না। যেহেতু ভক্তগণের তাহা অন্তর্ভিত। এই জর্চনে নির্মাল্য ধারণ,
চরণায়তশান প্রভৃতি যে সকল বৈঞ্চব-চিছ্ন অন্ধন্তর্বন, তাহাদের পৃথক্ পৃথক্ মাহাত্মা অসংখ্য শাস্ত্রে
আইব্য। প্রেইর্জ প্রীকৃষ্ণজন্মাইনী, কাতিকত্রত, একাদশী, মাঘ্নান প্রভৃতি ইহারই অন্তর্ভুত্রপে
ভাত্যা। (৬৬)

उँ इतिः॥ वन्मनम्॥ इतिः उँ ॥ ७१॥

শ্বেভাশ্বতরে। বং স্ত্রী বং পুনানসি বং কুমার উত্তবা কুমারী। বং জীর্নো দণ্ডেন বঞ্সি ত্রং লাতো ভবসি বিশ্বতোম্থঃ॥ নীলঃ পতঙ্গো হরিতো লোহিতাক্ষস্ত ডিন্গর্ভ ঋতবং সমুদাঃ। অনা দিম্বাং বিভূষেন বর্তসে যতো জাতানি ভূবনানি বিশ্বা॥ নারায়ণ ব্যুহস্তবে। অহোভাগ্য মহোভাগ্যং অহোভাগ্যং নৃণামিদং। যেষাং হরিপদাজাতো শিরো গ্রহং যথাতথা।। উজীবঃ। তচ্চ যন্ত্রপি অচনা সংখনাপি বর্ততে, তথাপি কীর্তন স্মরণবং স্বাদ স্থোণাপীতা ভিপ্রেত্য পৃথ্যি হৈতে। এবহস্তব্যুব্ত দেহত্ব-ভগবদ গ্রপৃষ্ঠ-বামভাগাতান্ত নিকট-গর্তমন্দির-গতহা, দিময়াঃ অপরাধানৈতে নমস্বারে প্রিহর্তব্যাঃ॥ ৬৭॥

বন্দনই ষষ্ঠ ভক্তাঙ্গ ॥ ৬৭ ॥

ভগবানের বিশ্বরপের বর্ণনা শেতাশ্বতরে, —হে সর্কেশ্বর, তুনিই স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার এবং তুমিই কুমারী। তুমিই বৃদ্ধ হইয়া দও-সাহায্যে বিচরণ কর, আবার পুনরায় নানারপে জন্মগ্রহণ করিয়া থাক, অভএব তুমি বিশ্বরাপী॥ তুমি কৃঞ্বর্ণ ভ্রমর, তুমিই সরুজ বর্ণ গুকাদি পক্ষী, তুমিই লোহিত চক্নং কোকিল, অভাতরে বিত্তাংগূর্ণ বারিবর্ষণোমুখ মেঘ তুমিই, বসন্তাদি সমস্ত ঋতু, সকল সমুদ্র তোমার বিভূরের বিকাশ, তোমার আদি নাই, অন্ত নাই, সকল বিশ্ব ব্যাপিয়া বিরাজ করিতেছ, তোমা হইতে এই চরাচর বিশ্বের উদ্ভব ॥ নারায়ণ ব্যাহত্ববে দেখা যার,— অহাে ভাগা, অহাে কি ভাগা, এহািরর চরণারবিন্দের তলে যে মানবের মন্তক নমিত হইয়াছে, তাহার ভাগাের কথা আর কি বলিব! প্রীজীব গােষামী বলেন,— যদিও তর্নাঙ্গরপেও বদন অর্টিত হয়, তথাপি কীর্তন ও স্মারণের আয় সত্ত্রনপেও ইহা অনুর্হেয়— এই অভিপ্রায়েই পৃথক্ বিহিত হইতেছে। একহন্ত দারা প্রণাম করা, বস্তাব্তদেহে প্রণাম ভগবানের অর্য়, পশ্চাদ্দেশে, বামভাগে, অতিনিকটে ও গর্ভমন্দির-মধ্যে নমস্থারামুন্তনে প্রভৃতি অপরাধ-স্বর্ল বলিয়া পরিত্যাজ্য [৬৭]

ওঁ হরিঃ।। দাস্তম্।। হরিঃ ওঁ।। ৬৮।।

ছান্দোগ্যে। স যদা বলী ভবত্যথোখাতা ভবত্যন্তিঠন্ পরিচারিতা ভবতি প্রিচরয়,পাসতা ভবত্যপদীদন্ এই। ভবতি ।। ভাগবতে। যশ্বাং প্রিয়াপ্রিয় বিয়োগ সংযোগ জন্ম শোকাগ্নিনা সকল যোনিষ্ দহামানঃ। হুংখোষধং তদপি হুংখনত দ্বিয়োহহং ভূন্ন ভ্রমানি বদ নে তব দাস্তযোগ্যম্॥ প্রীজীবঃ। তচ্চ শ্রীবিঞ্চোদ সিদ্মগ্রহম্। অস্ত তাবদ্ভজন প্রয়াসঃ কেবলতাদৃশ্রাভিনানেনাপি সিদ্ধিইবতি॥ ৬৮॥

দাস্তই সপ্তম ভক্তাঙ্গ ॥ ৬৮॥

ছান্দোগা বলেন, কেই যখন বলবান্ ইয়, তখন সে উত্থানে সমর্থ ইয়; উত্থান সমর্থ ইইয়া পরিচর্যা করে; পরিচর্যা করিয়া অন্তরঙ্গ ইয়; অন্তরঙ্গ ইইয়া দর্শন করে।। ভাগবতে প্রীপ্রফ্রাদন্তবে, হে ভূমন্, সকল যোনিতেই প্রিয় ও অপ্রিয় সংযোগ ও বিয়োগহেতু-জ্ঞাত শোকানলে দগ্ধ ইইয়া প্রথের প্রতীকার স্বরূপ অন্য ভূথে উপস্থিত ইইলেও দেহাভিমানে মুগ্ধ ইইয়া ভ্রমণ করিতেছি; অতএব আপনার দাস্যোপায় বলিতে আজ্ঞা ইউক ॥ প্রজীব গোসামী বলেন, শ্রীবিহ্র দাস্যাভিমানই দাস্থ। ভগবানের দাস্থার্শ ভজনপ্রাস দূরে থাবুক, কেবলমাত্র তাদৃশ অভিমানেই সিদ্ধি ইইয়া থাকে। [৬৮]

ওঁ হরি:।। সখ্যম্।। হরিঃ ওঁ।। ৬৯।।

ধেতাগতরে। ন সন্ধে তিষ্ঠতি রপমস্তান চক্ষ্যা পশ্যতি কশ্চনৈনম্। হাদা হাদিসং মনসা য এনমেবং বিজ্যমূতান্তে ভবিত্তি মুগুকে। দ্বা স্পর্ণা স্থৃদ্ধা স্থায়া ইত্যাদি। রামার্চন চন্দ্রিকায়াম্। পরিচ্যাপরাঃ কেচিং প্রাসাদা দিন্ শেরতে। মনুষ্থিব তং ডেষ্টুং ব্যবহর্পি ব্বং। প্রীদ্ধীবাত ভচ্চ হিতাশংসনময়ং বর্ভাব লক্ষণম্। ৬৯।।

খেতাশ্বতর বলেন — এই প্রমেশ্বরের স্বর্গ কাহারও প্রাকৃত দৃষ্টিগোচর হয় না, প্রাকৃত দুক্রাদি ইন্দ্রিগণ আহাকে অনুভব করিতে পারে না। এই প্রমাত্রাকে ভতিলক বিশুদ্ধ তহজান দারা নিমল মনে যাঁহারা হদয়ে অবভিতর্পে ধ্যান করেন, তাঁহারাই অমৃতত্ত্ব লাভ করেন। মৃতকোপ-নিষ্কে, জীব ও প্রমেশ্ব নামক তুইটি পক্ষী একসক্ষেই স্ক্রিণ শ্বী ব্রুপে বৃক্ষকে আশ্বয় করিয়া থাকে

এবং তাহারা পরম্পর মিত্রভাবাপর ইত্যাদি। শ্রীরামার্চন চন্দ্রিকায়, –পরিচর্যাপরায়ণ কোন কোন ভক্ত তাঁহাকে মনুয় মৃতিতে দর্শন এবং তাঁহার সহিত বন্ধুতুলা ব্যবহার করিবার জন্ম রাত্রিকালে ভগবন্দরে শয়ন করিয়া থাকেন ইত্যাদি। শ্রীজীব গোস্বামী বলেন, —ভগবদ্ বিষয়ে হিতাশংসন অর্থাং ভক্তগণ কর্তুক ভগবানের হিত্যকাজ্ফাই একলে স্থাভাবের লক্ষণরপে উক্ত হইয়াছে। [৬৯]

उँ रितः । आजानिद्यम्मम् ॥ इतिः उँ ॥ १०॥

ইতি শ্রীআয়ায় সূত্রে অভিধেয় নিরূপণে সাধন প্রকরণং সমাপ্তম,॥

বৃহদারণাকে। স বা অয়মানা সক্রেণং ভূতানামধিপতিঃ সক্রেষাং ভূতানাং রাজা তদ্ যথা রথনাভৌ চ রথনেমৌ চারাঃ সর্ক্রে সমর্পিতা॥ ভাগবতে। এবং সদা কর্মকলাপমান্তনঃ পরেহধিহজ্ঞে ভগবত্যধাক্ষজে। সর্ক্রাত্মভাবং বিদধন্মহী মিমাং তরিষ্ঠ বিপ্রাভিহিতঃ শশাসহ॥ প্রীজীবঃ। তচ্চ দেহাদি শুদ্ধাত্মপর্যন্তস্য সর্ক্তোভাবেন তত্মিলেবার্পন্তন্,। তৎকার্যং চাত্মার্থন্তেই। শূল্যং। তথা যামুন মুনিঃ। বপুরাদিষ্ যোপি কোপি বা গুণতোহসানি যথা তথাবিধঃ তদয়ং ভবতঃ পদান্ত্রেরারহ্মছৈব ময়া সমর্পিতাঃ॥ ৭০॥ ইতি সাধন প্রকরণ ভাল্যং সমাপ্তম্।

আপ্রনিবেদনই নবম ভক্তাঙ্গ।। ৭০।।

ব্রুদারণাক বলেন,—এই আত্মই নিখিল ভূতের অধিপতি এবং নিখিল ভূতের রাজা।
ব্রুদারণাক বলেন,—এই আত্মই নিখিল ভূতের অধিপতি এবং নিখিল ভূতের রাজা।
ব্রুদারণাক বলেন,—কেল চক্র-শলাকাই সন্নিবিষ্ট থাকে. কি তেমনি সকল প্রাণী,
সকল দেবতা, সকল লোক, সকল ইন্দ্রিয় এবং সেই সমস্ত জীবাত্মা এই পরমাত্মাতে সম্পিত রহিয়াছে॥
ভাগবতে অম্বরীযোপাখ্যানে—মহারাজ অম্বরীয় সর্ক্ত্র ভগবদ্ধাব্যুক্ত নিজকর্মসমূহ সর্ক্যজ্ঞের ভোক্তা
পরতত্ব ভগবান্ প্রীক্ষেও সমর্পণ পূর্বক ভগবন্ধি বিপ্রগণের উপদেশাল্সারে পৃথিবী পালন করিতেছেন।
প্রীজীব বলেন,—দেহ হইতে শুদ্ধাত্মপর্যান্ত সমস্ত পদার্থের সর্ক্তোভাবে ভগবানে সমর্পণই আত্মনিবেদন
নামে কথিত হয়। নিজের জন্ম চেষ্টাশূন্যতা উক্ত কার্যস্বরূপ। শ্রীযামুনাচার্য বলেন,—হে ভগবান,
মন্ত্রা প্রভৃতি দেহে স্বরূপতঃ যেখানেই অবস্থান করি না কেন, অথবা গুণ নিবন্ধন দেব মন্ত্র্যাদিই বা
হই না কেন, তথাপি আমি অছই তোমার পাদপল্লে আমাকে সমর্পণ করিলাম [৭০]

ইতি সাধন প্রকরণের ভাষ্যাত্মবাদ সমাপ্ত।

সাধন পরিপাক প্রচরণম্

ওঁ হরি:।। সাধন প্রারম্ভে দশদোষা বজ নীয়া।। হরিঃ ওঁ।। ৭১।।

কঠে। নাবিরতো ত্*চরিতারাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈনমাপুরাং॥ কাত্যায়ন সংহিতায়াং বরং হুতবহজালা পঞ্জরান্তব্য বিস্থিতিঃ। ন শৌরিচিন্তা বিমুখ
কনসংবাস বৈশসম,।। ভাগবতে। ন শিশ্তানন্তবর্গাত গ্রন্থান্ত বিষ্কান্ত নিবাভ্যদেন্ত্র্। ন ব্যাখ্যামুপ্রঞ্জীত
নারস্তানারতেং কচিং॥ পাল্মে। অলকে বা বিনষ্টে বা ভক্ষাচ্ছাদন সাধনে। অবিক্লব মতিভূতিঃ

হরিমেব ধিয়া স্মরেং॥ শোকামধাদিভির্ভাবৈরাক্রান্তং যন্ত মানসং। কথং তত্ত মৃকুদন্ত কৃতি সন্তাবনা ভবেং॥ হরিরের সদারাধ্যঃ সর্বদেবেশ্বরেশ্বরঃ। ইতরে ব্রহ্মক্রদ্রাতা নাবজ্ঞেয়া কদাচন॥ মহাভারতে। পিতেব পুত্রং করুণো নোদ্ধেজয়তি যো জনং। বিশুদ্ধত ক্রবীকেশস্ত্র্ণং তত্ত প্রসীদ্ধি ॥ বারাহে। সমার্চনাপরাধা যে কীর্ত্তান্তে বস্থধে ময়া। বৈষ্ণবেন সদা তে তু বর্জনীয়াঃ প্রযন্তঃ॥ পাদ্মে। নামোহি সর্ববস্কুদোহপ্যপরাধাৎ পতত্যধঃ॥ নিন্দাং ভগবতঃ শৃথং তংপরত্ত জনতা বা। ততো নো পৈতি যঃ সোহপি যাত্যধঃ স্কুতাচ্যুতঃ॥ শ্রীরূপঃ। সঙ্গতাগো বিদ্রেণ ভগবিদ্ধের্দনৈঃ। শিয়্রাত্তনমুব্দর্গ মহারস্তাত্মত্বমঃ॥ বহুপ্রস্কুকলাভ্যাস ব্যাখ্যাবাদ্বিবর্জন্ম। ব্যবহারেহপ্যকার্পন্থ শোকাত্যবশ্বতিতা॥ অন্তদেবানবজ্ঞা চ ভূতানুদ্বেগদায়িতা। সেবা-নামাপরাধানামূদ্বাভাবকারিতা॥ কৃষ্ণতদ্বক্তবিদ্ধিব-বিনিন্দাত্তসহিষ্ণুতা। ব্যতিরেকতয়ামীয়াং দশানাং স্যাদ্মুষ্টিতিঃ।। ৭১॥

সাধনের প্রারম্ভেই দশ প্রকার দোষ বজ'ন করা কর্ত্ব্য ।। ৭১ ॥

কঠোপনিষদে, -- যে বাক্তি তুক্ষ হইতে নিবৃত্ত নহে; প্রবণ, মনন, ধাানাদি সাধন করিয়াও ভগবলিষ্ঠাহীন, বিষয় দারা বিক্ষিপ্তচিত্ত এবং বিষয়লম্পট অর্থাৎ ভোগে অপরিতৃপ্ত, তাদৃশ বাজি প্রকৃত প্রজ্ঞান লাভ করে না এবং তাহার স্বকীয় প্রজ্ঞান বলে পরমাত্মার অনুগ্রহও প্রাপ্ত হয় না।। কাত্যায়ন সংহিতায়,—প্রদীপ্ত অগ্নির জালায় অথবা পিঞ্জরে অবস্থান করাও ভালঃ তথাপি ষেন কৃষ্ণচিন্তা বিমুখ জনের সহবাসরপ বিপদ্ উপস্থিত না হয়। ভাগবতে। প্রলোভনাদিদারা বহুশিশ্র সংগ্রহ করিবে না, বহুশাস্ত্র অভ্যাস করিবে না॥ পদ্মপুরাণে, — ভক্ষ্য ও আচ্ছাদন যদি লব্ধ না হয়, অথবা যদি তাহা পাইবার পরে বিনষ্ট হয়, তাহাতেও অবিক্লব মতি হইয়া বুদ্ধিরুতি দারা হরিকেই স্মরণ করিতে হইবে। যাহার হৃদয় শোক-ক্রোধাদি ভাবসমূহ দ্বারা আক্রান্ত অর্থাৎ ঐ সকলে পরিপূর্ণ, তাহার হৃদয়ে কিরূপে মুকুন্দের ফুর্তি হইবে ? সর্বদেবগণের ঈশ্বরগণেরও ঈশ্বর শ্রীহরিই সর্ববদা আরাধ্য। কিন্তু ব্রহ্মা-রুদ্রাদি অপর দেবরুন্দকে কখন্ও অবজ্ঞা, করিবে না॥ পিতা পুত্রের প্রতি যেমন করুণাশীল, অনুরূপ ব্যবহার দ্বারা যে ব্যক্তি প্রাণিমাত্রকে উদ্বেগ দান করে না, সেই বিশুদ্ধ হৃদয় ব্যক্তির প্রতি ভগবান্ হৃষীকেশ সভাই প্রসন্ন হইয়া থাকেন। বরাহপুরাণে যথা,--হে পৃথিবী দেবি, আমার অর্চনা সম্বন্ধে যে যে অপরাধসকল আমি কীর্তন করিলাম, আমার ভক্ত বৈষ্ণব যেন এইসকল বহুষত্ন দারা পরিত্যাগ করিবে। পদাপুরাণ বলেন, ভগবানের শ্রীনাম এই প্রকারে সমস্ত শুভফলদায়ক হইলেও নামাপরাধী ব্যক্তি তাহা না পাইয়া পতিত হয়। ভগবানের এবং ভক্তগণের নিন্দা শ্রাবণমাত্রেই যে ব্যক্তি সেই স্থান পরিত্যাগ করে না তাঁহার স্কৃতি হইতে সে চাত হয়। শ্রীরূপ গোস্বামী বলেন,—ভগবদ্ধহিমুখজনের দূর হইতে সঙ্গত্যাগ, বহুশিশ্বকরণ ত্যাগ, বহবাড়ম্বর ত্যাগ বহু গ্রন্থকলার অভ্যাস ও ব্যাখ্যা বা বিবাদাদি পরিবর্জন, ব্যবহারে কুপণতা ত্যাগ, শোকাদির বশীভূততা বর্জন, অন্তদেবতার অনবজ্ঞতা, প্রাণিমাত্রে উদ্বেগ ত্যাগ, সাধকদেহে সেকাপরাধ ও নামাপরাধের উদ্ভব হইলেও প্রযন্ত্রকমে তাহা হইতে পরিত্রাণের চেষ্টা, শ্রীকৃষ্ণ ও ভক্তনিন্দাদিতে অসহিষ্ণুতা, —ব্যতিরেকভাবে এই দশ অঙ্গ অনুষ্ঠান করিতে হয়। [৭১]

ওঁ হরি: ॥ তত্ত্ব ভক্ত্যনুগত দৈন্যদয়াযুক্তবৈরাগ্যৈর নির্ভেদ-জ্ঞানানুগত সাধন চতুষ্টয় যোগ কর্মভিঃ।। হরিঃ ওঁ।। ৭২ ।।

তৈতিবীয়ে। ত্রন্ধ জ্যেষ্ঠমুপাসতে। বিজ্ঞানং ত্রন্ধ চেদ্ বেদ। তন্মাচের প্রমান্তি। শরীরে পাপানো হিরা সর্বান্ কামান্ সমশ্বতে। ভাগবতে দৈনাং। মৈবং মমাধমস্থাপি স্যাদেবাচ্যুত দর্শনং। ত্রিয়মাণং কালন্যা কচিত্তরতি কঞ্চনঃ। স্কান্দে দয়া। এতে ন হাত্তুতা ব্যাধ, তবাহিংসালয়ো গুণাঃ। হরিভক্তৌ প্রবৃত্তা যে ন তে হ্যাঃ পরতাপিনঃ॥ যুক্তবৈরাগ্যং ভাগবতে। বাহ্নদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রয়োজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকং। সাধন চতুষ্টয় যোগ কর্ম নিষেধ বচনং তরৈব। ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম উদ্ধব। ন সাধয়ায় স্কপস্ত্যাগো ফ ভক্তিমমোজিতা। স্কান্দে। অন্তঃশুদ্ধিবহিঃ শুদ্ধি স্তপঃ শান্ত্যাদয় স্কর্থা। অমী গুণাঃ প্রপ্রত্তে হরিদেবাভিকামিনাং। শ্রীশ্রীময়হাপ্রভু। তৃণাদিপি স্থনীচেন তরোরপি সহিফুনা। অমানিনা মানদেন কীর্হনীয়ঃ সদা হরিঃ। ৭২।।

সেই দশটী দোধ পরিবজ'ন করিতে হইলে ভক্তির অনুগত দৈশু দয়াযুক্ত বৈরাগ্য দারাই সম্ভব। নির্ভেদ জ্ঞানমাগে'র অনুগত সাধন চতুষ্টয়ের দারা তাহা অসম্ভব।। ৭২।।

তৈত্তিরীয়োপনিষদে, সমস্ত দেবগণ অথবা ইন্দ্রিরগ' বিজ্ঞানময় স্বাধিপ ব্রহ্মকে উপাসনা করে। বিজ্ঞানবান্ জীব ব্রহ্মকেই শ্রেষ্ঠবোধে ধ্যান করেন; যদি বিজ্ঞানবান্ জীব ব্রহ্মকে জানিতে পারেন, অর্থাৎ ব্রন্মেরই সকল কর্মে কর্তৃত্ব ইহা অবগত হন, যদি সেই জীব ব্রহ্ম বিষয়ে প্রমাদগ্রস্ত না হন, অর্থাৎ ভগবদ্দাস্থাভিমানে ভজনা করেন, তবে তাহার ফলরপে শরীরে আত্মাভিমানজনিত সকল পাপাদি দোষ মোহাভিমানাদি ত্যাগ করিয়া সমস্ত দোষমুক্ত হইয়া অভিলয়িত বস্তু প্রেমভক্তি লাভ করেন। ভাগবতে অক্রুরের দৈর্গ, -ভগবান্ কি আমাকে বঞ্চিত করিবেন? কখনো না; কারণ, আমার স্থায় অধম ব্যক্তিরও অচ্যুত ভগবানের দর্শন হইতে পারে যেমন কালনদীর প্রবাহে ভাসমান কাষ্ঠাদির মধ্যেও কোন একটা হঠাৎ উত্তীর্ণ হইয়া থাকে। ক্রন্দপুরাণে, দয়া সম্বন্ধে,— হে ব্যাধ, ইহা কোনরপ অভুত নহে, তোমার অহিংদাদি গুণসমূহ স্বাভাবিকই হইয়াছে, যেহেতু হরিভক্তিতে যাঁহারা প্রবৃত্ত, তাহারা কখনও পরপীড়াদায়ক হয় না। ভাগবতে যুক্তবেরাগা যথা,— ভগবান বাস্থদেবে সেই ভক্তিযোগ অমুষ্টিত হইতে হইতে অনায়াসে ইতর বিষয়ে বৈরাগা ও চিন্ময় ভগবজ,জ্ঞান উদয় হয়। যোগ কর্মাদি সাধন চতুষ্টয়ের নিষেধ বচন ভাগবতে,—হে উদ্ধব, অষ্টাঞ্চ যোগ, সাংখ্য জ্ঞান, বেদাধ্যয়ন তপস্থা ও সন্নাস আমাকে সাধিতে পারে না। শুদাভক্তি যেমন আমাকে বঙ্গীভূত করে, এই সকল সাধন তদ্রপ ক্ষমতাশীল নহে। স্কলপুরাণে। ঐহরির সেবাভিলাষী ভক্তপণের অন্তঃকরণগুদ্ধি বহিংশোচ, তপস্থা, শান্তি ইত্যাদি সকল সদ্গুণসমূহ সহজে আসিয়া উপস্থিত হয় ৷ শ্রীনশ্বহাপ্রভুর শিক্ষাইকে, —তুণাপেক্ষা স্থনীচ, তরু অপেক্ষা সহনশীল ও অভিযান বজিত হইয়া অপরকে সন্মানপূর্বক সর্বদা হরিকীর্ত্তন কর্ত্ব্য। [৭২]

ওঁ হরি:।। সাধন পরিপকে সর্বানর্থ নিবৃত্তি:।। হরি: ওঁ।। ৭৩।।

ছান্দোগ্যে। আহারশুদ্ধে সন্ধ্রুদ্ধিঃ সন্ধ্রুদ্ধে প্রবাদ্ধিঃ স্মৃতিলভ্যে স্ক্রুদ্ধিনাং বিপ্রমোক্ষান্ত মাদিতক্ষায়ায় তমসম্পারং দর্শয়তি ভগবান্ সনংকুমারঃ।। ভাগবতে। শুক্রায়োঃ প্রদানস্য বাস্তদেব কথা রুটিঃ স্যাদ্ধাহৎ সেবয়া বিপ্রাঃ পুণ্যতীর্থানিষেবলাং॥ শৃরতাং সকথাঃ কৃষ্ণঃ পুণ্য প্রবাদ কীর্তনঃ। হৃত্তক্ষে হৃত্তকাণি বিধুনোতি স্কৃহৎসতাম্। নম্ব্রুদ্ধায়েষভদ্রেষ্ নিত্যং ভাগবত সেবয়া ভগবত্যত্তমঃ শ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী।। তদা রক্ষন্তমো ভাবাঃ কামলোভাদয়শ্চ যে। চেত এতৈরনাবিদ্ধং স্থিতং সত্ত্বে প্রসীদতি।। ভিততে হৃদয়গ্রন্থিশ্ছিতত্তে সর্ক্রসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্মাণি দৃষ্ট এবাত্মনীশ্বরে।। চরিতায়তে। সাধুসক্ষ হৈতে হয় প্রবণ কীর্ত্তন। সাধন ভক্ত্যে হয় স্বর্বানর্থ নিবর্তন।। ৭৩।।

সাধন পরিপক হইতে হইতে সকল অন্থ নিবৃত্তি হয়।। ৭৩।।

ছান্দোগ্যোপনিষদ্ বলেন,—আহারগুদ্ধি হইলে সত্ত্তিদ্ধি হয়, সত্ত্তিদ্ধি হইলে নিশ্চলা স্মৃতি হয়, স্মৃতি লাভ হইলে সমস্ত হৃদয়গ্রন্থি বিনষ্ট হয়। এইরপে রাগাদি দোষ হইতে বিমুক্ত নারদকে ভগবান সনংকুমার অজ্ঞানান্ধকারের পরপার দর্শন করাইলেন।। শ্রীমদ্ভাগবতে শ্রীসূতগোস্বামীর উক্তি,—হরিকথা প্রবর্ণের ইচ্ছাকে শুপ্রাষা বলে। স্থকৃতিবান শুপ্রামু ব্যক্তির প্রদা উদিত হয়, মহস্ক ক্র সেবারূপ স্থকৃতিক্রমে হরিকথায় শ্রদ্ধা হয়। পুণ্যতীর্থ নিষেবণে মহৎ সঙ্গলাভ হয়। স্থতরাং পুণ্যতীর্থ গমনরপ স্কৃতি হইতে মহৎ সেবালাভ এবং মহৎ সেবা হইতে হরিকথায় শ্রদ্ধা হয়। শ্রদ্ধাবান্ পুরুষের হৃদয়ে কৃষ্ণকথা প্রবণ-কীর্তন দ্বারা পুণা প্রবণ-কীর্তন প্রকৃষ্ণ প্রবেশ করেন। সাধুদিগের স্ফুল্ শ্রীহরি হুদয়ে বিরাজ করিয়া অভজুরাশিসকল বিনাশ করেন। কুঞ্চবিস্মৃতি দ্বারা অবিছ্যা-বন্ধন তৎফলে স্বরূপভ্রম, কর্মবন্ধন স্বর্গ নরকাদিপ্রাপ্তি, জন্মমৃত্যু ইত্যাদি অভদ্রাশি অসংখ্য। ভক্তি-যোগ অবলম্বন করিয়া নিঙ্কপট সাধক ভগবানের উপর নির্ভর করিলে কৃষ্ণকুপায় অভদ্রসকল শীস্ত্রই বিদূরিত হয় এবং চিত্ত স্থির হয়। অভদ্র যত নষ্ট হয়, সেই পরিমাণে কুঞ্কথায় যে শ্রদ্ধা ছিল, তাহা নিষ্ঠারূপে পরিণত হয়। ভক্তভাগবত এবং গ্রন্থভাগবতের প্রতিনিতা সেবাদ্বারা অর্থাৎ তাহার শ্রবণ-কীর্তনাদি দারা অভদসকল নষ্টপ্রাপ্ত হইলে উত্তমঃশ্লোকরূপ শ্রীকৃষ্ণে নৈষ্ঠিকী ভক্তি উদয় হয়। তখন রজোভাব ও তমোভাবস্বরূপ কামলোভাদি আর চিত্তকে আক্রান্ত করিতে পারিবে না। বিশুদ্ধ সত্ত্তিগে স্থিত হইয়া আত্মা প্রসন্নতা লাভ করে। তখন সাধকের অবিলাময় হৃদয় ্রাস্থি ভেদ হয়, সকল সংশয় ছেদ হয়. এবং আমাকে সমস্ত জীবাত্মার প্রভু বলিয়া দৃষ্ট হইলে সমুদ্য় কর্মক্ষয় হয়॥ ইহাই সাধন ভক্তির পরিপাকাবস্থায় সাধকের অনর্থ নিবৃত্তির ক্রমপস্থা। [৭৩]

उँ रितः। यत्रभानावा अत्रज्ञाभित्राधक्र प्रति ।। रितः उँ ॥ १८ ॥

স্বরূপানাবাপ্তির্যথা শ্বেতাশ্বতরে। সভাবমেকে কবয়ো বদন্তি কালং তথাতো পরিমূখ্যানাঃ। অসত্যথা যথা বৃহদারণাকে। যেষাং নোষ্য্যাত্মাহাংয়ং লোক ইতি তে হ স্ম পুত্রিষণায়াশ্চ বিত্তিষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ বৃাত্থায়াথ ভিক্ষাচর্যং চরন্তি।। অপরাধী যথা ঈশাবাস্যে। অন্থা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেতাাভিগক্ষন্তি যে কে চাত্মহনো জনাঃ॥ হৃদয় দৌর্বল্যং কঠে। প্রাচঃ কানানন্ত্রযন্তি বালাস্তে মুত্যোর্যন্তি বিত্তস্থ পাশম্॥ ভাগবতে। কিমু ব্যবহিতাহপত্যদারাগার ধনাদ্যঃ। রাজ্য কোষ গজানাতা ভৃত্যাপ্তা মমতাম্পদাঃ॥ কিমেতৈরাত্মনস্তুতৈছ্ঃ সহ দেহেন নশ্বরৈঃ। অনথৈরসংকাশৈনিত্যানন্দরসোদ্ধেঃ॥ চরিতায়তে। জ্ঞানী জীবন্মুক্তদশা পাইমু করি মানে। বস্তুত বৃদ্ধি শুদ্ধ নহে কৃষ্ণভক্তি বিনে॥ কানত্যজি কৃষ্ণ ভজে শাস্ত্র আজ্ঞা মানি। সেবা নামাপরাধাদি দূরেতে বর্জন।। ৭৪।।

সরপের অপ্রাপ্তি, অসং তৃষ্ণা, অপরাধ হৃদয় দৌর্বল্য এই চারিপ্রকার অনর্থ।। ৭৪।।

সরপভ্রম সম্বন্ধে শ্বেতাশ্বতরে, — ঈশ্বরমায়ায় মোহিত কোন কোন বিদ্ধান ব্যক্তি বস্তমভাব বা বস্তুশক্তিকে জগৎকারণ বলিয়া থাকেন, আবার কোন কোন অবিবেকী ব্যক্তি কালকে সৃষ্টিকর্তা কলিয়া নির্দেশ করেন। অসত্ঞা সম্বন্ধে বুহদারণ্যকে বলেন, —পরিত্রাজকরপ ত্যাগীগণ আমরা, আমাদের নিকট এই আত্মাই একমাত্র ফল। সেই আমরা সন্তান প্রভৃতির দ্বারা কি করিব ? সম্পত্তি প্রভৃতির দ্বারাও কি করিব ? এই মনে করিয়া প্রাচীন ব্রহ্মছেরো পুত্রকামনা, চিত্তকামনা ও লোক-কামনা হইতে ব্যুত্থিত হইয়া ভিক্ষাটন অবলম্বন করিয়াছিলেন। অপরাধর্মপ অন্থ সম্বন্ধে ঈশাবাস্থে,— যাহারা প্রমাত্ম-সম্বন্ধ স্থাপন না করিয়া জগৎকে ভোগ করে, ভাহারা আত্মহা অর্থাৎ আত্মঘাতী। তাহারা দেহ পরিত্যাগ করিয়া আসুরী ভাবপ্রাপ্ত লোকসকল যাহা অন্ধকারে আবৃত, তাহাই প্রাপ্ত হয়। হুদয় দৌর্বল্য সম্বন্ধে কঠোপনিষৎ বলেন,--অবিবেকিগণ বাহ্য বিষয় স্রক্চন্দনবনিতাদি ভোগ্যবস্তর অমুসরণ করে, তাহার ফলে তাহারা অনাদিকাল হইতে প্রবৃত্ত অবিভা, কামনা, কর্মাদির বন্ধনপ্রাপ্ত হয় অর্থাৎ পুন: পুন: জন্ম-মরণাদি ক্রেশ ভোগ করে। অতএব মুমুক্ষু ব্যক্তি কোনরূপ বিষয়প্রমত হইবেন না॥ ভাগবতে প্রহলাদ মহারাজ বলেন,— গপতা, স্ত্রী, গৃহ, ধনাদি, রাজ্য, কোষ, গজ, অমাত্য, ভূত্য, আপ্ত, প্রভৃতি মমতাম্পদ বস্তু এইসকলে কি করিতে পারে? আত্মার তুলনায় ইহারা সকল তুচ্ছবস্তু, দেহের অনুগত এবং সমস্ত নশ্বর, অর্থের ন্যায় বোধ হয়, কিন্তু অনর্থ। নিত্যানন্দ রসসমুদ্র যে কুফভক্তি, তাহার নিকট ইহারা কিছুই নয়। চরিতামতে বলেন, ভক্তিবিহীন জ্ঞানীর জীবনমুক্ত দশা কেবল ভানমাত্র। কুফভক্তি ব্যতীত জীবের বুদ্ধিই শুদ্ধ হয় না, স্বরূপভ্রম অপগত হয় না। সমস্ত অপরাধ পরিত্যাগ করিয়া বিষয় তৃষ্ণাকে দূরে রাখিয়া অখিল চেষ্টাদ্বারা কৃষ্ণানুশীলনই শ্রেয়ঃ কামীর কর্ত্রা। [98]

ওঁ হরি: ॥ সাধনযোগেনাচার্যপ্রসাদেন চ তুর্ণং তদপনয়নমেব ভজননৈপুণ্যম্ ।। হরি: ওঁ ॥ ৭৫ ॥ ইতি সাধন পরিপাক প্রকরণং সমাপ্তম্ ॥

প্রশোপনিষদি। তথ্য স হোবাচ অতি প্রশান্ পৃচ্ছসি, ব্রন্ধিষ্ঠাইসীতি, তত্মাত্তেইং ব্রবীমি। তে তমর্চয়ন্তঃ, বং হি নঃ পিতা, যোইস্মাকনবিজায়াঃ পরং পারং তারয়সীতি। নমঃ পরম ঋষিভোগ নমঃ পরম ঋষিত্যঃ ॥ ভাগবতে। গুরু শুঞাষয়া ভক্ত্যা সর্বলাভার্পদেন চ। সঙ্গেন সাধু ভক্তানা-মীশ্বরারাধনেন চ॥ যথাগ্রিনা হেমমলং জহাতি থাতিং পুনঃ সং ভক্ততে স্বরূপং। আত্মা চ কর্মানুশয়ং বিধূয় মন্তক্তি যোগেন ভক্ত্যথো মাং ॥ যথা যথাত্মা পরিমূজ্যতে হসৌ মংপুণ্যগাথা শ্রবণাভিধানৈঃ। তথা তথা পশ্যতি বস্তু স্ক্রং চক্ষ্যথৈবাঞ্জন সংপ্রযুক্তং ॥ চরিতামূতে ॥ সাধুসঙ্গে তবে কুফে রিভ উপজয় ॥ গুরু অন্তর্থামীরূপে শিক্ষায় আপনে॥ ৭৫॥

ইতি সাধন পরিপাক প্রকরণ ভাষ্যং সমাপ্তম।

সাধন্থোগে এবং আচার্যপ্রসাদে সেই অনর্থ চারিটী দূর করাই ভক্ষন নৈপুণ্য।। ৭৫।।

প্রশোপনিষদে,— আচার্য পিপ্ললাদ কৌসল্য মুনিকে বলিলেন,—বংস, তুমি যে সকল প্রশ্ন করিতেহ, এগুলি অতি তুরহ, যেহেতু প্রাণতত্ত্বই ত্রিজ্যে, তাহার পর সেই প্রাণের জন্ম, ক্রিয়াকলাপ ও ব্যাপার আরও হুর্বোধ্য, সবিশেষ ব্রহ্মজ্ঞান ব্যতীত এসকল প্রশ্ন উদিত হয় না, আমি তোমার উপর সম্ভষ্ট হইয়া সেই সকল প্রশ্নের উত্তর প্রদান করিতেছি তাহা প্রবণ কর॥ তাহারপর শিশুগণ গুরুকর্তৃক এইরূপ অরুশিষ্ট হইয়া বৃতার্থ হইল এবং গুরুদ্দিশার অহা কিছু না পাইয়া পুপাঞ্চলি দান ও প্রণিপাত দারা তাঁহাকে পূজা করত: বলিল, গুরুদেব! আপনি আমাদের পিতা যেহেতু আমাদিগকে হন্তর অবিছা-সাগরের পরপারে যাইতে পথ দেখাইলে। স্বতরাং আপনি ব্রহ্মবিছা দাতা পিতা। ব্রন্থবিছা-সংপ্রদায় প্রবর্তক মহষিগণকে প্রণাম, এই মহষিগণকে ভূয়োভূয়: প্রণাম। শ্রীমন্তাগবতে নারদের উপদেশ যথা,—গুরুত্তাষা, ভক্তি, সমস্ত লব্ধবস্তু সমর্পণ, সাধু ভক্তবুন্দের সংস্গ্র্ণ, ভগবানের আরাধনা, ভগবং কথায় শ্রদা, তদীয় গুণ-কর্ম কীর্ত্তন, তাঁহার পাদপদ্ম ধ্যান, তাঁহার মৃতিষমূহের দর্শন পূজনাদি এই সকল ভগবংপ্রাপ্তির শ্রেষ্ঠ উপায় বলিয়া বর্ণিত হইয়াছে॥ স্বর্ণ যেরপ অগ্নিতে দক্ষ হইয়া স্বীয় রূপ ধারণ করে সেইরপ আমার ভক্তিযোগের দারা মন কর্মাশয়কে খোত করিয়া আমাকে ভজনা করে। আমার পুণ্যগাথা প্রবণ কীর্তনের দারা মন পরিমার্কিত হইয়া বস্তু-সূক্ষা ক্রমে ক্রমে দেখিতে পায়। চকু যেমন অঞ্জন সংযুক্ত হইয়া বহির্বস্ত ভালরপে দেখে, তদ্ৰপ ॥ সাধুসঙ্গ দ্বারাই ভক্তিসাধন পক্ত হইয়া জীকুষে রতি উদয় হয় শুক্রাষু এবং কৃতী সাধক হৃদয়াভান্তরে ভগবদমুভূতি এবং ভগবংপ্রেরণা লাভ করেন। অনর্থনিবৃত্তি না হওয়া পর্যান্ত ভক্তনপথে অগ্রসর হওয়া যায় না। অতএব অল্পকালেই অনর্থসকলকে অতিক্রম করিবার নিধার এবং ভত্তং কার্যপ্রবর্তনকেই ভন্ননৈপুণ্য বদা যায়। [৭৫]

ইতি সাধন পরিপাক প্রকরণের ভাষাাত্বাদ সমাধ্য হইল।

ভজন ক্রম প্রকরণম্

उं इति: ॥ ७८७। छजननिर्श ॥ इति: उँ॥ १७॥

ছান্দোগো। যদা বৈ নিস্তিষ্ঠতাথ শদ্ধাতি নিস্তিষ্ঠানের শ্রদ্ধাতি নিষ্ঠা হেব বিজিজ্ঞানিতবোতি নিষ্ঠাং ভগবো বিজিজ্ঞান ইতি ॥ ভাগবতে। এতাং সমাস্থায় পরাত্মনিষ্ঠাং অধ্যাসিতাং
পূর্ববতনৈর্মহর্ষিভিঃ। অহং তরিয়ামি ত্বন্তপারং তমো মুকুন্দান্তিবু নিষেবয়ৈব ॥ শ্রীঠাকুর নরোত্তম ।
তাঁহাদের মধ্যে আবার যে ভক্ত ভগবানকে লইয়াই ক্রীড়ারত, তাঁহাতেই রতি সম্পন্ন এবং ভগবং
প্রীত্যর্থে ক্রিয়াপরায়ণ, তিনি ব্রহ্মজ্ঞানীদিগের অপেক্ষা শ্রেষ্ঠ॥ অগ্নিপুরাণে,—স্তম্ভাদি এই অস্তমাত্নিক
বিকার সম্পূর্ণভাবে রজ্ঞাগুণ ও তমোগুণ বিরহিত গুদ্দাহের ক্রিয়া॥ শ্রীরপগোস্বামী বলেন,—
চিত্ত সম্বন্ধণাক্রান্ত হইয়া উচ্চ্ছাল মনকে প্রাণে সমর্পণ করে, প্রাণও বিকার প্রাপ্ত হইয়া দেহকে যথেষ্ঠ
বিক্ষোভিত করে, তথ্বনই ভক্তদেহে স্তম্ভাদি ভাবের উদয় হয়। সাত্ত্বিক ভাব আটটি-ক্তম্ভ, স্বেদ,
রোমাঞ্চ, স্বরভঙ্গ, কম্পা, বৈবর্ণা, অঞ্চ ও প্রলয় [১০৭]

ওঁ হরি:।। সঞ্চারিস্ত ত্রয়ন্ত্রিংশলক্ষণ:।। হরি: ওঁ ।। ১০৮ ।।

ঐতরেয়ে। যদেতদ্হদয়ং মনশৈচতং সংজ্ঞানমাজ্ঞানং বিজ্ঞানং প্রস্ঞানং মেধা দৃষ্টির্ধৃ তির্মতির্মনীয়া জ্বতিঃ স্মৃতিঃ সঙ্কল্পঃ ক্রতুরস্থা কামো বশ ইতি ॥ সর্ব্বাণ্যেবৈতানি প্রজ্ঞানস্য নামধেয়ানি ভবন্তি ॥ আরিপুরাণে। বৈরাণ্যাদির্মনঃ খেদো নির্বেদ ইতি কথ্যতে ইত্যাদি ॥ শ্রীরূপঃ ॥ নির্বেদাহথ বিষাদো, দৈলং প্লানিশ্রমোচ মদগর্বে। শক্ষা জাসাবেগা উন্মাদাপস্মৃতী তথা ব্যাধিঃ। মোহো, স্মৃতিরালস্যং জাড্যংগ্রীভাবহিত্যা চ। স্মৃতিরথ বিবর্ক চিন্তা মতিধ্তয়ো হর্ষ উৎস্কঞ্চ ॥ উগ্র্যামধাস্য়া ভাগেলাঞ্চৈব নিজা চ। স্থিত্রেবাধ ইতীয়ং মে ভাবা ব্যভিচারিণঃ সমাখ্যাতাঃ ॥ ১০৮ ॥

চতুর্থ দারগ্রী সঞ্চারী বা ব্যন্তিচারী ভাব, তাহারা তেত্রিশ প্রকার।। ১০৮।।

ঐতরেয় বলেন,—এই যে হৃদয় ও এই যে মন ইহারাও উপলিরির কারণ। ইহাদের বৃত্তিগুলির নির্দ্দেশ যথা,—সংজ্ঞান, আজ্ঞান, বিজ্ঞান, প্রজ্ঞান, মেধা, দৃষ্টিঃ, ধৃতি, মতি, মনীষা, জৃতি (রাগাদি হৃঃখ), স্মৃতি, সঙ্কল্ল, ক্রতু (অধ্যবসায়), অস্ত্র (জীবিকাবৃত্তি), কাম, বশ, এই সমস্তই প্রজ্ঞানাত্মক ব্রন্দের নামধেয় অর্থাৎ বহিরক্স রূপভেদ হইতেছে। অগ্নিপুরাণ বলেন,—বৈরাগ্য, মানসিক খেদ, নির্বেদ ইত্যাদি সমস্ত সঞ্চারীভাবরূপে বলা হইয়াছে॥ শ্রীরূপ বলেন,—নির্বেদ, বিষাদ, দৈয়, গ্লানি, শ্রম, মদ, গর্বর, শঙ্কা, ত্রাস, আবেগ, উন্মাদ, অপস্মৃতি, ব্যাধি, মোহ, মৃত্যু, আলস্ত, জাড্যা, ব্রীডা, মবহিত্থা, স্মৃতি, বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, হর্ষ, ওৎস্থকা, ওগ্রা, অমর্ষ, অস্য়া, চাপল্য, নিদ্রা, স্থিও বোধ—এই তেত্রিশটি ব্যভিচারিভাব। [১০৮]

ওঁ হরিঃ।। ভজিরসোহি মায়াগন্ধশৃক্ত পরমার্থ স্বরূপগত চিদৈচিত্রং।। হরিঃ ওঁ।। ১০৯।।

বৃহদারণ্যকে। তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ। নামুধ্যায়াদ্বহুঞ্জান্ বাচো বিগ্লাপনং হি তং ॥ তাপনী শ্রুতো। সকলং পরং ব্রহ্মিবৈতং। যো ধ্যায়তি ভজতি সোইমতো ভবতীতি ॥ ভাগবতে। নিভূত মরুদ্মনোইক্ষ দৃঢ় যোগযুজো হুদি যমুন্য উপাসতে তদরয়োইপি যযুং স্মরণাং। স্ত্রিয় উরগেন্দ্র ভোগভূজদণ্ড বিষক্তধিয়ো বয়মপি তে সমাঃ সমদৃশোইজিবু সরোজ স্থাঃ ॥ প্রিরপঃ। সর্ববিধেব ত্রহোইয়মভকৈর্ভগবন্দরঃ। তৎপাদাশুজসর্ববিধেভিক্তরেবানুরস্ততে ॥ পরমানন্দ্র তাদান্ম্যাদ্রত্যাদেরস্ত বস্তুতঃ। রসস্ত স্বপ্রকাশহ্মখণ্ডহঞ্চ সিধ্যতি ॥ ১০৯॥

ভক্তিরসই মায়াগন্ধশূন্য পরমার্থ স্বরূপগত চিদ্বৈচিত্র॥ ১০৯॥

বুহদারণ্যক বলেন, — ধীমান্ ব্রহ্মজিজ্ঞান্ত সেই আত্মার বিষয় জানিয়া প্রজ্ঞা অবলম্বন করিবেন। তিনি বহু শব্দের চিন্তা করিবেন না, কারণ তাদৃশ বাক্যসকল গ্লানিকর॥ তাপনী শ্রুতি বলেন, এই সমস্তই পরব্রহ্মেরই; সেই সচিদানন্দময় পরমপুরুষকেই যে ধ্যান করে এবং ভজনা করে, সে নিশ্চয়ই অমৃতহপ্রাপ্ত হয়॥ ভাগবতে — শ্রুতিগণ কহিলেন, মন, ইন্দ্রিয় ও প্রাণবায়ুকে নিভ্তে দূঢ়রপে যোগযুক্তহৃদয়ে মুনিগণ যাঁহার উপাসনা করেন, তাঁহাকেই শত্রুভাবে অস্তরগণ স্মরণ করিয়া প্রাপ্ত হন। ব্রজ্ঞারীগণ তাঁহারই সর্পাকৃতি ভূজদণ্ডে আসক্তচিত্ত হইয়া তাঁহাকে পাইয়াছেন। আমরা তাঁহাদের আয় কান্তভাবে তাঁহার চরণপদ্মস্থা লাভ করিয়াছি। (ইহাকে রাগান্থগা সাধনভক্তি বলা যায়)। প্রীরূপ গোস্বামী বলেন,—অভক্তগণের নিকট এই ভক্তিরস সর্বথাই তুর্বোধ্য, কিন্তু শ্রীহরিচরণারবিন্দই যাঁহাদের সর্বস্ব, সেই ভক্তগণই এই ভক্তিরসের একমাত্র আস্বাদক। এই রতি স্থাদিনীশক্তির সংশ বলিয়া পরমানন্দমূলাই, শক্তি ও শক্তিমানের অভিন্নতার হিসাবে কৃষ্ণরূপ বিভাব ভ্রাবিষ্টিই, অনুভাব ও ব্যভিচারী ভাবসমূহ রতি হইতেই

জাত হয়, স্থতরাং রত্যাদির অর্থাৎ রস্যবস্তুর বিভাবাদি ও এই রসের প্রমানন্দতাদাত্ম্যবশতঃ শ্রীভগবদ্ধশীকারি মহানন্দস্বরূপে এই রসের স্বপ্রকাশতা (মন আদির নিরপেক্ষ প্রকাশ যুক্ততা) এবং অন্য ক্তিশীল অথগুতা সিদ্ধ হইল। [১০৯]

उँ इति: ॥ श्रीकृष्णनीन। जू मर्वत्रम প্রতিষ্ঠা।। इति: उँ ॥ ১১० ।।

গোপালতাপনী। তহুহোবাচ হৈরণ্যো গোপবেশমভ্রাভং তরুণং কল্পজ্রমা শ্রিতম্। তন্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্থং ধাায়েত্তং রসয়েৎ তং যজেৎ তং ভজেদিতি ওঁ তৎসদিতি॥ ছান্দোগ্যে। শ্রামাচ্ছবলং প্রপত্নে শবলাচ্ছামং প্রপত্নে ॥ শ্রীবিষ্ণুপুরাণে। যত্রাবতীর্ণং কৃষ্ণাখ্যং পরংব্রহ্ম নরাকৃতিঃ ॥ চরিতামতে। কৃষ্ণের যতেক খেলা, সর্বোত্তম নরলীলা, নরবপু তাহার স্বরূপ। গোপবেশ বেণুকর, নবকিশোর নটবর, নরলীলা হয় অনুরূপ॥ যোগমায়া চিচ্ছক্তি, বিশুদ্ধ সন্ধ পরিণতি, তার শক্তিলোকে দেখাইতে। এইরূপ রতন, ভক্তগণের গৃঢ় ধন, প্রকট কৈল নিত্যলীলা হৈতে ॥ ১১০॥

শ্রীকৃষ্ণলীলাই অখিলরসের প্রতিষ্ঠা॥ ১১०॥

গোপালতাপনী বলেন,—হিরণাগর্ভ ব্রহ্মা এরপ বলিলেন, দেই ধ্যেয়বস্তু ভগবান্ নিত্যকিশোর গোপবেশধারী, শ্যামস্থলর এবং কল্পতকর তলে বিরাজ করেন। অতএব এই শ্রীকৃষ্ণই স্বয়ং
ভগবান্, এই পরমদেবতারই ধ্যান করিবে, ভক্তিপূর্বক দেবা করিবে, আরাধনা করিবে, তিনিই
পরাংপর শাশ্বত পরব্রহ্ম ॥ ছান্দোগ্য বলেন,—আমি শ্যামস্থলর শ্রীকৃষ্ণের অমুগ্রহ দারা তাঁহার
স্বরপশক্তির আশ্রয় গ্রহণ করিব এবং দেই স্বরপশক্তির অমুগ্রহ দারা পরমাশ্রয়রপ শ্যামস্থলরের
আশ্রয় পাইব ॥ শ্রীবিষ্ণুপুরাণে,—মথুরামগুল অত্যন্ত শ্রেষ্ঠ ধাম, যেখানে কৃষ্ণ নামক এই নরাকৃতি
পরব্রহ্ম অবতীর্ণ হইয়াছেন ॥ চৈতল্য চরিতামত স্থলরভাবে শ্রীকৃষ্ণের পরমেশ্বরত্ব, অবতারিত্ব,
লীলা পুরুষোত্তমত্ব, মাধুর্য্য পরাকাষ্ঠা, তাঁহার স্বর্মপশক্তির বৈশিষ্ট্য ইত্যাদি-সকল প্রতিপাদন
করিয়াছেন। [১১০]

ওঁ হরি: ॥ বিশুদ্ধ রাগমার্গেণ সৈবাবেষ্টব্যা ॥ হরিঃ ওঁ ॥ ১১১ ॥

গোপালতাপনী। যোহবৈ কামান্ কাময়তে স কামী ভবতি। যোহ বৈ বকামেন কামান্ কাময়তে সোহকামী ভবতি ॥ ব্রহ্মসংহিতায়াং। শ্রিয়: কান্তাঃ কান্তঃ পরমপুরুষ: কল্পতরবো ক্রমা ভূমিশ্চিন্তামণি গুণময়ী তোয়মমূতং। কথা গানং নাট্যং গমনমপি বংশী প্রিয়সখী চিদানন্দং জ্যোতিঃ পরমপি তদাস্বাত্মমপি চ।। চরিতামূতে। রাগভক্তি বিধিভক্তি হয় তুইরপ। স্বয়ং ভগবহ প্রকাশো তুইত স্বরূপ। রাগভক্তে ব্রক্তে স্বয়ং ভগবান পায়। বিধিভক্তে পার্যদ দেহে বৈকুঠেতে যায়॥ ১১১॥

বিশুদ্ধ রাগমাগে প্রীকৃঞ্জীলা অয়েষণ করিবে॥ ১১১॥

গোপালতাপনীতে,—কামনাযুক্ত হইয়া যে কোন ব্যক্তি যখন কর্ম করে, তখন সে কামকর্ম-বন্ধনগ্রস্ত হয়, কিন্তু নিজাম ভাবে অর্থাৎ কৃষ্ণপ্রেম দ্বারা যখন কৃষ্ণভোষণরপ কর্মসকল করে, তখন কর্মবন্ধনে বঞ্চিত হয় না পরস্তু আত্মপ্রসন্থাই লাভ করে ॥ ব্রহ্ম সংহিতায়,—সেই চিন্ময় বুন্দাবনে মাধূর্যলক্ষীরপ গোপিকাগণই ভগবানের প্রেয়সীবর্গ, পরমপুরুষ গোবিন্দাই তাঁহাদের প্রিয়কান্ত, কল্পতরুই বুক্ষসমূহ, সেখানকার ভূমি চিন্তামণি দ্বারা রচিত, জলই অমৃত, ব্রজরমণীগণের কথাই গান, তাঁহাদের স্বাভাবিক গমনই নৃত্য, বংশীই গোবিন্দের প্রিয়সখী চিদানন্দাই উজ্জ্বল ক্ষ্যোতি যাঁহা সমস্ত পরম আস্বাদযুক্ত ॥ এই ব্রক্তেন্দনন শ্রীকৃষ্ণ বিশুদ্ধ রাগমার্গ দ্বারাই লভ্য হন । বিধিমার্গের ভক্ষনদ্বারা অবতারী শ্রীকৃষ্ণকে পাওয়া যায় না [১১১]

ওঁ হরিঃ।। স্বেন সিদ্ধস্বরূপেণ তৎপ্রবেশস্ত জীব চরম মহিমা।। হরিঃ ওঁ।। ১১২।।

ছান্দোগ্যে। এথ য এয সম্প্রসাদোহস্মাচছরীরাৎ সমুখায় পরং জ্যেতিরুপসম্পত্ন স্থেন রূপেণাভিনিম্পত্তত এয় আত্মেতি হোবাচৈতদমূতমভয়মেতদ্ ব্রহ্মেতি তস্ত হ বা এতস্থ ব্রহ্মণো নাম সত্যমিতি।
মহাকৌর্মে। অগ্নিপুত্রা মহাত্মানস্তপসা স্ত্রীষমাপিরে। ভর্তারঞ্চ জগদ্যোনিং বাস্থদেবমজং বিভুং॥
পদ্মপুরাণে। তে সর্বের স্ত্রীয় সম্পন্নাঃ সমুদ্ভাশ্চ গোকুলে। হরিং সম্প্রাপ্তা কামেন ততো মূক্তা
ভবার্ণবাং॥ খ্রীরূপঃ। পতিপুত্র স্কুদ্ভাতৃপিতৃব্নিত্রবদ্ধরিম্। যে ধ্যায়ন্তি সদোদ্যুক্তাস্তেভ্যোপীহ
নমোনমঃ॥ ১১২॥

সীয় সিদ্ধ স্বরূপে কুফলীলায় প্রবেশ করাই জীবের চরম মহিমা॥ ১১২॥

ছান্দোগ্যে,—আবার এই যে সম্প্রমাদ (স্বরূপসিদ্ধ কৃষ্ণভক্ত) ইনি এই শরীর হইতে উথিত হইয়া এবং পরম জ্যোতিঃ সম্পন্ন হইয়া স্বীয় স্বরূপে অবস্থিতি লাভ করেন। ইনিই আত্মা; ইনিই অমৃত, অভয়, ইনিই ব্রহ্মস্বরূপ দেই ব্রহ্মের নামই সত্য,—গুরু এই উপদেশ দিলেন। মহাকূর্মে—ভগবানের সঙ্গে রমণেচ্ছা দ্বারা মহাত্মা অগ্নিপুরুগণও বিধিমাগ ন্মিসারে তপস্থা অর্থাৎ সেবা করত স্ত্রীয়-প্রাপ্তি পূর্বক সেই বিভু, অজ ও জগংকারণ বাস্থদেবকে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন অর্থাৎ দারকায় মহিষীয় প্রাপ্তি করিয়াছেন। পদ্মপুরাণে,—দশুকারণ্য বাসী সেই মৃনিসকলে সাধন বলে স্ত্রীভাব অর্থাৎ সম্ভোগেচ্ছাত্মক প্রেম প্রাপ্তি করত গোকুলে গোপী হইয়া জন্মগ্রহণ করিলেন। তৎপরে শ্রীরাধাদি গোকুল-দেবীদের সঙ্গবশতঃ অনির্কচনীয় মাধুর্যময় অন্ধরাগ বিশেষে তাঁহারা শ্রীহরিকে প্রাপ্তি করিয়া প্রপঞ্চের জাগাচর গোকুল প্রকাশে মনোরথ পূর্তি করিলেন এবং প্রপঞ্চগোচরত্ব পরিত্যাগ করত পরমানন্দিত হইয়াছিলেন। শ্রীরূপ বলেন,—(নারায়ণ ব্যুহন্ডবে) যাঁহারা সর্বন্দা প্রযন্ত্রসহকারে শ্রীহরিকে পতি, পুত্র, স্কুন্থ, ভ্রাতা, পিতা ও মিত্ররূপে ধ্যান করিতেছেন—তাঁহাদিগকে নমন্ধার করিতেছি [১১২]

ওঁ হরিঃ॥ তত্ত্বৈব তত্ত্বনং তত্ত্বসনং শুক্ষচিশ্বর স্বরূপেন সিধ্যতি॥ হরিঃ ওঁ॥ ১১৩॥

ইতি রসাম্বাদন প্রকরণং সমাপ্তম্য

গোপালোপনিষদি। তাসাং মধ্যে হি শ্রেষ্ঠা গান্ধবীত্যুবাচ তং হি বৈ তাভিরেয়ং বিচার্ধ। তাং হি মুখ্যাং বিধায় পূর্বমনুকুরা তুঞ্জীমাস্থ: ॥ ব্রহ্মসংহিতায়াং। সহস্রপত্র কমলং গোকুলাখাং মহৎপদং। তংকণিকারং তন্ধাম তদনন্তাংশ সম্ভবম্॥ কণিকারং মহদ্যন্ত্রং ষট,কোনং বছকীলকং। ষড়ক ষট,পদী স্থানম্ প্রকৃত্যা পুরুষেণ চ। প্রেমানন্দ মহানন্দ রসেনাবস্থিতং হি ঘং। জ্যোতিরপেণ মন্থনা কামবীজেণ সঙ্গতম্॥ তং কিঞ্জন্ধং তদংশানাং তৎপত্রাণি প্রিয়ামপি॥ প্রীরূপঃ। কৃষ্ণাদিভিবিভাবারে-গতিরন্ত্রভবাধবনি। প্রোটানন্দ চমংকার কাষ্ঠামাপছতে পরাম্॥ ১১৩॥

ইতি রসাম্বাদন প্রকরণ ভাষ্যং সমাগুম্।

তাহাতে কৃষ্ণভঙ্কন ও কৃষ্ণৱস শুদ্ধচিন্ময় স্বরূপের দ্বারা সিদ্ধ হয়।। ১১৩।।

গোপালতাপনী উপনিষদে,—তাঁহাদের মধ্যে প্রধানা গান্ধবিকা নামক গোপী অন্যান্য গোপীকাদের সঙ্গে বিচার করিয়া বলিলেন, গান্ধবি রাধিকাকেই নিজেদের অগ্রণীক্ষপে স্বীকার করিয়া, তাঁহারা
সকলে মৌনভাবে অবস্থিত হইলেন। ব্রহ্মগংহিতায়। গোকুল নামক শ্রীকৃষ্ণের পরমধাম সহস্রদলযুক্ত
কমল পুল্পের মত আকৃতি বিশিষ্ট এবং ভগবানের অনন্তাংশ সন্তুত এই কমলের কর্ণিকারে স্বয়ং ভগবান্
বিরাক্ষ করেন। ভগবানের নিত্যাবাসরূপ এই কর্ণিকার ষট, কোন আকৃতিযুক্ত শ্রেষ্ঠ যন্ত্র যাহার মধ্যে
বজ্রাকৃতি কেন্দ্রভাগে স্বরূপ শক্তিযুক্ত ভগবান্ অর্থাৎ প্রকৃতি-পুক্ষযাত্মক পরতত্ত্ব বিরাক্ষ করেন। এই
রসময় শ্রীকৃষ্ণ তাঁহার জ্লাদিনীশক্তির সহিত মহা প্রেমানন্দে মগ্ন হইয়া এইরূপ ধামে নিত্যকাল
অবস্থান করেন। অনন্তশক্তিসম্পন্ন পরং জ্যোতির্ময় ভগবান্ যিনি এরূপে অবস্থিত, তিনি কামবীক্ষ
এবং অস্তাদশাক্ষর মন্ত্রের সহিত অভিন্ন বলিয়া এই কামবীক্ষযুক্ত অস্তাদশাক্ষর মন্ত্র ছয়পদে বিভক্ত হইয়া
ঘট,কোনের ছয়দিকে বিরাক্ষ করিতেছেন। সেই সহত্রপত্র কমলের কণিকারের আবরন্বরূপ কিক্ষক্ত
ভাগে শ্রীকৃষ্ণের অন্তরঙ্গ স্থাগণ অবস্থান করেন এবং পত্রসমূহে রাধাদি অসংখ্য গোপিকাগণের উপবন
স্বরূপ ধামসকল বিভ্যমান। শ্রীরূপ গোসামী বলেন,—উজ্লা আনন্দর্রুগা রতিই (লৌকিক রসবৎ
সংকরি-নিবন্ধতার অপেক্ষা শৃত্য) অনুভববেত্য শ্রীকৃষ্ণাদি বিভাবাদির সাহায্যে আস্বাদনীয়তা প্রাপ্ত
হইয়া পরম প্রোটানন্দের চরম সীমা অর্থাৎ প্রেমাবস্থা লাভ করে [১১৩]

ইতি বসাস্বাদন প্রকরণের ভাষ্যান্ত্রাদ সমাপ্ত।।

সম্পত্তি প্রকরণম্।

ওঁ হরি:।। অধিকারক্রমেণ ছ্যন্তরোত্তর প্রাপ্তি:।। হরি: ওঁ।। ১১৪।।

বৃহদারণ্যকে। যতো যতস্থাদদীত লবণমেবৈষং বা অর ইদং মহদ্ভূতমনন্তমপারং বিজ্ঞানঘন এব ।। ভাগবতে। স্বেস্থেধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ভিতঃ। বিপর্যয়স্ত দোষঃ স্থাৎ উভয়োরেষ নির্দিয়ঃ ॥ কচিদ্গুণোহপি দোষঃ স্যাৎ দোষোহপি বিধিনা গুণঃ। গুণদোষার্থ নিয়মস্তন্তিদামেব বাধাতে ॥ যতো যতো নিবর্তে বিমুচ্যেত ততস্ততঃ। এষধর্মো গাং ক্ষেনঃ শোকমোহ ভ্যাপহঃ।। চরিতামতে। অধিকারী ভেদে রতি পঞ্চ পরকার ।। শান্ত, দাসা, সখ্য, বাৎসল্য, মধুর আর ।। ১১৪।।

অধিকার ক্রমেই উত্তরোত্তর প্রাপ্তি হয়।। ১১৪।।

বুচনারণাকে.—তখন যে যে স্থান হইতেই জল তুলিয়া লওয়া হউক না কেন. কেবল লবণ স্থাদই পা প্রায়া যায়—ঠিক তেননি, হে প্রিয়ে, অনন্ত অপার এই মহদ্ভূত কেবল বিজ্ঞান সরপই বটে। ভাগবতে। নিজ নিজ অধিকারে অবস্থানই গুণ এবং তাহার বিপর্যয়ই দোষ, গুণ-দোষের এইরপ নির্ধারণ অবগত হইবে। কদাচিৎ গুণও দোষরূপে এবং দোষও গুণকপে গৃহীত হয়। এক বিষয়েই গুণ-দোষের এতাদৃশ নিয়ম তাহাদের ভেদ নিবারণ করিয়া থাকে। যে যে কিষয় হইতে নিবৃত্ত হইবে, তাহা হইতেই মানব বিমৃক্তি লাভ করিতে পারিবে, ইহাই শোক মোহ বিনাশন কল্যাশকর ধর্মারূপে গণ্য হইয়া থাকে। চরিতামৃত বলেন,—এই পঞ্চপ্রকার রতি অধিকার ক্রমেই উত্তরোত্তর প্রাপ্তি হয়। যাহার যেমন অধিকার, সেরপ রতিই তাহার নিকটে শ্রেয়রূপে পরিণত হয়। [১১৪]

ওঁ হরিঃ।। নিগুণ প্রদামূলাহি বৈধী ভক্তিঃ।। হরি: ওঁ।। ১১৫।।

বৃহদারণাকে। কাম: সম্বল্লো বিচিকিৎসা শ্রদ্ধান্ত্রিধৃতিইুমিনিভাঁরিভাতৎ সর্কং মন এব ॥
শ্রদ্ধাং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥ ভাগবতে। সাত্তিকাধাাত্মিকী শ্রদ্ধা কর্মশ্রনা তুরাজনী। তামস্তধর্মে যা শ্রদ্ধা মৎসেবায়ান্ত নিগুণা॥ যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধান্ত যঃ পুনান্। ন নিবিম্নো
নাতিসক্তো ভক্তিযোগোহস্তা সিদ্ধিদঃ ॥ গীতায়াং। তপস্বিভ্যোইধিকো যোগী জ্ঞানীভোাইপি
মতোহধিকঃ। কর্মিভ্যোশ্চাধিকো যোগী তত্মাদ্ যোগী ভবাজুন॥ যোগীনামপি সর্কেবাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥ শ্রীরূপঃ। হাাদৌ শ্রদ্ধা ততঃ
সাধুসঙ্গোহথ ভজনক্রিয়া। ততোহনর্থ নিবৃত্তি স্থান্ততো নিষ্ঠাক্রচিস্ততঃ। তথাসক্তিস্ততো ভাবাস্ততঃ।
প্রেমাভ্যাদঞ্চতি। সাধকানাময়ং প্রেম্নঃ প্রাতৃর্ভাবে ভবেৎ ক্রমঃ ॥ ১১৫॥

বৈধী ভক্তি নিগু ন শ্ৰদ্ধা মূলা॥ ১১৫॥

বুহদারণাকে, — কাম, সহল্প, সংশয়, শ্রহ্না, অশ্রহ্না, ধৃতি, অধৃতি, লক্ষ্না, প্রদ্রা, ভয় ইত্যাদি সমস্তই মন। ভগবন্, আমি শ্রহ্না সম্বন্ধে এখন জিজ্ঞাসা করিতেছি।। ভাগবতে, — আধাাত্মিকী শ্রহ্না সাহিকী, কর্মশ্রহা রাজসী, অধর্ম্মে যে শ্রহ্না তাহা তামসী, মংসেবায় যে শ্রহ্না, তাহা নিগুণ। যে পুরুষ ভাগাক্রমে মদীয় কথায় আদরযুক্ত হইয়াছেন, এবং যাহার — বিষয়েতে বৈরাগা বা অত্যাসক্তি নাই, তাদুশপুরুষের পক্ষে ভক্তিযোগ সিদ্ধিপ্রদ হইয়া থাকে।। গীতায় ভগবান্ বলেন, — সকামকর্মরত তপস্বী অপেক্ষা কর্মযোগী শ্রেষ্ঠ, জ্ঞানযোগী তদপেক্ষা শ্রেষ্ঠ, সকামকর্মী অপেক্ষা যোগীই শ্রেষ্ঠ। অতএব, হে অর্জন্ব, তুমি যোগী হও। যত প্রকার যোগী আছে, সর্ব্বাপেক্ষা ভক্তিযোগানুষ্ঠাতা যোগীই শ্রেষ্ঠ। যিনি শ্রহ্নাবান্ ইইয়া আমাকে ভঙ্গনা করেন, তিনি সর্ব্বযোগিগণ অপেক্ষা শ্রেষ্ঠ। অতএব হে পার্থ, তুমি সেইপ্রকার যোগী অর্থাং ভক্তি যোগী হও। শ্রীরূপ গোস্বামী বলেন, ভক্তিমার্গের সাধ্বসার প্রেম উদয়ের ক্রমপন্থা যথা,—প্রথমে শ্রহ্না, পরে সাধুসঙ্গ, তারপর ভভনক্রিয়া, তাহা হইতে অনর্থ নিবৃত্তি, নিষ্ঠা, ক্রচি, আসক্তি, ভাব এবং পরিশেষে প্রেম [১৯৫]

ওঁ হরিঃ।। রুচি মূলাহি রাগানুগা ভক্তিঃ।। ওঁ হরিঃ।। ১১৬।।

বুহদারণাকে। তদেতৎ প্রেয়ঃ পুতাৎ প্রেয়ো বিজ্ঞাৎ প্রেয়োহলক্ষাৎ সর্বন্দানন্তরতরং যদয়মাত্মা। ভাগবতে। হরেপ্র বাক্ষিপ্তমতির্ভগবান্, বাদরায়ণিঃ। অধ্যান্মহদাখ্যানং নিতাং বিষ্ণুজনপ্রিয়া। শ্রীজীবঃ। বিষয়িনঃ স্বাভাবিকো বিষয় সংসর্গেক্ছাতিশয়ময়ঃ প্রেমা রাগঃ। যেষামহং প্রিয়
আত্মা স্কুত্রুচ সথা গুরুং স্কুদ্রুদো দৈবমিষ্টম্, ইত্যাদৌ। তদেবং তদভিমান লক্ষ্ণ ভাব বিশেষেণ
স্বাভাবিকরাগস্য বৈশিষ্ট্যে সতি তত্তদ্রাগ প্রযুক্তা শ্রবণকীর্তনন্মরণপাদসেবনবন্দনাত্ম নিবেদন প্রায়া
ভিক্তিস্কেষাং রাগাত্মিকা ভক্তি রিত্যুচাতে। যন্ত পূর্কোক্ত রাগ বিশেষে রুচিরেব জাতান্তি তাদৃশ্যা
রাগাত্মিকায়া ভক্তেঃ পরপাটীষিপি রুচির্জায়তে। ততন্ত্রদীয়ং রাগং রুচ্যানুগচ্ছন্তী সা রাগানুগা
তিস্যুব প্রবর্ততে। ১১৬।।

ব্রজবাসীদিগের সেবাত্বকরণে রুচিই রাগাত্বগাভক্তির মূল।। ১১৬।।

বৃহদারণ্যক বলেন,—এই আত্মত্ত্ব পুত্র হইতে প্রিয়তর, বিত্ত হইতে প্রিয়তর, অপর সকল হইতেই প্রিয়তর।। ভাগবতে। সেই হরিগুণে আক্ষিপ্তচিত্ত নিত্যবৈষ্ণবঙ্গনপ্রিয় বাদরায়ণি ভগবান্ শুক এই বৃহদাখ্যান অধ্যয়ন করিয়াছিলেন।। শ্রীজীব গোস্বামী ভক্তি সন্দর্ভে বলেন,—বিষয়ীর বিষয় সংস্বর্গে ছোতিশরময়ী স্বাভাবিকী প্রীতিই রাগ নামে কথিত হয়। 'আমি যাহাদের প্রিয়, আত্মা, স্থত, স্থা, গুরু, স্ফ্রদ্ এবং ইষ্টদেব হইয়া থাকি' ইত্যাদিবাক্যে। অতএব এইরপে তত্তদভিমানরপ ভাব বিশেষ দ্বারা স্বাভাবিকরাগের বৈশিষ্ট্য প্রাপ্তি হইলে তদ্রাগযুক্তা শ্রবণ-কীর্তন-শ্বরণ-পাদসেবন-

বন্দনাত্মনিবেদন প্রায়া তাঁহাদের ভক্তি 'রাগাত্মিকা ভক্তি' নামে কথিত হয়। যাঁহার পূর্ব্বোক্ত রাগবিশেষে রুচিমাত্র উৎপন্ন হইয়াছে, পরস্ত স্বয়ং রাগবিশেষ উৎপন্ন হয় নাই, অনন্তর কাট্মারা তদীয় রাগের অনুগমনশীল। সেই রাগানুগা ভক্তি তাঁহারই সম্বন্ধে প্রবৃত্তা হইয়া থাকে [১১৬]

उँ इतिः ॥ महिमा कानगूरका हि अथमा ।। इतिः उँ ॥ ১১१ ॥

মুগুকে। দ্বেচিছে বেদিতব্যে পরাচৈবাপরাচ। তত্রাপরা ঋথেদো ঘজুর্বেদ ইত্যাদি।। পঞ্চরাত্রে। মাহাত্মা জ্ঞানমূক্তঞ্চ স্থল্ট সর্বেথাধিক:।। স্নেহো ভক্তিরিতি প্রোক্তস্তথা সাষ্ট্যাদি নাল্যথা॥ শ্রীরূপ:। মহিমাজ্ঞানযুক্ত: স্তাদিধিমার্গান্তসারিণাং॥ শ্রীক্রীব:। ততো বিধিমার্গ ভক্তি বিধিমার্গেক্তি সা তুর্বেলা॥ ১১৭॥

ে বৈধীভক্তি মহিমা জ্ঞানযুক্তা॥ ১১৭।

মুগুকোপনিষদে। অঙ্গিরা মুনি শৌনককে বলিলেন,—ছুইটি বিছা জানিতে হুইবে। পরা ও অপরা ভেদে এই বিছা তুইপ্রকার তন্মধ্য অপরা হুইতেছে ঋষেদ, যজুর্বদ ইত্যাদি । পঞ্চরাত্র বলেন,—মাহাত্মাজ্ঞান কথন দারা সর্কভোভাবে এই ভক্তি স্থূঢ় হুইবে। ভগবানের প্রতি সাধকের স্নেহকেই ভক্তি বলা যায়। ইহা সাষ্টি, সামীপা ইত্যাদি প্রকার । শ্রীরূপ বলেন,—বিধিমার্গাবলমী ভক্তগণ ভগবানের মহিমা জ্ঞান দারা যুক্ত হন । শ্রীক্সীব বলেন,—বিধিমার্গের এই ভক্তি শাস্ত বিধির অপেক্ষা করে, অত্রব ইহা ভগবছশীকরণে অল্পক্তিবিশিষ্টা। [১১৭]

ওঁ হরি: । কেবলাছি দিতীয়া প্রবলা চ।। হরি: ওঁ ।। ১১৮।।

মৃগুকে। অথ পরা যয়া তদক্ষরমধিগমাতে যত্র তদদৃশ্য মগ্রাহ্য মগোত্র মবর্ণ মচকু: শ্রোক্ত তদপাণিপাদং। নিতাং বিভূং সর্ব্বগতং স্থান্দর তদব্যয়ং যদ্ভূত্যোনিং পরিপশ্যন্তি ধীরাঃ। ভাগবতে। গোপাঃ কামাদ্ ভয়াৎ কংস দ্বেলাকৈছাদয়োনূপাঃ। সম্বন্ধাদ্ব্ফয়ঃ স্নেহাৎ যুয়ং ভক্তা। বয়ং বিভো । শ্রীরপঃ। রাগানুগা শ্রিতানাং তু প্রায়শঃ কেবলা ভবেৎ। শ্রীক্রীবঃ। ইয়ঞ্চ স্বতদ্বৈব প্রবর্ততে ইতি প্রবলা চ জ্ঞেয়া॥ ১১৮॥

রাগানুগা ভক্তি কেবলা এবং বৈধী ভক্তি অপেক্ষা প্রবলা॥ ১১৮॥

মূণ্ডকে,— অতঃপর পরা-বিষ্ঠার নির্দেশ করিতেছেন, যে বিজ্ঞা দ্বারা সেই অধিকারী পরব্রহ্বাপ্তা হন। সেই ব্রহ্ম প্রাকৃত চক্ষুরাদি ইন্দ্রিয়ের অগোচর, হস্ত দ্বারা অগ্রাহ্ম, তাঁহার কোন প্রাকৃত বংশ পরিচয় নাই, প্রাকৃত হস্তপদাদিশৃত্য। তিনি নিত্য, কালের দ্বারা অপরিচ্ছিন্ন, নিজ্ক অচিন্ত্য এশী শক্তি দ্বারা দেব, মনুন্তা, তির্ঘগাদি স্তুষ্ট করিয়া বিভিন্ন দেহে অন্তর্ঘামিরূপে প্রতিভাত, বিশ্বব্যাপক স্থ্যাতিস্কা; এই নিত্য চিন্ময় সবিশেষ ব্রহ্মবস্তু অপচয় রহিত, সর্বকারণকারণ সেই পরস্কুত্র্মকে ধীর ব্যক্তিগণ পরাবিতার দ্বারা নিজ্ক হৃদ্য়মধ্যে পরিপূর্ণরূপে দর্শন করিয়া থাকেন ॥ তাগবতে,— নারদ কহিলেন, হে মহারাজ সৃধিষ্ঠির কৃষ্ণাবেশ তুই প্রাক্তর অর্থাৎ রাণাবেশ ও বৈধাবেশ। কাম, ভয়,

ক্ষেন, সম্বন্ধ ও সেহ এই দকল রাগধর্মী অর্থাৎ দাক্ষাৎ রাগ অথবা রাগধর্মপ্রাপ্ত তদ্বিপরীত ধর্মরূপ দেব।
সাধনপ্রাপ্তা পোপীগণ কাম হইতে কৃষ্ণাবেশ প্রাপ্ত হন। কংস – ভয় হইতে, শিশুপাল – দ্বেষ হইতে,
বৃষ্ণিগণ — সম্বন্ধবৃদ্ধি ইইতে এবং তোমরা পাগুরগণ স্নেহ হইতে কৃষ্ণাবেশ লাভ করিয়াছ। আমরা
খ্যামিগণ বিধিবৃদ্ধি হইতে কৃষ্ণভল্জন করি। ইহার মধ্যে ভয় ও দেব প্রতিকৃল বলিয়া ভক্তদের
গ্রহণীয় নহে। কাম, সম্বন্ধ ও স্নেহ এই সকলে রাগভক্তি আছে॥ শ্রীরূপ গোস্বামী বলেন, —
রাগান্থিত ভক্তগণ প্রায় গুদ্ধ স্বাভাবিক অনুরাগকেই অবলম্বন করেন। শ্রীজীব গোস্বামী বলেন, —
রাগান্থগা ভক্তি স্বতম্বভাবে প্রবৃত্তিত বলিয়া বিধিভক্তি হইতে প্রবল বলিয়া জানিবে। [১১৮]

ওঁ হরি: ॥ আসক্তি পর্যন্তা সাধনভক্তি: ॥ হরি: ওঁ ॥ ১১৯।।

মৃত্তকে। বৃহচ্চ তদ্দিব্যমচিন্তারূপং সূক্ষাচ তৎ সূক্ষতরং বিভাতি। দূবাং ফুদূরে তদিহান্তিকে চ পশ্চংস্কিহৈব নিহিতং গুহায়াম্। শ্রীনারায়ণ পঞ্চরাত্রে। ভাবোন্মত্তো হরে কিঞ্চিন্নবেদ স্থমাংমনঃ দ শ্রীরূপ গোস্বামী। বৈধভক্তাধিকারিকে ভাবাবিভাবনাবধিং। অত্র শাস্ত্রং তথা তর্কমনুক্লমপেক্ষতে। সাধনাভিনিবেশস্ত্র তত্র নিপাদয়ন্ রুচিং। হরাবাসক্তিমুংপাছ্য রতিং সংজনয়তাসৌ॥ ১১৯॥

শ্রদ্ধা, ক্রিচি ও আসক্তি পর্যান্ত সাধন ভক্তি ॥ ১১৯ ॥

মুগুক বলেন,—সত্যনিষ্ঠাদি সাধনদারা প্রাপ্য সেই পরম নিধান বস্তু স্বরপত ও গুণতঃ সর্বাধিক বৃহৎ, অপ্রাকৃত বলিয়া প্রাকৃতেন্দ্রিয়ের অগোচর, তাঁহার রূপ অচিন্তা, তিনি স্কা হইতেও স্কাতর, তিনি চন্দ্র স্থাবিত আলোক প্রদাতা, প্রকৃতির অতীত পরবোধন তিনি অবস্থিত, আবার ভক্তগণের তিনি অত্যন্ত সমীপে বর্তনান, যাঁহাকে হদয়-গুহার মধ্যেই তত্ত্বিদ্গণ দর্শন করেন ॥ শ্রীনারদ পঞ্চরাত্র বলেন,—হে পার্বতি, শ্রীহরির ভাবে উন্মন্ত ব্যক্তি পরমানন্দে উন্মন্ত হইয়া আত্মাত্রিয়ক স্থা-তৃথে কিছুই জানিতে পারেন না। রূপগোস্বামী বলেন,—এই সাধন প্রকরণে বৈধতক্তির অধিকারী ব্যক্তি রতির আবিভাষকাল পর্যান্ত শাস্ত্র ও অনুকৃল তর্কের অপেকা করে। সাধনের অভিনিবেশ নিষ্ঠা প্রথমতঃ ভক্তিতে রুচি উৎপাদন এবং শ্রীহরিতে আসক্তি জন্মাইয়া রতির উদয় করে। [১১৯]

ওঁ হরি:।। ভাবান্মহাভাব পর্য্যন্তা হলাদিনী সার সমবেত সম্বিদ্ধপা সিদ্ধাভক্তি:।। হরিঃ ওঁ।। ১২০।।

শোঁপর্ণ শ্রুভি:। সর্বাদন মূপাসীত যাবিষমৃক্তি:॥ মূক্তাহেনমৃপাসতে॥ বৃহত্ত্রে। যথা
নীমিজ মূক্তালি প্রাপ্তকামাপি সর্বাদ। উপাতে নিতাশো বিষ্ণুমেবং ভক্তো ভবেদপি॥ শ্রীনারদঃ।
ভক্তবৃক্তং ভবন্তিন্ত মুক্তিন্তর্ঘা পরাংপরা। নিরহং যত চিংসন্তা দ তুর্ঘা মৃক্তি উচাতে। পূর্ণাহিত্তাময়ী
ভক্তিন্তর্ঘাতীতা নিগদ্যতে। কৃষ্ণরামময়ং ব্রহ্ম কটিং কুত্রাপি ভাসতে। নির্বাজেন্দ্রিতা তত্র আত্মহং
কেবলং ক্রথং। কৃষ্ণন্ত পরিপূর্ণাত্মা সর্বত্র স্থানাধানঃ॥ শ্রীরাপঃ। স্তাদ্ দৃঢ়েয়ং রতি: প্রেমা প্রোদ্ধন

শ্বেহঃ ক্রমাদয়ং। স্থান্মানঃ প্রণয়োরাগোহনুরাগো ভাব ইত্যপি। বীজমিক্ষু স চ রসঃ সগুড়ঃ খণ্ড এব সঃ। স শর্করিসিতা সা চ সা যথাস্থাৎ। সিতোপলা। ইয়মেব রতিঃ প্রোঢ়া মহাভাব দশাং ব্রজেং॥ সিদ্ধান্তরত্বে। তথা চ স্লোদসম্বিদোঃ সমবেতয়োঃ সারো ভক্তিরিতি সিধ্যতি। তংসারবঞ্চ তন্মিত্য পরিকরাশ্রয়ক তদনুকূল্যাভিলাষবিশেষঃ॥ ১২০॥

ভাব হইতে মহাভাব পর্যন্ত সিদ্ধাভক্তি হলাদিনী সার সমবেত সন্ধিজ্ঞপা॥ ১২০॥

সৌপর্ণ শ্রুতিতে, - বিমুক্তিদশা উপস্থিত না হওয়া পর্যন্ত অমুদিন ভগবানের উপাসনা করিবে, মুক্ত পুরুষগণই বাস্তবিক উপাদনা করেন।। বৃহত্তব্রে উক্ত আছে, - লক্ষীদেবী নিত্যমুক্তা এবং প্রাপ্তকামা হইয়াও নিত্যকাল শ্রীহরির আরাধনা করিয়া থাকেন, তদ্রপ ভক্তগণ অবিরতভাবে তাঁহার আরাধনা করিবেন।। শ্রীনারদ বলেন,- চতুর্থ পুরুষার্থরূপ এই মুক্তি মায়াতীত তত্ত্ব। এই মুক্তি প্রাপ্তিতে অহন্ধার বিনষ্ট হইয়া চিন্মাত্র সতার প্রকাশ হয়। অনন্তর প্রাপ্য যে ভক্তি, তাহাতে, ভক্তিমান্ জীবের রুঞ্জাস্তরপ চিন্ময় অভিমান বা শুদ্ধ সহস্কার প্রকাশিত হয়, এই ভক্তি, চতুর্থ পুরুষার্থরপ মৃক্তি হইতেও শ্রেষ্ঠ বলিয়া নিগদিত হইয়াছে। ভক্তিনেত্রদারা পরব্রহ্মের নিত্য-সচ্চিদানন্দময় রূপ বহু ভাগ্যের ফলে কেহ কেহ দর্শন করেন। এই ভক্তি কেবল আত্মস্থরপা এবং ইহাতে জডেন্দ্রিয়বর্গের মূলবীজ পর্যন্ত থাকেনা। ভক্তগণের প্রাণম্বরূপ পরিপূর্ণ বস্তু শ্রীকৃষ্ণই সর্ব-ত্রখম্বরূপ প্রভূ।। শ্রীরূপগোম্বামী বলেন, - সামাগ্রভ: সাধারণী, সমঞ্জ্বসা ও সমর্থা ভেদে রতির তিন-প্রকার ভেদ অবস্থিত। এই রতি দূঢ়া ও বিল্লবারা অপ্রতিহতা হইলে তাহার নাম হয়,- প্রেম, তাহা ক্রমশ: স্নেহ, মান, প্রণয়, রাগ. অনুরাগ ও ভাবরূপে বৃদ্ধিপ্রাপ্ত হয়। যেমন বীজ হইতে ইকুদও হয়, তাহা হইতেই রস, পরে গুড, শর্করা, তাহা হইতে সিতা তারপরে উপলা হয়; তদ্রপ রতি হইতে এই সমস্ত পরিণতি হইয়া ভাব পর্যন্ত আরেহেণ করে। এই সমর্থা রতিই প্রোচ্ছলিতা (বিবৃদ্ধ) হইয়া মহাভাব দশা প্রাপ্তি করে।। সিদ্ধান্তরত্নে— হলাদিনী এবং সন্থিৎ শক্তির সনবেত সারভাগই ভক্তিশক্তি রূপে সিদ্ধ হইয়া থাকে। স্বরূপশক্তির সার্হ হেতু এই ভক্তি নিত্যকাল তাঁহার সেই সরপ-শক্তির পরিকররপ ব্রজবাসীগণকে আশ্রয় করিয়া থাকে এবং ইহা তাঁহাদের ও সর্বশক্তিমান্ শ্রীকুফের অনুকূল অভিলাভ-বিশেষ বলিয়া জানিতে হইবে। [১২০]

ওঁ হরি:।। উপাধি বিয়োগে স্বরূপোদয়োহি মুক্তি:।। হরি: ওঁ।। ১২১।।

ছান্দোগ্যে। য আরাংপহতপাপ,মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘংসোহপিপাসঃ সত্য-কামঃ সত্যসন্ধরঃ সোহরেইবাঃ স বিজিজ্ঞাসিতবাঃ॥ বিষ্ণুপুরাণে। নিরতিশয়াহলাদ স্থভাবৈক লক্ষণা। ভেষজং ভগবং প্রাপ্তিরেকান্তাতান্তিকী মতাঃ॥ ভাগবতে। মৃক্তিহিরাইতথারূপং স্বরূপেণ ব্যবস্থিতি:। শ্রীজীব:। স্বরূপেণ ব্যবস্থিতিন মি স্বরূপ সাক্ষাংকার উচ্চুত্তে ॥ ১২১॥

জীবের মায়াসঙ্গ উপাধি বিগত হইলে যে স্বরূপের উদয় হয় তাহাই মুক্তি॥ ১২১॥

ছান্দোগ্য বলেন,—যে আত্মা নিপ্পাপ, জরাবিহীন, বিমৃত্যু, বিশোক, কুধাহীন, পিপাসাহীন, সত্যকাম ও সত্যসন্ধল্প, তাঁহারই অনুসন্ধান করা উচিত। বিষ্ণুপুরাণে,—এই স্বরূপোপল নিরূপ মৃত্তি অতিশয় আহলাদদায়ক এবং স্থারূপ; ইহা সংসার বাাধির ভেষজ এবং ভগবংপ্রাপ্তিরূপ একান্তিকী পথ। ভাগবত বলেন,—অত্যথা স্বরূপকে পরিহার করিয়া নিজের স্বরূপে অবস্থান করাকেই মৃত্তি বলা যায়। এই সম্বন্ধে শ্রীজীব গোস্বানী বলেন,—স্বরূপ ব্যবস্থিতির অর্থ নিজের কৃষণোস্থান রূপের উপলব্ধি। [১২১]

ওঁ হরিঃ॥ সা শ্বরূপসিদ্ধা বস্তুসিদ্ধা চেতি দ্বিবিধা।। হরিঃ ওঁ।। ১২২ ।।

স্বরূপসিদ্ধা মৃক্তিবুঁহদারণ্যকে। যদা সর্ব্বে প্রম্চান্তে কামা যেহস্ত হাদি খ্রিতা:। তাথ মর্প্রোহমূতো ভবতাত্র ব্রহ্মসমশ্রুতে ॥ বস্তু সিদ্ধা চ ছান্দোগ্যে। তাথ য এব সম্প্রসাদোহস্মাচ্ছরীরাৎ সমুখায় পরং জ্যোতিরুপসম্পত্ত স্বেন রূপেণাভিনিষ্পত্ততে ॥ স্বরূপসিদ্ধা ভাগবতে। যত্র মে সদসত্রপে প্রতিষিদ্ধে স্বস্থিদা। তাবিত্যাত্মনি কৃতে ইতি তদ্ ব্রহ্ম দর্শনং ॥ বস্তুসিদ্ধা তত্রৈব। যতেষোপরতা দেবী মায়া বৈশারদী মতি:। সম্পন্ন এবেতি বিত্র্মহিদ্ধি স্বে মহীয়তে ॥ খ্রীজীব:। মুক্রো জীবদ্বস্থামাহ। তাবিঞ্চনস্থ শান্তস্থ সমচেতস:। ময়া সন্তুষ্ট মনসং সর্ব্বাস্থ্যময়া দিশ: তত্তাংক্রাতাক্ষায়াং সৈবাংন্তিমা মুক্তিশ্চ পঞ্জা। সালোক্য সান্তি সারপ্য সামীপ্য সাযুজ্যেতি ভেদেন। এষা চ পঞ্চবিধাপি গুণাতীতা সাযুজ্যে চ আন্তর সাক্ষাংকার এব। তথাপি প্রকটফুর্তি লক্ষণং তৎ সুষ্থিবদন্তি প্রকট ফ্র্তিলক্ষণাদ্ ব্রহ্মসাযুজ্যান্তিত্তে ॥ ১২২ ।

সেই মৃক্তি স্বরপসিদ্ধা ও বস্তুদিদ্ধা ভেদে তুই প্রকার।।

ষরপসিদ্ধা মৃক্তি বৃহদারণ্যকে,—মানুষের বৃদ্ধিতে যত তৃষ্ণা আশ্রিত রহিয়াছে, তাহারা যখন সমূলে বিনষ্ট হয়, তখন মরমানুষ অমর হয়, এই দেহেই ব্রহ্মভাব প্রাপ্ত হয়। বস্তুসিদ্ধা মৃক্তি ছান্দোগ্যে,—এই যে সম্প্রসাদ, ইনি এই দেহ হইতে উথিত হইয়া এবং পরমজ্যোতি:সম্পন্ন হইয়া স্বীয় স্বরূপে অবস্থিতি লাভ করেন।। স্বরূপসিদ্ধি ভাগবতে। সং অর্থাং লিঙ্কদেহ এবং অসং স্কুল দেহ। এই তুই দেহ অবিলা দ্বারা আত্মাতে কৃত হইয়াছে। চিদ্রুপগত সন্থিংদ্বারা যখন এই উভয় দেহই আমার নয় বলিয়া বোধ হয়, তখন জীবাত্মা ব্রহ্ম দর্শন লাভ করেন।। বস্তুসিদ্ধা সেইখানেই.— মায়িক বিষয়ে বৈশারদী মতি যে অবিলা তাহা যখন উপরত হয়, তখনই জীব আপনাকে সম্পন্ন বলিয়া জানিতে পারেন এবং স্বীয় চিন্মহিমায় মহীয়ান্ হন।। শ্রীজীব বলেন,—মৃক্তপুরুষগণের জীবদ্ধা ভাগবতে যথা, ভক্তসকল অকিঞ্চন অর্থাং জড়বিয়য়-বিরক্ত, দান্ত অর্থাং জিতেন্দ্রিয়, তাহাদের মন শান্ত, সমচেতা অর্থাং চিন্মাত্রে সমবৃদ্ধি ও জড়মাত্রে তুলাবৃদ্ধিবিশিষ্ট। তাহারা আমাকে লাভ

করিয়া সন্তুষ্ট্রমনা। সকল দিকই তাঁহাদের পক্ষে ত্থময়। এই অবস্থা অতিক্রম করিবার পরেয়ে অন্তিমমুক্তি পাওয়া যায়, তাহা পঞ্চবিধা যথা, —সালোক্যা, সাষ্ট্রি, সার্কণা, সামীপ্য ও সাযুজ্য। এই পঞ্চবিধমুক্তিই গুণাতীত। সাযুজ্য শব্দের বাস্তবিক অর্থ আত্যন্তিক সাক্ষাৎকার। কিন্তু ইহলোকে যেমন জাগ্রদবস্থাও স্বৃত্তি অবস্থার মধ্যে বিভেদ দৃষ্ট হয়, তক্রপ চিন্ময় আত্মার জাগ্রদবস্থারপ প্রথম চতুর্বিধ মুক্তি এবং পঞ্চম সাযুজ্য এই আত্মার স্বৃত্তিরূপ এইভাবে সাযুজ্য ইতর মুক্তি হইতে ভেদপ্রাপ্ত হইয়াছে। [১২২]

ওঁ হরি:।। সা ভত্তেরনপায়িনী সহচরী ।। হরিঃ ওঁ।। ১২৩।।

গেপোলোপনিষদি। ভক্তিরস্থ ভজনং তদিহামুত্রোপাধি নৈরাস্থে নৈবন্মিন্ মনস কল্পন্যত-দেব চ নৈকর্মাং॥ নারদ পঞ্চরাত্রে। হরিভক্তি মহাদেব্যাং সর্বা মূক্ত্যাদি সিদ্ধয়:। ভূক্তয়শ্চাদ্ভূতা-স্কুস্থা শেচটীকার্দমূব্রতাঃ॥ শ্রীজীবঃ। শ্রীত্যৈর আত্যন্তিক ছ্ংখনির্ত্তিশ্চ। যাং শ্রীতিং বিনা তৎ স্বরূপস্থ তদ্ধর্মান্তর বৃদ্দস্থ চ তৎসাক্ষাংকারো ন সম্পত্ততে। যত্র সা তত্রাবশ্রমের সম্পত্ততে। যাবত্যের শ্রীতি সম্পত্তিস্থাবত্যের তৎসম্পত্তিঃ। স্থাঞ্চ নিরুপাধি শ্রীত্যান্বাছ্। তন্মাৎ পুরুষেণ সৈব সর্বদা অশ্বেষ্টব্যেতি॥ ১২৩॥

সেই মুক্তি ভক্তির নিত্য সহচরী॥ ১২৩॥

গোপালতাপনীতে, ভক্তিযোগের দারা শ্রিক্ষের ভজন সম্পন্ন হয়। ইহাতে সাধকের চিত্ত কর্মজ্ঞানাদির উপাধি হইতে সম্পূর্ণ মুক্ত হইয়া অনুক্রণ শ্রীকৃষ্ণের নাম, রূপ, গুণ, লীলাদির ভাবনা দারা সমস্ত কর্ম করিতে হইবে। ইহাকে নৈন্ধর্মাসিদ্ধি বলা হইয়াছে। পঞ্চরাত্রে, —মুক্তিদেবী ইত্যাদি সমস্ত সিদ্ধিগণ, অভূত প্রকারের ভুক্তিসমূহ, এইসকল হরিভক্তিরপা নহাদেবীর দাসীরূপে অনুসরণ করে। শ্রীজীবগোস্বামী বলেন,—ভগবানে প্রেমভক্তিরপা প্রীতিই সমস্ত হুংখ নির্ত্তি করে। এই প্রীতি ব্যতিরেকে ভগবং স্বরূপ, ভগবদ্ধর্ম ইত্যাদি কোন নিত্যতত্ত্বেই সাক্ষাংকার হয় না। অতএব শ্রেয় প্রার্থীর এই শ্রীতিই প্রয়োজনরূপে সাধন করিতে হয়। শ্রীতি থাকিলেই দৈবী সম্পত্তি লাভ হয়। এই ভগবং প্রীতিই নিরুপাধিক স্থের হেতু। অতএব জীব্যাত্রেরই ইহা স্বর্দা অয়েষণ করা কর্ত্ত্ব্য। [১২৩]

७ इतिः ॥ ভिक्तः कर्नाहिद क्वानदेवताना श्रीतरमविका ॥ इतिः ७ ॥ ১২८ ॥

কঠে। পরা চঃ কামানমুখন্তি বালান্তে মুত্যোর্যন্তি বিততস্ত পাশম্। অথ ধীরা অমৃতবং বিদিয়া গ্রুবমগ্রুবেধিই ন প্রার্থয়ন্তে॥ ভাগবতে। তচ্ছু দ্বোনা মূনয়ো জ্ঞানবৈরাগ্য যুক্তয়া। পশ্যন্ত্যাশ্বনি চাশ্বানং ভক্ত্যা শ্রুত পৃহীত্য়া॥ বাস্থানে ভগবতি ভক্তিযোগঃ প্রয়োজিতঃ জনয়ত্যাশু বৈরাগাং জ্ঞানঞ্চ যদহৈত্কম্। শ্রীরপ:। জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্তি প্রবেশায়োপযোগিতা। ঈশং প্রথমমেবৈতি নাঙ্গন্ধ উচিতং তয়োঃ। যহুতে চিত্তকাঠিতে হেতুপ্রায়ে সতাং মতে। স্কুমার স্বভাবেঽয়ং ভক্তি-স্তামেতুরীরিতা। কিন্তু জ্ঞান বিরক্ত্যাদি সাধ্যাং ভক্তাৈব সিধ্যতি।। ১২৪।।

কোন অবস্থায় ভক্তি, জ্ঞান-বৈরাগ্য দারা পরিদেবিত।। ১২৪॥

কঠোপনিষদে, —মুমুক্ ব্যক্তি কোনরপে বিষয়ে প্রমন্ত হইবেন না । অবিবেকিগণ বাহ্য বিষয় প্রক্চন্দন্যনিতাদি ভোগ্যবস্তুর অনুসরণ করেন, তাহার কলে তাহারা অবিতা কামনা ও কর্মাদির বন্ধন্ব প্রাপ্ত হয়। বিবেকী ব্যক্তি অমৃতকেই শাখতপদ জানিয়া নশ্বর বিত্তাদি-বিষয় কামনা করেন না। ভাগবতে —পূর্কবিচার ক্রমে প্রজাবান মুনিগণ বেদশান্ত্র ও গুরুপদেশ দ্বারা লব জ্ঞানবৈরাগ্যযুক্ত প্রদাভক্তির কুপায় পরমাত্মতত্বে আত্মাকে দেখিয়া থাকেন॥ সেই পরধর্মানুষ্ঠানে ভব্তিকে উদয় করাইবার যে চেটা, তাহারই নাম ভক্তিযোগ। ভগবান্ বাস্থদেবে সেই ভক্তিযোগ অমুন্তিত হইতে হইতে অনায়াদে ইতর বিষয় বৈরাগ্য ও অভেদ সন্ধানরহিত জ্ঞান উদয় হয়॥ রূপ গোন্ধামী বলেন.— জ্ঞান ও বৈরাগ্য ভক্তিমার্গের অবিরোধী হইলে ভক্তিমার্গ-প্রবেশের জন্ম তাহাদের ঘৎকিঞ্চিৎ উপযোগিতা স্বীকৃত হয়, ভক্তি-প্রবেশ হইলে তাহাদের আর আবশ্যকতা নাই, যেহতু জ্ঞান বৈরাগ্যর ভাবনা করিলে ভক্তি-বিছেদেই হইয়া পডে। অতএব জ্ঞান-বৈরাগ্য ভক্তির অঙ্গ নহে। সাধুগণ বলেন যে ভক্তি-প্রবেশের পরে জ্ঞান ও বৈরাগ্য থাকিলে চিত্তের কঠিনতা হয়; অতএব স্থকোনল-স্বভাবা ভক্তিই গুরুভক্তির হেতু বা দারস্বরূপ। কিন্তু জ্ঞানের দারা সাধ্য যে মুক্তি, এবং বৈরাগ্য দ্বারা সাধ্য যে জ্ঞান, এই সব কেবল ভক্তি দ্বারাই সিদ্ধ হইয়া থাকে। [১২৪]

ওঁ হরিঃ॥ স্বতক্তদেশকা শুক্তা স্বতন্ত্রা চ।। হরিঃ ওঁ।। ১২৫।।

তৈত্তিরীয়ে। আনন্দো ব্রন্নগো বিদ্বান্ ন বিভেতি ক্তশ্চনেতি।। ভাগবতে। ন সাধ্যুতি নাং যোগো ন সাংখ্যং ধর্ম উদ্ধব, ন স্বাধ্যায়ন্তপন্ত্যাগো যথা ভক্তির্নমাহর্জিতা।। ভক্ত্যাহ্মেক্রা গ্রাহাং প্রদ্বয়াথা প্রিয়: সতাং। ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকান্যপি সম্ভবাং।। বাগ্,গদগদা দ্বতে যন্ত চিন্তং ক্রনতাভীক্ষং হসতি কচিচ্চ। বিলজ্ঞ উদগায়তি নৃত্যতিশ্চ মন্তক্তিযুক্তো ভ্বনং পুনাতি। প্রীরূপঃ। প্রোক্তেন লক্ষণেনৈব ভক্তেরধিকৃতস্থ চ। অঙ্গবেস্থনিরস্তেপি নিত্যাগ্রখিল কর্মণাম্।। জ্ঞানস্থাধ্যাত্মিকস্থাপি বৈরাগ্যস্ত চ ফল্পনঃ। স্পষ্টতার্থং পুনরপি তদেবেদং নিরাকৃতম্। ধন শিয়াদিভির্মারের্যা ভক্তিক্রপপগতে বিদ্রন্ধত্বেমতাহান্থা তন্থাশ্চ নাঙ্গতা। বিশেষণক মেবৈষাং সংশ্রমন্তাধিকারিণাম্। বিকেকাদীন্থতোহনীয়ামপি নাঙ্গুৰম্বতে । ক্ষেণ্যমুখং স্বয়ং যান্তি যমাঃ শেকাদম্ভথা। ইত্যেষাঞ্চ নযুক্তা স্থান্তক্ত্যঙ্গান্তর পাতিতা। ১২৫॥

স্বভাবত: ভক্তি জ্ঞান বৈরাগ্যর অপেক্ষা শৃত্যা ও স্বতন্তা।। ১২৫।।

তৈত্তিরীয়ে,—ব্রন্মের তাদৃশ আনন্দময় স্বরূপকে হুদয়ে অনুভব করিলে কোনকালে জন্ম-মরণাদি তু:খ এবং ভয় হয় না।। ভাগবতে,—হে উদ্ধব, অষ্টাঙ্গঘোগ, সাংখ্যজ্ঞান, স্বাধ্যায়, তপস্থা, সন্ন্যাস এই সকল আমাকে সাধিতে পারে ন।। ভক্তিই কেবল আমাকে বশীভূত করিতে পারে। অন্য ভক্তিদার। সাধুদিগের প্রিয় আত্মরূপ আমি লব্ধ হই। মন্লিষ্ঠা ভক্তি চণ্ডালগণকেও জাতি-দোষ হইতে পবিএ করেন॥ স্বরূপসিদ্ধ ভক্তের বাহলক্ষণ এই, – গদগদ বাক্যের সহিত ঘাঁহার চিত্ত দ্রব হয়, অনুক্ষণ রোদন করেন, কখন হাস্তা করেন, বিগতলজ্ঞ হইয়া উচ্চৈঃস্বরে গান করেন এবং নৃত্য করেন। আমার ভক্তিযুক্ত এরূপ পুরুষ ত্রিভূবন পবিত্র করেন। শ্রীরূপ গোস্বামী বলেন,— শুদ্ধভক্তির লক্ষণে জ্ঞানকর্মাগুনাবৃত এবং অধিকারি নিরপণে বৈরাগ্যাভাব ইত্যাদি দারা নিতানৈমি-ত্তিকাদি নিখিল কর্মের ভক্তাঙ্গন্ত নিরস্ত হইলেও এস্থলে স্পষ্টতার নিমিত্তই কেবল আধ্যাত্মিক জ্ঞান ও ফক্তবৈরাগ্যের পুনরায় নিরাকরণ হইল। ধন ও শিষ্যাদি দ্বারা যে ভক্তি উৎপন্ন হয়, তাহাও কদাচ উত্তমা ভক্তির অঙ্গ বলিয়া পরিগণিত হয় না, কারণ এন্থলে ভক্তি-শৈথিল্যবশত: উত্তমতার হানি হইল। ভক্তাকসমূহের মধ্যে প্রবণ কীর্ত্নাদিতে ধনশিক্তাদির প্রয়োজনীয়তা নাই, কিন্তু পরিচর্যামূলক যাবতীয় ব্যাপার একজনের পক্ষে এক সময়ে সম্পাদন অসাধ্য বলিয়া যে যে অঙ্গে ধনশিয়াদির প্রয়োজনীয়তা, তাহাতেই মুখ্য মহানি, কিন্তু সর্ব্বাঙ্গীন হানি নহে। গীতা শাস্ত্রে প্রোক্ত বিবেকাদি এই সকল ভক্তাধিকারীদের দশাবিশেষের বিশেষণরপেই গৃহীত, বিবেকাদি কখনও ভক্তাঙ্গ নহে। ্রুফভেজনে উন্মুখ ব্যক্তিদের সম্বন্ধে যম, নিয়ম, গ্রহিংসা প্রভৃতি ও শৌচাদি স্বয়ংই উপস্থিত হয়--ভক্তদের যম নিয়মাদি স্বত: সিশ্বই। হরিদেবাকরণে সর্বতোভাবে অভীপ্স, জনেই ঐ সমস্ত গুণাবলী সয়ংই উপস্থিত হয়। এই জন্ম যম, নিয়ম ও শৌচাদিকে ভক্তাঙ্গ বলা যায় না। [১২৫]

ওঁ হরিঃ ।। সা জীব স্বভাব মহিম রূপ। ।। হরি: ওঁ ।। ১২৬।।

বৃহদারণ্যকে। এষাহস্ত পরমা গতিরেষাহস্ত পরমা সম্পদেষোহস্ত পরমো লোক এষোহস্ত পরম আনন্দ এতদাবানন্দস্যান্তানি ভূতানি মাত্রামুপজীবন্তি॥ ভাগবতে। অহা ভাগ্য মহো ভাগ্যং নন্দগোপ ব্রজ্ঞোকসাম্। যিত্রিঃ পরমানন্দং পূর্ণ ব্রহ্ম সুনাতনম্॥ শ্রীজ্ঞীব:। স্বরূপশক্তি সম্বন্ধান্মান্তর্ধানে সংসার নাশ:। যেষাং তু মতে মুক্তাবানন্দান্তভবো নাস্তি তেষাং পুমর্থতা ন সম্পাত্ততে। স্বতোহপি বস্তনং স্কুরণাভাবে নির্থকরাং। ন চ হুখমহংস্তামিতি ক্সাবিদিছা। কিন্তু হুখমন্তভ্বামীত্যেব। তৎ সম্পত্তি লাভাৎ স্বে মহিয়ি স্বরূপ সম্পত্তাবিপি মহীয়তে পূজাতে প্রকৃষ্ট প্রকাশেণ ভবতীত্যর্থ:। ১২৬।।

সেই ভক্তি জীবের স্বভাব মহিমা স্বরূপ ।। ১২৬।।

বুহদারণ্যকে, — ইহা জীবের পরমগতি, ইহা জীবের পরম বিভূতি, পরম লোক, ও পরম আনন্দ। এই আনন্দেরই অংশমাত্র অবলম্বন করিয়া অপর জীবগণ জীবন ধারণ করেন।। ভাগবতে ব্রহ্মা বলেন. — অহে। কি ভাগ্যের কথা, নন্দগোপাদি ব্রজ্বাসীগণের ভাগ্যের কথা কি আর বলিব ! ধাঁহাদের স্কুছৎ স্বরূপে পূর্ণব্রহ্ম সনাতন পুরুষ প্রীকৃষ্ণ এই ব্রজে অবস্থান করিতেছেন।। প্রীজীব-গোস্পামী বলেন, — ভক্তিসাধন বলে স্বরূপ-শক্তির অন্ত্রহ লাভ হয়, ইহার কলে মায়া অন্তর্জান হয় এবং সংসার বিনাশপ্রাপ্ত হয়। যাহাদেব মতে মুক্তির পরে জীবের অন্তভবরাহিত্য ঘটে, অর্থাৎ আনন্দান্তভব নাই, তাঁহাদের পুরুষার্থ সম্পন্ন হয়না। বাস্তব বস্তার স্কুর্তির অভাবে ওই রূপ মুক্তিনিরর্থক। আমি যদি স্কুথপ্রাপ্ত না হই, তাহা হইলে সেইরূপ মুক্তির প্রয়োজন কি আছে ? ভক্তিনার্গে জীব কৃষ্ণ-সেবানন্দ প্রাপ্ত হয়। এই প্রকারের পরমার্থ-সম্পত্তি লাভ দ্বারা ভক্তিমার্গের পৃথিক জীব নিজের স্বভাবোচিত মহিমাদ্বারা সম্পন্ন হয়, তথা সমস্ত চিন্ময় তত্ত্বের সম্যক্ প্রকাশ লাভ করে। [১২৬]

उँ इति: ॥ वक्तां मां क्वां मां क्वां मां क्वां ॥ इतिः उँ ॥ ५२ ॥

শ্বেতাশ্বতরে। যস্ত দেবে পরাভক্তি-র্যথা দেবে তথা গুরো। তগৈতে কথিতা হার্থা প্রকাশইন্ত মহাত্মনঃ।। ভাগবতে। ভবাপবর্গ ভ্রমতো যদা ভবেজ্ঞ্মস্য তর্হাচ্যুত সংসমাগমঃ। সংসঙ্গমো যঞ্জি তদেব সদ্যতো পরাবরেশে ত্বয়ি জাহতে রতিঃ।। শ্রীমন্মহাপ্রভুঃ। কুঞ্চক্তি জন্মমূল হয় সাধুসঙ্গ।। শ্রীমন্মহাপ্রভুঃ। কুঞ্চক্তি জন্মমূল হয় সাধুসঙ্গ।। শ্রীরামানুজ স্বামী। বৈঞ্চবানাং হি সঙ্গত্যা সম্যগ,জ্ঞানং প্রজায়তে। তেন নিংশ্রেয়স-প্রাপ্তিভিবিয়াতি স্থানিশ্বয়ং॥ অতঃ স্বাত্মনা কার্যা বৈঞ্চবানাং হি সঙ্গতিঃ। প্রতিকূলাদি সংস্গ মানসং ভাষণাদয়ঃ। স্থাদূরতঃ পরিত্যাজ্যাঃ প্রপন্নানাং মহাত্মনাং। অয়ং হি চরুমোপায়ো নাত্যোপায়স্ততঃপরম্॥ ১২৭॥

বদ্ধজীবের পক্ষে দেই ভক্তি কেবল সাধুসঙ্গ হইতে উদিত হন। ১২৭।

শ্বেতাশ্বতর বলেন,— যে ভাগ্যবান্ পুরুষের অথতৈকরস আনন্দময় পরমেশ্বরে পরাভক্তি আছে এবং অনুরূপ স্থীয় গুরুদেবেও পরা-ভক্তি বিরাজমান, সেই মহাত্মার সম্বন্ধে এই উপনিষদে মহর্ষি শ্বেতাশ্বতর-বর্ণিত রহস্মপূর্ণ বিষয়গুলি প্রতিভাত হইবে। ভাগবতে শ্রীমুচুকুন্দ-স্তবে,— জীব নানাযোনি ভ্রমণ করিতে করিতে কোন সৌভাগ্যক্রমে যে জন্মে তাহার ভব ক্ষয়োমুখ হয়, তখনই, হে অচুতি, তাহার ভাগ্যে সাধুসঙ্গ ঘটে। সাধুসঙ্গ হইলেই পরাবরেশ ও সদগতিশ্বরূপ তোমাতে রতি জন্মে। শ্রীমন্মহাপ্রভু বলেন,— কৃষণভক্তি জন্মের মূলই হচ্ছে কেবল সাধুসঙ্গ। শ্রীরামানুজ স্বামীর উপদেশে,— বৈষ্ণবগণের সঙ্গদায়াই দিব্যক্তান সম্যগ্রেপে উদয় হয়। তাহা দ্বারাই চরম শ্রেয়প্রাপ্তি হয়।

অতএব সমস্ত প্রযত্ন দারা সাধুসঙ্গই জীবের কর্ত্তব্য। কিন্তু প্রতিকৃল সঙ্গ, প্রতিকৃল মনোবৃত্তি, প্রতিকৃল কথা ইত্যাদিকে দূর হইতে পরিত্যাগ করিবে। ইহাই ভগবৎপ্রপন্ন মহাত্মাগণের চরমো-পদেশ, ইহাই চরমোপায়, আর কিছু নয়। [১২৭]

ওঁ হরিঃ।। ভগবৎ ৰূপা হেতুকা ।। হরিঃ ওঁ।। ১২৮।।

কঠে। অণোরণীয়ান্ মহতো মহীয়ারাত্মান্ত জন্তোর্নিহিতো গুহায়াং। তমক্রতুং পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদান্ মহিমানমাত্মনঃ॥ নারদসূত্রে। মুখ্যতস্ত মহংকপয়য়ৈব ভগবং কুপালেশাদা॥ শ্রীবল্লভম্বামী। মহতাং কুপয়া যাবদ্ধগবান্ দয়য়িয়তি। তাবদানন্দসন্দোহং কীর্তমানঃ স্থায় হি॥ ১২৮॥

সেই ভক্তি কোন স্থলে কৃষ্ণ-কুপা হেতুকা॥ ১২৮॥

কঠোপনিষদে, পরমেশ্বর স্ক্র হইতে স্ক্রতর, আকাশ হুইতেও মহত্তর, তিনি জীবের হৃদয় মধ্যে অন্তর্থামীরূপে অবস্থিত। যে ব্যক্তি নিদ্ধামভাবে পরমেশ্বরের উপাসনাশীল, সেই ব্যক্তি তাঁহার অন্তর্থহে তাঁহার মহন্ববিশিষ্ট পরমেশ্বর স্বরূপকে দর্শন করিয়া শোকাদিপূর্ণ সংসার-সাগর অতিক্রম করেন॥ নারদভক্তিস্ত্রে, প্রধানতঃ মহতের কৃপা দ্বারাই ভক্তিলাভ হয়, কোন কোন স্থলে ভগবৎ কৃপালেশও ইহার হেতু হইতে পারে॥ শ্রীবল্লভাচার্য বলেন, সহদ্ ব্যক্তিগণের কৃপা দ্বারা ভগবান্ যখন জীবের প্রতি দয়াশীল হইয়া এই ভক্তি প্রদান করেন, তখন তাঁহার নামাদি কীর্তন দ্বারা ভক্তগণ পরমানন্দ স্থখলাভ করেন। [১২৮]

ওঁ হরি: ॥ আন্ধায় প্রভাবা চ ॥ হরি: ওঁ ॥ ১২৯ ॥

মৃগুকে। ব্রহ্মা দেবানাং প্রথমঃ সম্বভ্ব বিশ্বস্থ কর্ত্তা ভ্বনস্থা গোপ্তা। স ব্রহ্মবিছাং সর্ব্ববিছা প্রতিষ্ঠামথর্ববায় জ্যেষ্ঠ পুরায় প্রাহ।। অথবঁণে যাং প্রবদেত ব্রহ্মাহথর্ববাতাং পুরোবাচাঙ্গিরে ব্রহ্মবিছাং সভারদ্বাজায় সত্যবাহায় প্রাহ ভরদ্ধাজায়ঙ্গিরসে পরাবরাং॥ শৌনকো হ বৈ মহাশালোহঙ্গিরসং বিধিবছপসয়ঃ প্রপচ্ছ। কন্মিয়্ল্ ভগবো বিজ্ঞাপ্তে সর্ব্বমিদম্ বিজ্ঞাতং ভবতীতি॥ পদ্মপুরাণে। সম্প্রাণায় বিহীনা যে মন্ত্রাস্তে বিফলা মতাঃ। অতঃ কলো ভবিয়্তন্তি চম্বারঃ সম্প্রদায়িনঃ। শ্রীব্রহ্মরুদ্র সনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ। চম্বারস্তে কলো ভাব্যা ছাৎকলে পুরুষোত্তমাং॥ ভাষ্মকার: শ্রীবলাদের। শ্রীকৃষ্ণ ব্রহ্ম দেবিষ্ব বাদরায়ণ সংজ্ঞকান্। শ্রীমধ্ব শ্রীপদ্মনাভ শ্রীময়্ল্ হরি মাধবান্। অক্ষোভ্য জয়তীর্থ শ্রীজ্ঞানসিদ্ধ্ দয়ানিধীন্। শ্রীবিছানিধি রাজেন্দ্র জয়য়র্ধ্যান্ ক্রমাদ্ময়:। পুরুষোত্তম ব্রহ্মণা ব্যাসতীর্থাংশ্ছ সংস্তমঃ। ততাে লক্ষ্মপতিং শ্রীমান্ মাধবেন্দ্রঞ্চ ভক্তিতঃ। তচ্ছিষ্মান্ শ্রীবাছেত নিত্যানন্দান্ জগদ্গুরুন্। দেবমীশ্বর শিষ্যং তং শ্রীচৈতন্যঞ্চ ভঙ্গামহে। শ্রীকৃষ্ণ প্রেমদানেন যেন নিস্তারিতং জ্বাং॥ ১২৯॥

তাহা "বেদত আচাহ্য-পরম্পরা ছারাত বদ্ধা ১২৯ ॥:

মৃত্তকোপনির্থন,— ব্রহ্মবিষ্ঠার প্রবক্তারপ ঋষি-পরম্পরা বলিতিছেন। ইন্দ্রাদি সমস্ত দেববুন্দের তাদিদেব স্বয়স্তু ব্রহ্মা, সকলবিছার শ্রেষ্ট আশ্রয়স্থূত ব্রহ্মবিষ্ঠা নিজ জ্যেষ্ঠপুত্র অথবিকে উপদেশ করিলেন। অথবা পূর্বে অঙ্গিনামক মুনিকে তাহাই উপদেশ করিলেন। অঙ্গির, মুনি ভরদ্বাজ গোত্রের সত্যবাহ মুনিকে দেই-বিষ্ণাঃ প্রদান-করিলেনা, প্রতক্ষের পুত্র শৌনক, যিনি
বৃহৎ বিছালয়ের অধিষ্ঠাতা, অঙ্গিরা মুনির নিকট উপস্থিত ইইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন হে
ভগবন, কোন তত্ব বিশেষভাবে জ্ঞাত ইইলে এই সমন্ত বিজ্ঞেয়বস্তু বিশেষরূপে জ্ঞাত হওয়া যায়,
তাহা আমাকে উপদেশ করুন॥ পদ্মপুরাণ বলেন,— শ্রোত-পরম্পরা অবলম্বন না করিয়া যাহারা
উপাসনা করে, তাহাদের মন্ত্রাদি সকলই বিফল হয়। কলিযুগে পৃথিবী পাধনকারী চতুর্বিধ শুদ্ধ
শ্রেষ্ঠ সম্প্রদার থাকিবে স্বথা— ব্রহ্ম সম্প্রদায় ক্রন্ত সম্প্রদায়, শ্রীসম্প্রদায় এবং সনক সম্প্রদার এই
সম্প্রদায় চতুষ্ঠিরের আশ্রয় গ্রহণকরিয়াই সরুমার্থকে পাওয়া যায়। ইহার ভাষাকার বলদেক বিষ্ঠাণ
ভূষণ প্রস্তু শীকুফ হইতে শ্রীকৃফটেউছ্য পর্যান্ত পরিস্পরার কীর্তন করিয়াছেন। শ্রীটেউছ্যদেকের আশ্রম্ম
গ্রহণ করিয়া মুনাহার হরিভজন করিবেন, তাহারা দেবত্লভ ক্ষম্প্রেম পর্যান্ত লাভ করিবেন। [১২৯]

ওঁ হরিঃ।। পুরুষচেষ্টাইছদৃষ্টজনগ্রথ সাধবঃ সর্বাত্মনা সেব্যাঃ।। হরিঃ ওঁ।। ১৩০।।

ইতি সম্পত্তি প্রকরণং সম্পূর্ণম্। ইতি আশ্লায় সূত্রে প্রয়োজনতত্ত্বং সম্পূর্ণম্। শ্রীআশ্লায়সূত্রং সম্পূর্ণম্॥

বৃহদারণাকে। স্বায়ং পুরুষো জায়্মানঃ শ্রীর্মিভিস্পত্যমানঃ পাপা,াভিঃ সংস্কাতে স্
উৎক্রমেন মিয়্মানঃ পাপ্যনো বিজহাতি ॥ প্রের্মে বং হি লা পিজা যেহম্মাক্মরিত্বায়াওপ্ররং পারং
তারয়্মীতি ন্মান্থর প্রের্মি বিজহাতি ॥ পালেক আরাধনারাং সর্কেবাং বিশ্বোরারাধনং
পরং ব তথাং শ্রেরজরং দেবি তদীয়ানাং সমর্চনম্ ॥ ন শ্রামান্তবিম্ভেক্তরাক্তের ভাগকতা নরাঃ। সর্কিব্রুর্বিত্ব পূলা যে ন ভক্রা জনার্জনে ॥ মহংদেরা ছারামান্তবিম্ভেক্তরমোলারং যোবিতাং সঙ্গিসঙ্গুলা
কণার্জেনাপি তুলয়ে ন স্বর্গং নাপুনর্ভবম্ ভগবংসঙ্গিসঙ্গুল্ক মহানাং কিম্ভাশিরং । ভাগকতে, তর্লভো মানুষো দেহো দেহিনাং ক্রন্তাল্বর্কা তরাপি তুলভং মান্তোবিক্রপা করিবাং ভাগকতে, তর্লভো মানুষো দেহো দেহিনাং ক্রন্তাল্বর্কা তরাপি তুলভং মান্তোবিক্রপা নার্ক্স কর্নিয়াল্র ক্রনা লাক্র সাধ্সক্ত সর্বানালি ক্রন্তালি বিশ্বার্ক ক্রনা ত্রিরামানিক দেবাং নার্ক্স করিমালে ক্রনা ভালমা । ভাইরে সাধ্সক্ত কর্নভালক হৈঞা । এ ভক্ব তরিয়াযাবে, মহানক্র স্থা পাবে, নিজাই হৈচভ্যানগুল গাঞ্জালা চলিয়া, জন্ম যান্ধ প্রকারণে বৈর্মা। মালামুলা করি বেশ, ভজনের নাহি লেশ, ফিরি আমি লোক দেখাইয়া দ নাখালের ফ্রনা লালা,

দেখিতে স্থন্দর ভাল, ভাঙ্গিলে সে দেয় ফেলাইয়া।। চন্দন তরুর কাছে, যৃত বৃক্ষলতা আছে, আত্ম-সম করে বায়ু দিয়া। হেন সাধুসঙ্গ সার, নাই বলরাম ছার, ভবকুপে রহিলাম পড়িয়া।। ১৩০।।

> চৈত্ত্য দেবস্থ চতু:শতাব্দে নেত্রাধিকে ভক্তিবিনোদকেন। আমায়মালা প্রভুভক্ত কপ্তে গৌড়ে প্রদাতা হরিজন্মত্ত্রে।।

> > হরিং বদ হরিং বদ।। শ্রীকৃষ্ণচৈতত্যার্পণমস্ত।।

ওঁ হরি:।। শান্তি: শান্তি: শান্তি:।। হরি: ওঁ।।

পুরুষচেষ্টাই অদৃষ্টের জননী, স্তরাং সর্বপ্রকারে সাধু সেবাই কর্ত্তব্য।। ১৩০।।

বুহদারণ্যক বলেন,—এই সংসারবদ্ধ জীব পুন: পুন: জন্মমূত্য স্বীকার করিয়া পাপ কর্মে রত হইয়া থাকে. তাহার পাপ প্রশমনের চেষ্টা করা কর্ত্তব্য। প্রশোপনিষদে,—হে ব্রহ্মতত্ত্বোপদেশক সদ্গুরু, আপনিই আমাদের পিতা, যেহেতু আপনি অবিভাময় সংসারের পরপার আমাদের দেখাইয়া উদ্ধার করিলেন। এই পরম ঋষিগণকে ভক্তিভরে প্রণাম অর্পণ করিতেছি।। পদ্মপুরাণে-সমস্ত উপাসনার মধ্যে বিষ্ণুর উপাসনাই সর্বশ্রেষ্ঠ; হে দেবি, তাহা হইতেই শ্রেষ্ঠ উপাসনা তাঁহার প্রিয় ভক্তগণের। যেহেতু ভক্তগণের রূপা দ্বারাই ভগবান্ লভ্য হন।। ভগবানের ভক্তগণ যদি শূদ্ কুলে জন্মগ্রহণ করিয়া থাকেন, তথাপি তাহারা শূদ্র নহে। সমস্ত বর্ণের মধ্যে ভগবান্ জনাদিনের অভক্তগণ-সকলেই প্রকৃত শূদ্র ৷ মহতের সেবা সংসার মুক্তির নিশ্চয় দ্বার স্বরূপ, যথা স্ত্রীসঙ্গ এবং স্ত্রীসঙ্গিণের সঙ্গ নরকের প্রশস্ত দার। অর্থক্তণের সাধুসঙ্গও অত্যন্ত মঙ্গলপ্রদ। স্বর্গ, মোক্ষ ইত্যাদি ফলসকল এই অত্যল্প সাধুসঙ্গের নিকট তুলা হয় না। ভগবভক্তগণের সঙ্গপ্রাপ্ত হইলে মানবগণের অপ্রাপ্য আর কি থাকে ? ভাগবতে, -- দেহীদিগের পক্ষে ক্ষণভদুর মানুষদেহ হুর্লভ। কিন্তু বৈকুণ্ঠ-প্রিয় ব্যক্তির দর্শন তদপেকা স্তর্গভ।। শ্রীনারদ ভক্তিসূত্রে দৃষ্ট হয়,-- ভগবদ্ধকগণের প্রাকৃত জাতি, বিছা, রূপ, কুল, ধন, ক্রিয়া ইত্যাদিদ্বারা তাঁহাদের ভেদবিচার করিবার কোন প্রয়োজন নাই।। শ্রীমন্মহাপ্রভুর উপদেশে, — সর্বশাস্ত্র তারস্বরে সাধুসঙ্গের মহিমাই কীর্তন করে; সমস্ত শ্রেয়ের মূল হচ্ছে সাধুদঙ্গ। ভগবান্ সাধুদিগের এত্যন্ত ভালবাসেন বলিয়া সেই পরব্রহ্ম শ্রীকৃষ্ণই এই শ্রীকৃষ্ণচৈত্যরূপে অবতীর্ণ হইয়া নিজের আচরণদ্বারা প্রচার করেন যে সাধুসঙ্গই কেবল সর্বসিদ্ধিদায়ক, অতএব সর্বপ্রকার চেষ্টাদ্বারা সাধুসেবা কর্ত্তব্য। গ্রন্থান্তে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর শ্রীবলরাম দাসের কীর্তনের মাধ্যমে নিক্ষপটরূপে সাধুসঙ্গ করিবার শিক্ষা প্রদান করিতেছেন। [১৩০]

শ্রীচৈতগুদেবের আবির্ভাবের চারিশত হুই বংসরে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এই আয়ায় মালা রচনা করিয়া সমস্ত প্রভূভক্তদিগের কঠে সমর্পণ করিলেন। শ্রীচৈতগুদেবের ভক্তসকল যত্ন সহকারে এই প্রসাদী মালা নিত্যকাল কঠে ধারণ করুন।।

শ্রীকৃষ্ণতৈতত্ত্বত দ্রার্গণমস্ত।